(a) $\begin{bmatrix}0 & 1\\1 & 0\end{bmatrix}$ (b) $\begin{bmatrix}1 & 0\\0 & 1\end{bmatrix}$ (c) $\begin{bmatrix}1 & 1\\1 & 1\end{bmatrix}$ (d) $\begin{bmatrix}0 & 0\\0 & 0\end{bmatrix}$

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:

$A = \begin{bmatrix}51 & 26\\13 & 12\end{bmatrix}; B = \begin{bmatrix}12 & 13\\26 & 51\end{bmatrix}$ দুটি ম্যাট্রিক্স।

18. নিচের তথ্যগুলো লক্ষ কর:
(i) $(A + B)^T = A + B$ (ii) A হল B এর Transpose
(iii) $|A| = |B|$
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

19. $\begin{bmatrix}2 & 0 & -4\\3 & 0 & 0\\1 & 0 & -2\end{bmatrix}$ এর শূন্যঘাতির সূচক কত?
(a) 2 (b) 3 (c) 4 (d) 5

20. ω এককের একটি কাল্পনিক ঘনমূল এবং $A = \begin{bmatrix}\omega & 0\\0 & \omega\end{bmatrix}$ হলে, $A^{100} = ?$
(a) A (b) A^7 (c) A^{10} (d) সবগুলো

Educationblog24.com

21. $\begin{bmatrix}1 & 0\\-1 & 2\\2 & 0\end{bmatrix}+\begin{bmatrix}2 & 1\\0 & 1\\2 & -3\end{bmatrix}=\begin{bmatrix}x & 1\\-1 & z\\y & -3\end{bmatrix}$ হলে $(x, y, z) = ?$

(a) $(3, 3, 4)$ (b) $(3, 4, 3)$
(c) $(3, -3, 4)$ (d) $(1, -3, -1)$

22. নিচের কোনটি বিপ্রতিসম ম্যাট্রিক্স?

(a) $\begin{bmatrix}0 & b\\-b & 0\end{bmatrix}$ (b) $\begin{bmatrix}b & 0\\0 & -b\end{bmatrix}$
(c) $\begin{bmatrix}b & -b\\-b & 0\end{bmatrix}$ (d) $\begin{bmatrix}0 & -b\\-b & b\end{bmatrix}$

23. a এর কোন মানের জন্য $\begin{bmatrix}-3 & 0 & -1\\0 & 3 & a\\-1 & 4 & 0\end{bmatrix}$ ম্যাট্রিক্সটি প্রতিসম হবে?

(a) 4 (b) 0 (c) -1 (d) -4

24. $A=\begin{bmatrix}1\\2\\-3\end{bmatrix}, B=[3 \quad -2 \quad -1]$ এবং $C=\begin{bmatrix}1 & 0 & 3\\0 & 9 & 4\\5 & 0 & 1\end{bmatrix}$ হলে কোনটি নির্ণয়যোগ্য?

(a) AB (b) $B + A$ (c) $A - C$ (d) CB

25. $A=\begin{bmatrix}a & 2 & 5\\-2 & b & -3\\-5 & 3 & c\end{bmatrix}$ একটি বক্র প্রতিসম ম্যাট্রিক্স হলে, a, b, c এর মানগুলি–

(a) $-2, -5, 3$ (b) $0, 0, 0$
(c) $1, 1, 1$ (d) $2, 5, 3$

পূর্ণমান: ৫০ **CQ** সময়: ২:৩৫ ঘ

(যেকোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও)

01. $A=\begin{bmatrix}1+x & 2 & 3\\2 & 3+x & 1\\3 & 1 & 2+x\end{bmatrix}$ একটি ম্যাট্রিক্স।

(ক) বর্গ ম্যাট্রিক্স বলতে কী বোঝায়? 2
(খ) $x = 1$ হলে $A^2 - 2A - 3I$ এর মান নির্ণয় কর। 4
(গ) উদ্দীপকের উল্লিখিত ম্যাট্রিক্সটি ব্যতিক্রমী হলে x এর মানসমূহ নির্ণয় কর। 4

02. একটি দোকানে পর পর তিন দিনের পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিত বিষয়ে বই বিক্রয়ের হিসাব নিম্নরূপ:

দিন	পদার্থবিজ্ঞান	রসায়ন	গণিত
প্রথম দিন	x খানা	y খানা	z খানা
দ্বিতীয় দিন	x^2 খানা	y^2 খানা	z^2 খানা
তৃতীয় দিন	$(x^3 - 1)$ খানা	$(y^3 - 1)$ খানা	$(z^3 - 1)$ খানা

পদার্থবিজ্ঞান, রসায়ন ও গণিত বিষয়ের প্রতিখানা বই বিক্রয়ের লাভ যথাক্রমে 5 টাকা, 7 টাকা ও 4 টাকা। বিক্রয় ম্যাট্রিক্সকে A দ্বারা প্রকাশ করা হল।

(ক) $C=\begin{bmatrix}2 & 3\\0 & 4\end{bmatrix}$ হলে $C^2 - I$ নির্ণয় কর। 2
(খ) দেখাও যে, $\frac{|A|}{(xyz-1)} = (x-y)(y-z)(z-x)$ 4
(গ) যদি $x = 2, y = 5, z = 4$ হয় এবং যদি অপর একটি দোকান একই পরিমাণ বই বিক্রয় করে প্রতিখানা বই থেকে 2 টাকা করে বেশি লাভ করে, তবে ম্যাট্রিক্স এর সাহায্যে দুই দোকানে লাভের তুলনা কর। 4

03. $A=\begin{bmatrix}1 & 2 & -1\\3 & -1 & 3\\2 & 3 & 1\end{bmatrix}; B=\begin{bmatrix}5\\7\\11\end{bmatrix}; X=\begin{bmatrix}x\\y\\z\end{bmatrix}$ এবং $C = [1 \ 2 \ 3]$.

(ক) অভেদক ম্যাট্রিক্স এর সংজ্ঞা দাও। 2
(খ) প্রমাণ কর যে, $A(BC) = (AB)C$ 4
(গ) নির্ণায়কের সাহায্যে $AX = B$ সমীকরণ জোটের সমাধান নির্ণয় কর। 4

04. $A=\begin{bmatrix}1 & 2 & 3\\-2 & 5 & -1\\2 & 3 & 4\end{bmatrix}$ এবং $B=\begin{bmatrix}-1 & 5 & 3\\7 & -2 & 1\\2 & 0 & -3\end{bmatrix}$ দুটি 3×3 ক্রমের ম্যাট্রিক্স।

(ক) A^T ও B^T নির্ণয় কর।
(খ) AB ও $(AB)^T$ নির্ণয় কর।
(গ) প্রমাণ কর যে, $(AB)^T = B^T A^T$।

05. $A=\begin{bmatrix}1 & 0 & 1\\1 & 1 & 1\\0 & 1 & 1\end{bmatrix}, X=\begin{bmatrix}x\\y\\z\end{bmatrix}, R=\begin{bmatrix}4\\6\\5\end{bmatrix}$ এবং $f(x) = x^3 - 3x^2 + 2x$.

(ক) $\begin{bmatrix}1 & 7\\P & 4\end{bmatrix}$ প্রতিসম হলে P এর মান কত?
(খ) $AX = R$ সমীকরণটি ক্রেমারের নিয়মের সাহায্যে সমাধ কর।
(গ) $f(A) = I$ হলে সমীকরণটি হতে A^{-1} নির্ণয় কর।

06. $f(p, q, r)=\begin{bmatrix}p & p^2 & 1+p^3\\q & q^2 & 1+q^3\\r & r^2 & 1+r^3\end{bmatrix}$

(ক) দেখাও যে, $A=\begin{bmatrix}2 & -2 & -4\\-1 & 3 & 4\\1 & -2 & -3\end{bmatrix}$ একটি Idempo Matrix (সমঘাতি ম্যাট্রিক্স)।
(খ) $p = 1, q = 2, r = 3$ ও $B = f(p, q, r)$ হলে B^{-1} নি কর।
(গ) $p \neq q \neq r$ ও $|f(p, q, r)| = 0$ হলে দেখাও যে, $1 + pqr = 0$

Educationblog24.com

07. দুইটি নির্ণায়ক যথাক্রমে:

(i) $\begin{vmatrix} (b+c)^2 & a^2 & a^2 \\ b^2 & (c+a)^2 & b^2 \\ c^2 & c^2 & (a+b)^2 \end{vmatrix}$ এবং

(ii) $\begin{vmatrix} (a+b)^2 & ca & bc \\ ca & (b+c)^2 & ab \\ bc & ab & (c+a)^2 \end{vmatrix}$

(ক) প্রথম নির্ণায়ক থেকে $(a+b+c)^2$ উৎপাদক পৃথক কর। 2

(খ) দেখাও যে, প্রথম নির্ণায়কটির মান $2abc(a+b+c)^3$ 4

(গ) দ্বিতীয় নির্ণায়ক প্রথম নির্ণায়কে রূপান্তর কর। 4

08. $f(x) = \log x$; $g(x) = \cos(2x)$; $h(x) = \sin(x)$ এবং $a_{n+1} + a_{n-1} - 2a_n = 0$

(ক) $\begin{vmatrix} f(x) & f(y) & f(z) \\ f(2x) & f(2y) & f(2z) \\ f(3x) & f(3y) & f(3z) \end{vmatrix} = ?$ 2

(খ) প্রমাণ কর যে, $\begin{vmatrix} 1 & g(\alpha) & h(\alpha) \\ 1 & g(\beta) & h(\beta) \\ 1 & g(\gamma) & h(\gamma) \end{vmatrix} = 2\{h(\beta) - h(\gamma)\}\{h(\gamma) - h(\alpha)\}\{h(\alpha) - h(\beta)\}$ 4

(গ) $\begin{vmatrix} a_1 & a_2 & a_3 \\ a_4 & a_5 & a_6 \\ a_7 & a_8 & a_9 \end{vmatrix}$ কে বিস্তার কর। 4

MCQ উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

MCQ

01. a	02. b	03. b	04. c	05. d	06. d	07. b	08. b	09. b	10. c	11. a	12. a	13. b	14. b	15. d
16. d	17. a	18. b	19. b	20. d	21. b	22. a	23. a	24. a	25. b					

01. Trace হল মূখ্য কর্ণের উপাদানগুলোর যোগফল।

04. $AX = B \Rightarrow \begin{bmatrix} 5 & 2 \\ 3 & 4 \end{bmatrix}\begin{bmatrix} x \\ y \end{bmatrix} = \begin{bmatrix} 7 \\ 7 \end{bmatrix}$

$\Rightarrow \begin{bmatrix} 5x+2y \\ 3x+4y \end{bmatrix} = \begin{bmatrix} 7 \\ 7 \end{bmatrix} \therefore 5x+2y=7\ ;\ 3x+4y=7\ ; x=1$

$y=1 \therefore x+y=2$

05. $B^T = 3\times 2; A = 1\times 3 \therefore AB^T$ সম্ভব।

06. $A = \begin{bmatrix} -1 & 0 \\ 0 & 2 \end{bmatrix}; A^2 = \begin{bmatrix} -1 & 0 \\ 0 & 2 \end{bmatrix}\begin{bmatrix} -1 & 0 \\ 0 & 2 \end{bmatrix} = \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 4 \end{bmatrix}$

$A^3 = \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 4 \end{bmatrix}\begin{bmatrix} -1 & 0 \\ 0 & 2 \end{bmatrix} = \begin{bmatrix} -1 & 0 \\ 0 & 8 \end{bmatrix}$

$\therefore A^3 - A^2 = \begin{bmatrix} -1 & 0 \\ 0 & 8 \end{bmatrix} - \begin{bmatrix} 1 & 0 \\ 0 & 4 \end{bmatrix} = \begin{bmatrix} -2 & 0 \\ 0 & 4 \end{bmatrix} = 2\begin{bmatrix} -1 & 0 \\ 0 & 2 \end{bmatrix} = 2A$

07. $a=1$ হলে $A = \begin{bmatrix} 6 & 2 \\ 3 & 1 \end{bmatrix}; |A| = 6-6 = 0 \therefore$ ব্যতিক্রমী।

09. $\det(A) = 0 \therefore A^{-1}$ সংজ্ঞায়িত নয়। ; $A^T = -A$

10. $a=0$ হলে $|A| = 0$ হয়।

11. $\begin{vmatrix} 1 & 0 & 0 \\ x & x-a & b \\ x^2 & x^2-a^2 & b^2 \end{vmatrix} = 0 \Rightarrow b(x-a)\begin{vmatrix} 1 & 0 & 0 \\ x & 1 & 1 \\ x^2 & x+a & b \end{vmatrix} = 0$

$\Rightarrow b(x-a)(x-b+a) = 0 \Rightarrow x = a, b-a$

13. $A^2 = \begin{bmatrix} 4 & 3 \\ -4 & -3 \end{bmatrix}\begin{bmatrix} 4 & 3 \\ -4 & -3 \end{bmatrix} = \begin{bmatrix} 4 & 3 \\ -4 & -3 \end{bmatrix} = A \therefore$ সমঘাতি ম্যাট্রিক্স।

14. $|A| = 2$; $|A^2| = |A||A| = 4$

$2|A| = 4$; $|A^3| = 2^3 = 8$

16. $\begin{vmatrix} 1 & bc & bc(b+c) \\ 1 & ca & ca(c+a) \\ 1 & ab & ab(a+b) \end{vmatrix} = \frac{1}{abc}\begin{vmatrix} abc & bc & bc(b+c) \\ abc & ca & ca(c+a) \\ abc & ab & ab(a+b) \end{vmatrix}$

$= \frac{1}{abc}\begin{vmatrix} abc & bc & bc(a+b+c) \\ abc & ca & ca(a+b+c) \\ abc & ab & ab(a+b+c) \end{vmatrix} = (a+b+c)\begin{vmatrix} 1 & bc & bc \\ 1 & ca & ca \\ 1 & ab & ab \end{vmatrix} = 0$

17. $(AB)^{-1} = B^{-1}A^{-1} = \begin{bmatrix} 0 & 1 \\ 1 & 0 \end{bmatrix}\begin{bmatrix} 1 & 0 \\ 0 & 1 \end{bmatrix} = \begin{bmatrix} 0 & 1 \\ 1 & 0 \end{bmatrix}$

18. $(A+B)^T = \begin{bmatrix} 63 & 39 \\ 39 & 63 \end{bmatrix}^T = (A+B)\ ; B^T = \begin{bmatrix} 12 & 26 \\ 13 & 51 \end{bmatrix} \neq A$

$|A| = \begin{vmatrix} 51 & 26 \\ 13 & 12 \end{vmatrix} = 51\times 12 - 13\times 26 = \begin{vmatrix} 12 & 13 \\ 26 & 51 \end{vmatrix} = |B|$

19. $\begin{bmatrix} 2 & 0 & -4 \\ 3 & 0 & 0 \\ 1 & 0 & -2 \end{bmatrix}^3 = \begin{bmatrix} 0 & 0 & 0 \\ 0 & 0 & 0 \\ 0 & 0 & 0 \end{bmatrix} \therefore$ সূচক $= 3$

20. $A = \begin{bmatrix} \omega & 0 \\ 0 & \omega \end{bmatrix}$; $A^{100} = \begin{bmatrix} \omega^{100} & 0 \\ 0 & \omega^{100} \end{bmatrix} = \begin{bmatrix} \omega & 0 \\ 0 & \omega \end{bmatrix}$

অনুরূপভাবে, $A^7 = A^{10} = A = \begin{bmatrix} \omega & 0 \\ 0 & \omega \end{bmatrix}$

21. $\begin{bmatrix} 1 & 0 \\ -1 & 2 \\ 2 & 0 \end{bmatrix} + \begin{bmatrix} 2 & 1 \\ 0 & 1 \\ 2 & -3 \end{bmatrix} = \begin{bmatrix} 3 & 1 \\ -1 & 3 \\ 4 & -3 \end{bmatrix} \therefore x=3\ ; y=4\ ; z=3$

25. $\begin{bmatrix} a & 2 & 5 \\ -2 & b & -3 \\ -5 & 3 & c \end{bmatrix} = -\begin{bmatrix} a & -2 & -5 \\ 2 & b & 3 \\ 5 & -3 & c \end{bmatrix} = \begin{bmatrix} -a & 2 & 5 \\ -2 & -b & -3 \\ -5 & 3 & -c \end{bmatrix}$

$\therefore a = -a \therefore a = 0$; $b = -b \therefore b = 0$; $c = -c \therefore c = 0$

CQ

01. (খ) $\begin{vmatrix} 10 & 11 & 11 \\ 11 & 10 & 11 \\ 11 & 11 & 10 \end{vmatrix}$ (গ) $x = -6, \pm\sqrt{3}$

02. (ক) $\begin{bmatrix} 3 & 18 \\ 0 & 15 \end{bmatrix}$ (গ) 500 টাকা।

03. (গ) $x=2, y=2, z=1$

04. (ক) $A^T = \begin{bmatrix} 1 & -2 & 2 \\ 2 & 5 & 3 \\ 3 & -1 & 4 \end{bmatrix} \therefore B^T = \begin{bmatrix} -1 & 7 & 2 \\ 5 & -2 & 0 \\ 3 & 1 & -3 \end{bmatrix}$

(খ) $AB = \begin{bmatrix} 15 & 1 & -4 \\ 35 & -20 & 2 \\ 27 & 4 & -3 \end{bmatrix}$ $(AB)^T \begin{bmatrix} 19 & 35 & 27 \\ 1 & -20 & 4 \\ -4 & 2 & -3 \end{bmatrix}$

05. (ক) $P = 7$ (খ) $x=1, y=2, z=3$

(গ) $\begin{bmatrix} 0 & 1 & -1 \\ -1 & 1 & 0 \\ 1 & -1 & 1 \end{bmatrix}$

06. (খ) $\begin{bmatrix} \frac{31}{14} & \frac{-5}{7} & \frac{1}{14} \\ \frac{-29}{14} & \frac{11}{7} & \frac{-5}{14} \\ \frac{3}{7} & \frac{-4}{7} & \frac{1}{7} \end{bmatrix}$

07. (ক) $(a+b+c)^2 \begin{vmatrix} (b+c)^2 & a-b-c & a-b-c \\ b^2 & c+a-b & 0 \\ c^2 & 0 & a+b-c \end{vmatrix}$

08. (ক) 0 (গ) 0

Educationblog24.com

অধ্যায় ০৩ সরলরেখা

- সৃজনশীল (ক), (খ) ও (গ) নং প্রশ্নের জন্য এ অধ্যায়ের গুরুত্বপূর্ণ টাইপসমূহ:

গুরুত্ব	টাইপ	টাইপের নাম	যতবার প্রশ্ন এসেছে			যে বোর্ডে যে বছর এসেছে
			ক	খ	গ	CQ
✪✪✪	T-01	কার্তেসীয় ও পোলার স্থানাঙ্ক এবং সমীকরণ সংক্রান্ত	11	-	-	BB'23; Din.B'23, 22, 18; SB'22, 18, 17; DB 21, 19, 18; Ctg.B'21; JB'21, 19, 18, CB'21
✪✪	T-02	দুইটি বিন্দুর দূরত্ব সম্পর্কিত	4	-	-	SB'23; DB'21; Ctg.B'21; RB' 17
✪✪✪	T-03	বিভক্তিকরণ বিন্দু ও অনুপাত সংক্রান্ত	5	-	-	JB'23; CB'22; MB'21; RB'19; BB'17
✪✪✪	T-04	ক্ষেত্রফল সংক্রান্ত	2	4	1	Din.B'22, 21; CB'21; DB'19; JB'19, 17; Ctg.B'17
✪✪	T-05	সঞ্চারপথের সমীকরণ সংক্রান্ত	3	-	-	Ctg.B'22; JB'22; CB'21
✪✪	T-06	ঢাল সংক্রান্ত	4	-	-	Din.B'23, 21; DB'22; RB'21
✪✪✪	T-07	বিভিন্ন ধরনের সরলরেখার সমীকরণ সংক্রান্ত	4	11	8	DB'23, 22, 21, 18; BB'23, 22, 19, JB'23; Din.B'23, 22, 18; RB'22; CB'22, 21; MB'22 21; SB'19, 18
✪✪✪	T-08	সমান্তরাল ও লম্ব হবার শর্ত এবং সমীকরণ নির্ণয়	8	21	7	RB'23, 22, 21, 19, 17; Ctg.B'23, 17; CB'23, 17; MB'23, 22, 21; SB'22, 21, 17; BB'22; JB'22, 21; Din.B'22, 21; DB'21
✪✪	T-09	বহিঃস্থ বিন্দু হতে সরলরেখার লম্ব দূরত্ব নির্ণয় সংক্রান্ত	-	3	2	DB'23, 22, 17; CB'22; BB'17
✪✪✪	T-10	দুইটি সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যবর্তী লম্ব দূরত্ব নির্ণয় সংক্রান্ত	3	4	2	Ctg.B'23, 17; SB'23, 18; RB'22, 21; JB'21, 18; CB'21; BB'19; DB'18; Din.B'18
✪✪	T-11	ত্রিভুজের বিভিন্ন ধরনের কেন্দ্র নির্ণয় সংক্রান্ত	2	2	5	BB'23, 22, 21; Ctg.B'21; JB'21, 17; RB'19
✪✪✪	T-12	দুইটি রেখার অন্তর্ভুক্ত কোণ নির্ণয় সংক্রান্ত	1	5	12	DB'23; RB'23; JB'23, 22, 21; Din.B'22, 21, 19; Ctg.B'21; SB'21; BB'21, 17; CB'21; MB'21
✪✪✪	T-13	কোণের সমদ্বিখণ্ডকদ্বয়ের সমীকরণ এবং কোণের সাপেক্ষে বিভিন্ন বিন্দুর অবস্থান সংক্রান্ত	-	6	17	JB'23, 17; CB'23, 22, 19; Din.B'23, 21; MB'23, 21; Ctg.B'22, 21, 19; SB'22, 21; DB'19, 17
✪	T-14	বিবিধ	1	-	1	Ctg.B'23; SB'23

Educationblog24.com

CQ প্রশ্ন ও সমাধান (ক, খ ও গ)

T-01: কার্তেসীয় ও পোলার স্থানাঙ্ক এবং সমীকরণ সংক্রান্ত

Concept

- কার্তেসীয় স্থানাঙ্ক (x, y) এর পোলার রূপ (r, θ) যেখানে, $r = \sqrt{x^2 + y^2}$
  স্থানাঙ্কটি 1st Quadrant এর হলে, $\theta = \tan^{-1}\frac{y}{x}$
  স্থানাঙ্কটি 2nd Quadrant এর হলে, $\theta = \pi - \tan^{-1}\frac{|y|}{|x|}$
  স্থানাঙ্কটি 3rd Quadrant এর হলে, $\theta = -\pi + \tan^{-1}\frac{|y|}{|x|}$; [ঋণাত্মক কোণ] অথবা $\theta = \pi + \tan^{-1}\left|\frac{y}{x}\right|$ [ধনাত্মক কোণ]
  স্থানাঙ্কটি 4th Quadrant এর হলে, $\theta = -\tan^{-1}\frac{|y|}{|x|}$; [ঋণাত্মক কোণ] অথবা $\theta = 2\pi - \tan^{-1}\left|\frac{y}{x}\right|$ [ধনাত্মক কোণ]
- (r, θ) পোলার স্থানাঙ্কের কার্তেসীয় রূপ (x, y) হলে, $x = r\cos\theta$ এবং $y = r\sin\theta$

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01. (ক) $(-1, -1)$ বিন্দুটির পোলার স্থানাঙ্ক নির্ণয় কর। [BB'23]

(ক) **Sol^n:** $(-1, -1)$ বিন্দুটির পোলার স্থানাঙ্ক

$r = \sqrt{(-1)^2 + (-1)^2} = \sqrt{2}$, বিন্দুটি ৩য় চতুর্ভাগে অবস্থিত।

$\therefore \alpha = -\pi + \tan^{-1}\left|\frac{y}{x}\right|$

$= -\pi + \tan^{-1}\left|\frac{-1}{-1}\right|$

$= -\pi + \frac{\pi}{4} = -\frac{3\pi}{4}$

$\therefore$ বিন্দুটির পোলার স্থানাঙ্ক $(r, \alpha) = \left(\sqrt{2}, -\frac{3\pi}{4}\right)$ **(Ans.)**

02. (ক) $x^2 + y^2 - 4y = 0$ সমীকরণকে পোলার সমীকরণে প্রকাশ কর। [Din.B'23]

(ক) **Sol^n:** পোলার সমীকরণে, $r = \sqrt{x^2 + y^2}, x = r\cos\theta$

এবং $y = r\sin\theta$

এখন, $x^2 + y^2 - 4y = 0 \Rightarrow \left(\sqrt{x^2 + y^2}\right)^2 - 4y = 0$

$\Rightarrow (r)^2 - 4 \cdot r \cdot \sin\theta = 0 \Rightarrow r^2 - 4r\sin\theta = 0$

$\therefore r - 4\sin\theta = 0$ **(Ans.)**

03. $L = (4, 3)$ [MB'23]

(ক) L বিন্দুর পোলার স্থানাঙ্ক নির্ণয় কর।

(ক) **Sol^n:** L(4, 3) বিন্দুটি প্রথম চতুর্ভাগে অবস্থিত।

$\therefore r = \sqrt{4^2 + 3^2} = 5$

এবং $\theta = \tan^{-1}\left|\frac{3}{4}\right| = \tan^{-1}\frac{3}{4}$

$\therefore$ L বিন্দুর পোলার স্থানাঙ্ক $\left(5, \tan^{-1}\frac{3}{4}\right)$ **(Ans.)**

04. (ক) $(-4, -4)$ কার্তেসীয় স্থানাঙ্ককে পোলার স্থানাঙ্কে রূপান্তর কর। [CB'21; DB, SB, JB, Din.B'18]

(ক) **Sol^n:** $r = \sqrt{(-4)^2 + (-4)^2} = 4\sqrt{2}$

$\theta = -\left\{\pi - \tan^{-1}\left(\frac{4}{4}\right)\right\} = -\frac{3\pi}{4}$

$\therefore$ পোলার স্থানাঙ্ক $\left(4\sqrt{2}, -\frac{3\pi}{4}\right)$ **(Ans.)**

05. (ক) $(-1, \sqrt{3})$ এর পোলার স্থানাঙ্ক নির্ণয় কর। [JB'19]

(ক) **Sol^n:** $r = \sqrt{(-1)^2 + \left(\sqrt{3}\right)^2} = 2$

$\theta = \pi - \tan^{-1}\left|\frac{\sqrt{3}}{-1}\right| = \pi - \frac{\pi}{3} = \frac{2\pi}{3}$

$\therefore$ পোলার স্থানাঙ্ক $\left(2, \frac{2\pi}{3}\right)$ **(Ans.)**

নিজে করো

06. (ক) $x^2 + y^2 - 3y = 0$ কে পোলার সমীকরণে প্রকাশ কর। [SB'22] [Ans: $r - 3\sin\theta = 0$]

07. (ক) $(5, -5)$ বিন্দুর পোলার স্থানাঙ্ক নির্ণয় কর। [Din.B'22] [Ans: $5\sqrt{2}, \frac{\pi}{4}$]

08. (ক) $\left(-\sqrt{3}, -1\right)$ বিন্দুর পোলার স্থানাঙ্ক নির্ণয় কর। [DB, Ctg.B'21] [Ans: $\left(2, -\frac{5\pi}{6}\right)$]

09. (ক) $(-3, -3)$ বিন্দুর পোলার স্থানাঙ্ক নির্ণয় কর। [JB'21] [Ans: $\left(3\sqrt{2}, -\frac{3\pi}{4}\right)$]

10. 

[DB'19]

(ক) P বিন্দুর পোলার-স্থানাঙ্ক নির্ণয় কর। [Ans: $\left(2\sqrt{3}, \frac{\pi}{6}\right)$]

11. (ক) $(-2, -\sqrt{2})$ বিন্দুর পোলার স্থানাঙ্ক নির্ণয় কর। [SB'17]

[Ans: $\left(\sqrt{6}, -\pi + \tan^{-1}\frac{1}{\sqrt{2}}\right)$]

T-02: দুইটি বিন্দুর দূরত্ব সম্পর্কিত

Concept

(i) x-অক্ষ হতে P(x, y) বিন্দুর লম্ব দূরত্ব = |y| একক

(ii) y-অক্ষ হতে P(x, y) বিন্দুর লম্ব দূরত্ব = |x| একক

(iii) যদি (x_1, y_1) এবং (x_2, y_2) দ্বিমাত্রিক কার্তেসীয় স্থানাঙ্ক ব্যবস্থায় দুইটি বিন্দু হয়, তাহলে বিন্দুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব, $d = \sqrt{(x_1 - x_2)^2 + (y_1 - y_2)^2}$ বা, $\sqrt{(x_2 - x_1)^2 + (y_2 - y_1)^2}$ একক।

(iv) যদি (r_1, θ_1) এবং (r_2, θ_2) দ্বিমাত্রিক পোলার স্থানাঙ্ক ব্যবস্থায় দুইটি বিন্দু হয় তাহলে বিন্দুদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব, $d = \sqrt{r_1^2 + r_2^2 - 2r_1r_2\cos(\theta_1 \sim \theta_2)}$ একক। [Note: ~ চিহ্ন পার্থক্য নির্দেশ করে।]

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01. (ক) x- অক্ষ এবং (5, 4) বিন্দু হতে (1, t) বিন্দুর দূরত্ব সমান হলে t এর মান নির্ণয় কর। [SB'23]

(ক) **Sol^n:** x-অক্ষ হতে (1, t) বিন্দুর দূরত্ব = t

(5, 4) বিন্দু হতে (1, t) বিন্দুর দূরত্ব

$= \sqrt{(5-1)^2 + (4-t)^2} = \sqrt{16 + (4-t)^2}$

প্রশ্নমতে, $\sqrt{16 + (4-t)^2} = t$

$\Rightarrow 16 + 16 + t^2 - 8t = t^2 \Rightarrow 8t = 32 \therefore t = 4$ (Ans.)

02. (ক) y-অক্ষ ও (2, 2) বিন্দু থেকে (a, 5) বিন্দুটির দূরত্ব সমান হলে, a এর মান নির্ণয় কর। [DB'21]

(ক) **Sol^n:** y-অক্ষ থেকে (a, 5) বিন্দুর দূরত্ব a একক।

$\therefore \sqrt{(a-2)^2 + (5-2)^2} = a$

$\Rightarrow a^2 - 4a + 4 + 9 = a^2$ [বর্গ করে]

$\Rightarrow -4a + 4 + 9 = 0 \Rightarrow a = \frac{13}{4}$ (Ans.)

03. (ক) (3, 4) এবং (−1, 1) বিন্দুর দূরত্ব নির্ণয় কর। [Ctg.B'2

(ক) **Sol^n:** (3, 4) ও (−1, 1) বিন্দুর দূরত্ব

$D = \sqrt{\{3-(-1)\}^2 + (4-1)^2}$

$= \sqrt{3^2 + 4^2} = \sqrt{25} = 5$ একক (Ans.)

নিজে করো

04. (ক) y-অক্ষ এবং (k, 4) বিন্দু থেকে A (2, 4) বিন্দুর দূরত্ব সমান হলে k এর মান নির্ণয় কর। [RB'17] [Ans: 0,

T-03: বিভক্তিকরণ বিন্দু ও অনুপাত সংক্রান্ত

Concept

◆ অন্তর্বিভক্ত:

(i) (x_1, y_1) ও (x_2, y_2) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে (x, y) বিন্দুটি $m_1 : m_2$ অনুপাতে অন্তর্বিভক্ত করলে,

$x = \frac{m_1x_2 + m_2x_1}{m_1 + m_2}$; $y = \frac{m_1y_2 + m_2y_1}{m_1 + m_2}$

(ii) (x_1, y_1) ও (x_2, y_2) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে (x, y) বিন্দুটি k : 1 অনুপাতে অন্তর্বিভক্ত করলে,

$x = \frac{kx_2 + x_1}{k+1}$; $y = \frac{ky_2 + y_1}{k+1}$

(iii) (x_1, y_1) ও (x_2, y_2) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশের মধ্যবিন্দু (x, y) হলে, $x = \frac{x_1 + x_2}{2}$; $y = \frac{y_1 + y_2}{2}$

◆ বহির্বিভক্তি:

(i) (x_1, y_1) ও (x_2, y_2) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে (x, y) বিন্দুটি $m_1 : m_2$ অনুপাতে বহির্বিভক্ত করলে,

$x = \frac{m_1x_2 - m_2x_1}{m_1 - m_2}$; $y = \frac{m_1y_2 - m_2y_1}{m_1 - m_2}$

(ii) (x_1, y_1) ও (x_2, y_2) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে (x, y) বিন্দুটি k : 1 অনুপাতে বহির্বিভক্ত করলে, $x = \frac{kx_2 - x_1}{k-1}$; $y = \frac{ky_2 - y_1}{k-1}$

Educationblog24.com

Shortcut: $A(x_1, y_1)$ এবং $B(x_2, y_2)$ এর সংযোগ সরলরেখাকে-

(i) $ax + by + c = 0$ সরলরেখাটি যদি $m_1 : m_2$ অনুপাতে বিভক্ত করে তাহলে, $\frac{m_1}{m_2} = \frac{ax_1+by_1+c}{ax_2+by_2+c}$

(ii) x-অক্ষ [$y = 0$ রেখা] যদি $m_1 : m_2$ অনুপাতে বিভক্ত করে তাহলে, $\frac{m_1}{m_2} = \frac{y_1}{y_2}$ [কোটিদ্বয়ের অনুপাত]

(iii) y-অক্ষ [$x = 0$ রেখা] যদি $m_1 : m_2$ অনুপাতে বিভক্ত করে তাহলে, $\frac{m_1}{m_2} = \frac{x_1}{x_2}$ [ভুজদ্বয়ের অনুপাত]

Note: অনুপাতে (+ ve) হলে বহির্বিভক্তি এবং অনুপাত (−ve) হলে অন্তর্বিভক্তি নির্দেশ করে।

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01.



[JB'23]

(ক) AB সরলরেখার অক্ষদ্বয়ের মধ্যবর্তী খণ্ডিতাংশের ত্রিখণ্ডক বিন্দু নির্ণয় কর।

(ক) **Sol^n:** ধরি, P ও Q বিন্দুদ্বয়



AB রেখাংশকে ত্রিখণ্ডিত করে। এখানে P বিন্দুটি AB কে 1:2 অনুপাতে অন্তর্বিভক্ত করে।

$\therefore$ P বিন্দুর স্থানাঙ্ক $= \left(\frac{1\times0+2\times5}{1+2}, \frac{1\times7+2\times0}{1+2}\right) = \left(\frac{10}{3}, \frac{7}{3}\right)$

আবার, Q বিন্দুটি AB রেখাকে 2:1 অনুপাতে অন্তর্বিভক্ত করে।

Q বিন্দুর স্থানাঙ্ক $= \left(\frac{2\times0+1\times5}{2+1}, \frac{2\times7+1\times0}{2+1}\right) = \left(\frac{5}{3}, \frac{14}{3}\right)$ **(Ans.)**

02.



[CB'22]

(ক) AM রেখাটি x- অক্ষ দ্বারা যে অনুপাতে অন্তর্বিভক্ত হয়, তা নির্ণয় কর।

(ক) **Sol^n:** দেওয়া আছে, $A(-2,-6)$ ও $M(4,3)$

মনে করি, AM রেখাটি x-অক্ষ দ্বারা k: 1 অনুপাতে অন্তর্বিভক্ত হয়।

প্রশ্নমতে, $\frac{3k-6}{k+1} = 0 \Rightarrow 3k = 6 \therefore k = 2$

$\therefore$ (2: 1) অনুপাতে অন্তর্বিভক্ত হয়। **(Ans.)**

03. (ক) $(-2, 3)$ ও $(1, 2)$ বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে 3: 2 অনুপাতে বহির্বিভক্তকারী বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর। [MB'21]

(ক) **Sol^n:** নির্ণেয় বিন্দুর স্থানাঙ্ক $(x, y) \equiv \left(\frac{3\times1-2(-2)}{3-2}, \frac{3\times2-2\times3}{3-2}\right)$

$\equiv (7,0)$ **(Ans.)**

04. একটি সরলরেখার সমীকরণ $4x - 3y + c = 0$ এর উপর দুটি বিন্দু P(4, 3) এবং Q(−8, −5)। [RB'19]

(ক) PQ রেখাকে x-অক্ষ যে অনুপাতে বিভক্ত করে তা বের কর।

(ক) **Sol^n:** ধরি, L হলো নির্ণেয় বিন্দু



যা x - অক্ষের উপর অবস্থিত, যা m: n অনুপাত বিভক্ত করেছে।

$\therefore \frac{-5m+3n}{m+n} = 0$; $5m = 3n \Rightarrow \frac{m}{n} = \frac{3}{5}$

[x-অক্ষের উপর কোনো বিন্দুর কোটি 0]

$\therefore$ PQ রেখাকে x অক্ষ 3: 5 অনুপাতে অন্তর্বিভক্ত করে।

বিকল্প:



05. (ক) (1, 2) এবং (3, 6) বিন্দুদ্বয়ের সংযোজক রেখাকে যে বিন্দু 2:3 অনুপাতে অন্তর্বিভক্ত করে তার স্থানাঙ্ক নির্ণয় কর। [BB'17]

(ক) **Sol^n:** ধরি, $A \equiv (1,2), B \equiv (3,6)$

ধরি, $D(x, y)$ বিন্দু AB কে 2: 3 অনুপাতে অন্তর্বিভক্ত করেছে।

$\therefore x = \frac{2\cdot3+3\cdot1}{2+3} = \frac{6+3}{5} = \frac{9}{5}$ এবং

$y = \frac{2\cdot6+3\cdot2}{2+3} = \frac{12+6}{5} = \frac{18}{5}$ $\therefore$ নির্ণেয় বিন্দু $\left(\frac{9}{5}, \frac{18}{5}\right)$ **(Ans.)**

Educationblog24.com

06.



[আদমজী ক্যান্টনমেন্ট কলেজ]

AB রেখার সমীকরণ $4x - 3y + 12 = 0$ এবং AB|| CD

(ক) AB রেখাংশ যে বিন্দুতে 2 : 1 অনুপাতে অন্তর্বিভক্ত হয় তার স্থানাঙ্ক নির্ণয় কর।

(ক) **Sol^n:** দেওয়া আছে, AB রেখার সমীকরণ,

$4x - 3y + 12 = 0 \Rightarrow 4x - 3y = -12 \Rightarrow \frac{x}{-3} + \frac{y}{4} = 1$

$\therefore A \equiv (-3, 0)$ এবং $B \equiv (0, 4)$

ধরি, (x, y) বিন্দুটি AB কে 2 : 1 অনুপাতে অন্তর্বিভক্ত করে।

$\therefore x = \frac{-3+0}{2+1} = -1$ এবং $y = \frac{0+4\times2}{3} = \frac{8}{3}$

$\therefore$ নির্ণেয় বিন্দু $\equiv \left(-1, \frac{8}{3}\right)$ **(Ans.)**

07. (ক) দেখাও যে, $(2, -2)$ এবং $(-1, 4)$ বিন্দুদ্বয়ের সংযোজক রেখা অক্ষদ্বয় দ্বারা সমত্রিখণ্ডিত।

[সেন্ট যোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা]

(ক) **Sol^n:** প্রদত্ত বিন্দু দুটি হলো $(2, -2)$ এবং $(-1, 4)$

ধরি, y-অক্ষ বিন্দু দুটির সংযোজক রেখাকে $k : 1$ অনুপাতে অন্তর্বিভক্ত করে।

$\therefore 0 = \frac{2-k}{k+1} \Rightarrow k = 2$

$\therefore$ y-অক্ষ বিন্দু দুটির সংযোজক রেখাকে 2 : 1 অনুপাতে অন্তর্বিভক্ত করে।

আবার, ধরি x-অক্ষ বিন্দু দুটির সংযোজক রেখাকে q : 1 অনুপাতে অন্তর্বিভক্ত করে।

$\therefore 0 = \frac{-2+4q}{q+1} \Rightarrow q = \frac{1}{2}$

$\therefore$ x-অক্ষ বিন্দু দুটির সংযোজক রেখাকে 1 : 2 অনুপাতে অন্তর্বিভক্ত করে।

অতএব, $(2, -2)$ এবং $(-1, 4)$ বিন্দুদ্বয়ের সংযোজক রেখা অক্ষদ্বয় দ্বারা সমত্রিখণ্ডিত হয়। **(Showed)**

T-04: ক্ষেত্রফল সংক্রান্ত

Concept

(i) ত্রিভুজের ক্ষেত্রফল:

$\Delta ABC = \frac{1}{2}[x_1(y_2 - y_3) + x_2(y_3 - y_1) + x_3(y_1 - y_2)]$ বর্গ একক

$= \frac{1}{2}\begin{vmatrix} x_1 & y_1 & 1 \\ x_2 & y_2 & 1 \\ x_3 & y_3 & 1 \end{vmatrix} = \frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_2 & x_3 \\ y_1 & y_2 & y_3 \\ 1 & 1 & 1 \end{vmatrix}$ বর্গ একক



$= \frac{1}{2}$ x_1 x_2 x_3 x_1
y_1 y_2 y_3 y_1
(−) (−) (−) (+) (+) (+)

(ii) চতুর্ভুজের ক্ষেত্রফল:



চতুর্ভুজ ABCD $= \frac{1}{2}$ x_1 x_2 x_3 x_4 x_1
y_1 y_2 y_3 y_4 y_1
(−) (−) (−) (+) (+) (+) (+)

$= \frac{1}{2}[x_1y_2 + x_2y_3 + x_3y_4 + x_4y_1 - x_2y_1 - x_3y_2 - x_4y_3 - x_1y_4]$

Educationblog24.com

(iii) ▪ বহুবিশিষ্ট বহুভুজের ক্ষেত্রফল:

মনে করি, বহু বিশিষ্ট বহুভুজের প্রান্ত বিন্দুগুলো যথাক্রমে $A_1(x_1, y_1)$, $A_2(x_2, y_2)$, $A_3(x_3, y_3)$, ... $A_n(x_n, y_n)$ হলে,

$$\text{বহুভুজীয় ক্ষেত্রফল} = \frac{1}{2}\begin{vmatrix} x_1 & x_2 & x_3 & \cdots & \cdots & x_n & x_1 \\ y_1 & y_2 & y_3 & \cdots & \cdots & y_n & y_1 \end{vmatrix}$$

(−) (+)

প্রথম বিন্দু, দ্বিতীয় বিন্দু, তৃতীয় বিন্দু, n-তম বিন্দু, প্রথম বিন্দু

সতর্কতা: এক্ষেত্রে খেয়াল রাখতে হবে যেন, $A_1(x_1, y_1)$ ..... $A_n(x_n, y_n)$ বিন্দুগুলো ঘড়ির কাঁটার বিপরীত ক্রমে থাকে। প্রয়োজনে চিত্র এঁকে নিশ্চিত হতে হবে।

অর্থাৎ,



এভাবে বিন্দু নির্বাচন করতে হবে

ভুল পদ্ধতি

ক্রম ঠিক রেখে ঘড়ির কাঁটার দিকে না বিপরীতদিকে এই ঝামেলা এড়ানোর জন্য মডুলাস (| |) ব্যবহার করা যেতে পারে।

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01



[Din.B'22]

চিত্রে OA = 4, OB = 2 এবং OC = 3

(খ) AP = PQ = QB হলে ΔOPQ এর ক্ষেত্রফল নির্ণয় কর।

(খ) **Sol":** দেওয়া আছে, OA = 4, OB = 2, OC = 3

এবং AP = PQ = QB

O বিন্দুর স্থানাঙ্ক (0,0) ; A বিন্দুর স্থানাঙ্ক (4, 0)

B বিন্দুর স্থানাঙ্ক (0, −2) ; C বিন্দুর স্থানাঙ্ক (0, 3)

চিত্র হতে পাই,



BA রেখাংশকে Q বিন্দু 1:2 এবং P বিন্দু 2:1 অনুপাত অন্তর্বিভক্ত করে।

∴ Q বিন্দুর স্থানাঙ্ক $= \left(\frac{1\times4+2\times0}{1+2}, \frac{1\times0+2\times(-2)}{1+2}\right) = \left(\frac{4}{3}, \frac{-4}{3}\right)$

∴ P বিন্দুর স্থানাঙ্ক $= \left(\frac{2\times4+1\times0}{1+2}, \frac{2\times0+1\times(-2)}{1+2}\right) = \left(\frac{8}{3}, \frac{-2}{3}\right)$

∴ ΔOPQ এর ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} 0 & 0 & 1 \\ \frac{4}{3} & -\frac{4}{3} & 1 \\ \frac{8}{3} & -\frac{2}{3} & 1 \end{vmatrix}$

$= \frac{1}{2}\left(\frac{-8}{9} + \frac{32}{9}\right) = \frac{24}{18} = \frac{4}{3}$ বর্গ একক।

∴ ΔOPQ এর ক্ষেত্রফল $\frac{4}{3}$ বর্গ একক। **(Ans.)**

02.

উদ্দীপক ১:



[CB'21]

(খ) উদ্দীপক-১ এর প্রদর্শিত ABC ত্রিভুজের ক্ষেত্রফলের সাহায্যে A বিন্দু হতে BC এর উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য নির্ণয় কর।

(খ) **Sol":** ΔABC এর ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} -3 & 9 & 1 \\ -3 & -2 & 1 \\ 5 & -8 & 1 \end{vmatrix}$

$= \frac{1}{2}|-3(-2+8) - 9(-3-5) + 1(24+10)|$

$= \frac{1}{2}(88)$ বর্গ একক $= 44$ বর্গ একক

শর্তমতে, $\frac{1}{2} \times \sqrt{(-3-5)^2 + (8-2)^2} \times h = 44$

$\Rightarrow \frac{1}{2} \times 10 \times h = 44 \Rightarrow h = \frac{44}{5}$ একক **(Ans.)**

03.



[Din.B'21]

(ক) ΔABE এর ক্ষেত্রফল নির্ণয় কর।

(ক) **Sol^n:** ΔABC এর ক্ষেত্রফল $= \frac{1}{2} \times BE \times OA$

$= \frac{1}{2} \times 10 \times 10 = 50$ বর্গ একক **(Ans.)**

04.



[DB'19]

(খ) $AQ : QB = 2 : 3$ হলে, ΔPQB এর ক্ষেত্রফল নির্ণয় কর।

(খ) **Sol^n:** ধরি, Q বিন্দুর স্থানাঙ্ক (x, y)



$\frac{AQ}{BQ} = \frac{2}{3}$

$\therefore$ Q এর স্থানাঙ্ক $\equiv \left(\frac{2\times0+3\times3}{2+3}, \frac{2\times2+3\times0}{2+3}\right) \equiv \left(\frac{9}{5}, \frac{4}{5}\right)$

এখন, ΔPQB এ, $P(3, \sqrt{3})$; $Q\left(\frac{9}{5}, \frac{4}{5}\right)$ ও $B(0, 2)$

$\therefore \Delta PQB$ এর ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} 3 & \sqrt{3} & 1 \\ \frac{9}{5} & \frac{4}{5} & 1 \\ 0 & 2 & 1 \end{vmatrix}$ বর্গ একক।

$= \frac{1}{2}\left|3\left(\frac{4}{5}-2\right) - \sqrt{3}\left(\frac{9}{5}\right) + 1\left(\frac{9}{5}\times 2\right)\right|$ বর্গ একক।

$= \frac{1}{2}\left|-\frac{9\sqrt{3}}{5}\right|$ বর্গ একক। $= \frac{9\sqrt{3}}{10}$ বর্গ একক। **(Ans.)**



05.



[JB'1

(খ) AB রেখার সমত্রিখণ্ডক বিন্দুদ্বয়ের সাথে মূলবিন্দু ত্রিভুজ উৎপন্ন করে তার ক্ষেত্রফল নির্ণয় কর।

(খ) **Sol^n:**



C ও D বিন্দু AB রেখাকে সমত্রিখণ্ডিত করে।

অর্থাৎ, C বিন্দু AB কে 1: 2 অনুপাতে অন্তর্বিভক্ত করে।

$x = \frac{1\cdot0+2(-4)}{1+2} = -\frac{8}{3}$ এবং $y = \frac{1\cdot3+2\cdot0}{1+2} = 1$

$\therefore$ C বিন্দু $\left(-\frac{8}{3}, 1\right)$; D, BC রেখার মধ্যবিন্দু

$\therefore$ D বিন্দুটি হল $\left(\frac{-\frac{8}{3}+0}{2}, \frac{1+3}{2}\right)$ বা, $\left(-\frac{4}{3}, 2\right)$

$\therefore$ সমত্রিখণ্ডক বিন্দুদ্বয় $\left(-\frac{4}{3}, 2\right)$ ও $\left(-\frac{8}{3}, 1\right)$

$\therefore$ ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} -\frac{4}{3} & 2 & 1 \\ -\frac{8}{3} & 1 & 1 \\ 0 & 0 & 1 \end{vmatrix} = \frac{1}{2}\begin{vmatrix} -\frac{4}{3} & 2 \\ -\frac{8}{3} & 1 \end{vmatrix}$

$= \frac{1}{2} \times 4 = 2$ বর্গ একক **(Ans.)**

06.



[JB'

চিত্রে: G, ΔABCএর ভরকেন্দ্র; D, BC এর মধ্যবিন্দু, EB⊥BC

(ক) ΔABC এর ক্ষেত্রফল নির্ণয় কর।

(ক) **Sol^n:** Δ ABC এর ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} 3 & 2 & 6 & 3 \\ 5 & 1 & 3 & 5 \end{vmatrix}$

$= \frac{1}{2}|3 + 6 + 30 - 9 - 6 - 10|$ বর্গ একক

$= \frac{1}{2} \times |14|$ বর্গ একক $= 7$ বর্গ একক **(Ans.)**

নিজে করো

07. দৃশ্যকল্প:



[Ctg.B'

(গ) দৃশ্যকল্পের মূলবিন্দু ও AB রেখাংশের সমত্রিখণ্ডন বিন্দুদ্বয় যে ত্রিভুজ গঠন করে তার ক্ষেত্রফল নির্ণয় কর। [Ans

Educationblog24.com

T-05: সঞ্চারপথের সমীকরণ সংক্রান্ত

Concept

প্রশ্নে প্রদত্ত শর্তসমূহ ব্যবহার করে একটি সেটের সকল P(x, y) বিন্দুর জন্য x ও y এর মধ্যে সাধারণ সম্পর্ক বের করতে হবে। x ও y সম্বলিত এই সমীকরণটিই হবে সঞ্চারপথ।

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01. (ক) $(3, -11)$ বিন্দু থেকে সর্বদা 5 একক দূরত্বে অবস্থিত কোনো চলমান বিন্দুর সঞ্চারপথের সমীকরণ নির্ণয় কর। [Ctg.B'22]

(ক) **Sol^n:** মনে করি, বিন্দুটি (x, y)

প্রশ্নমতে, $\sqrt{(3-x)^2 + (-11-y)^2} = 5$

$\Rightarrow (x-3)^2 + (y+11)^2 = 5^2$

$\Rightarrow x^2 - 6x + 9 + y^2 + 22y + 121 = 25$

$\therefore x^2 + y^2 - 6x + 22y + 105 = 0$ **(Ans.)**

02. $x\cos\alpha + y\sin\alpha = p \ldots\ldots\ldots (ii)$ [সেন্ট যোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢাকা]

(গ) যদি সমীকরণ (ii) অক্ষদ্বয়কে A ও B বিন্দুতে ছেদ করে তবে দেখাও যে, AB এর মধ্যবিন্দুর সঞ্চারপথের সমীকরণ, $p^2(x^2 + y^2) = 4x^2y^2$.

(গ) **Sol^n:** দেওয়া আছে, $x\cos\alpha + y\sin\alpha = p \ldots\ldots\ldots (ii)$

$\Rightarrow \frac{x}{\frac{p}{\cos\alpha}} + \frac{y}{\frac{p}{\sin\alpha}} = 1$ এই সমীকরণটি অক্ষদ্বয়কে A ও B বিন্দুতে ছেদ করে।

$\therefore A \equiv \left(\frac{p}{\cos\alpha}, 0\right), B \equiv \left(0, \frac{p}{\sin\alpha}\right)$

ধরি, A ও B এর মধ্যবিন্দু (x, y)

$\therefore x = \frac{\frac{p}{\cos\alpha}+0}{2} \Rightarrow x = \frac{p}{2\cos\alpha} \Rightarrow \cos\alpha = \frac{p}{2x}$

এবং $y = \frac{0+\frac{p}{\sin\alpha}}{2} \Rightarrow y = \frac{p}{2\sin\alpha} \Rightarrow \sin\alpha = \frac{p}{2y}$

$\therefore \sin^2\alpha + \cos^2\alpha = \left(\frac{p}{2y}\right)^2 + \left(\frac{p}{2x}\right)^2$

$\Rightarrow 1 = \frac{p^2}{4y^2} + \frac{p^2}{4x^2}$

$\Rightarrow 1 = \frac{p^2x^2 + p^2y^2}{4x^2y^2} \Rightarrow p^2x^2 + p^2y^2 = 4x^2y^2$

$\therefore p^2(x^2 + y^2) = 4x^2y^2$ **(Showed)**

নিজে করো

03. (ক) $(1, 1)$ বিন্দু থেকে যে সকল বিন্দুর দূরত্ব সর্বদাই 5 একক, ঐ সকল বিন্দুর সঞ্চারপথের সমীকরণ নির্ণয় কর। [JB'22] [Ans: $x^2 + y^2 - 2x - 2y - 23 = 0$]

04. (ক) $(2, -1)$ বিন্দু থেকে যে সেটের বিন্দুসমূহের দূরত্ব 1 একক সেই সেটের সঞ্চারপথ নির্ণয় কর। [CB'21] [Ans: $x^2 + y^2 - 4x + 2y + 4 = 0$]

T-06: ঢাল সংক্রান্ত

Concept

কোনো সরলরেখা (যা x-অক্ষের উপর লম্ব নয়) x-অক্ষের ধনাত্মক দিকের সাথে যে কোণ উৎপন্ন করে সেই কোণের ত্রিকোণমিতিক ট্যানজেন্টের মানকে রেখাটির ঢাল বলে।

ঢালকে সাধারণত m দ্বারা সূচিত করা হয়। AB সরলরেখা x-অক্ষের ধনাত্মক দিকের সাথে $\theta (0° \le \theta < 180° ; \theta \ne 90°)$ কোণ উৎপন্ন করলে, তার ঢাল $m = \tan\theta$। ভুজ এর প্রতি একক পরিবর্তনের সাপেক্ষে কোটির পরিবর্তনের হারই ঢাল।

(i) (x_1, y_1) এবং (x_2, y_2) বিন্দুগামী সরলরেখার ঢাল, $m = \frac{(y_1-y_2)}{(x_1-x_2)} = \frac{(y_2-y_1)}{(x_2-x_1)} = \frac{\text{কোটিদ্বয়ের অন্তর}}{\text{ভুজদ্বয়ের অন্তর}}$

(ii) $ax + by + c = 0$ সরলরেখার ঢাল, $m = -\frac{a}{b} = -\frac{x \text{ এর সহগ}}{y \text{ এর সহগ}}$

Educationblog24.com

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01. (ক) $(3,-1)$ এবং $(2,-2)$ বিন্দুদ্বয়ের সংযোগরেখা x-অক্ষের সাথে যে কোণ উৎপন্ন করে তা নির্ণয় কর। [Din.B'23]

(ক) **Sol^n:** $(3,-1)$ ও $(2,-2)$ বিন্দুদ্বয়ের সংযোগরেখার ঢাল:

$m = \frac{-2+1}{2-3} = \frac{-1}{-1} = 1$

উক্ত রেখা x অক্ষের সাথে θ কোণ উৎপন্ন করে তাহলে

$\tan\theta = m \Rightarrow \theta = \tan^{-1}(m) = \tan^{-1}(1) = \frac{\pi}{4}$ **(Ans.)**

02. $AB = 4x + 3y - 12 = 0$ [DB'22]

(ক) AB কে ঢাল আকারে প্রকাশ করে ইহার ঢাল নির্ণয় কর।

(ক) **Sol^n:** দেওয়া আছে, $AB = 4x + 3y - 12 = 0$

$\Rightarrow 3y = -4x + 12$

$\therefore y = -\frac{4}{3}\cdot x + 4 \ldots\ldots\ldots (i)$

(i) নং সমীকরণটি AB কে ঢাল আকারে প্রকাশিত রূপ।

(i) কে $y = mx + c$ সমীকরণের সাথে তুলনা করে পাই,

$m = -\frac{4}{3}$ এবং $c = 4$ **(Ans.)**

03. AB রেখার সমীকরণ $x + y = 4$ [RB

(ক) AB রেখা x-অক্ষের ধনাত্মক দিকের সাথে যে কোণ উৎপন্ন করে তা নির্ণয় কর।

(ক) **Sol^n:** AB রেখার ঢাল, $m = -\frac{1}{1} = -1$

ধরি, x অক্ষের ধনাত্মক দিকের সাথে θ কোণ তৈরি করে,

$\therefore m = \tan\theta$ বা, $\tan\theta = -1 = \tan 135°$

$\therefore \theta = 135°$ **(Ans.)**

04.



[Din.B

(ক) AB সরলরেখার ঢাল নির্ণয় কর।

(ক) **Sol^n:** AB রেখার ঢাল $m_{AB} = \frac{-3-7}{3+2} = -2$ **(Ans.)**

T-07: বিভিন্ন ধরনের সরলরেখার সমীকরণ সংক্রান্ত

Concept

(i) অক্ষের সমীকরণ: x-অক্ষের সমীকরণ, $y = 0$ এবং y-অক্ষের সমীকরণ, $x = 0$

(ii) অক্ষদ্বয়ের সমান্তরাল সরলরেখাঃ

(a) একটি সরলরেখা x-অক্ষের সমান্তরাল এবং তার y-অক্ষের খণ্ডিতাংশ b হলে, রেখাটির সমীকরণ, $y = b$

(b) একটি সরলরেখা y-অক্ষের সমান্তরাল এবং তার x-অক্ষের খণ্ডিতাংশ a হলে, রেখাটির সমীকরণ, $x = a$





(iii) মূলবিন্দুগামী সরলরেখার সমীকরণ: একটি সরলরেখা যদি মূলবিন্দুগামী হয় এবং এর ঢাল m হয় তবে রেখাটির সমীকরণ, $y =$



(iv) মূলবিন্দু এবং একটি নির্দিষ্ট বিন্দুগামী সরলরেখার সমীকরণ:



একটি সরলরেখা যদি মূলবিন্দু O(0,0) এবং $A(x_1, y_1)$ বিন্দুগামী [নির্দিষ্ট বিন্দু] হয় তাহলে তার সমীকরণ, $y = \frac{y_1}{x_1}x$

(v) সরলরেখার ঢাল সমীকরণ: একটি সরলরেখার ঢাল m এবং y- অক্ষের খণ্ডিতাংশ c হলে, সরলরেখাটির সমীকরণ হবে, $y = mx + c$



(vi) এক বিন্দুগামী সরলরেখার সমীকরণ: যদি একটি সরলরেখার ঢাল m এবং রেখাটি (x_1, y_1) বিন্দুগামী হয়, তবে রেখাটির সমীকরণ হবে, $y - y_1 = m \cdot (x - x_1)$



(vii) দুই বিন্দুগামী সরলরেখার সমীকরণ: $A(x_1, y_1)$ এবং $B(x_2, y_2)$ হলে, AB সরলরেখার সমীকরণ, $\frac{y-y_1}{y_1-y_2} = \frac{x-x_1}{x_1-x_2}$

অথবা, $(x - x_1)(y_1 - y_2) - (y - y_1)(x_1 - x_2) = 0$



(viii) সরলরেখার ছেদক আকৃতির সমীকরণ: একটি সরলরেখার x এবং y-অক্ষের ছেদক অংশ যথাক্রমে a এবং b হলে রেখাটির সমীকরণ হবে, $\frac{x}{a} + \frac{y}{b} = 1$



(ix) সরলরেখার লম্ব আকৃতির সমীকরণ: মূলবিন্দু থেকে যে রেখার উপর অঙ্কিত লম্বের দৈর্ঘ্য p এবং উক্ত লম্ব যদি x-অক্ষের ধনাত্মক দিকের সাথে α কোণ তৈরি করে, তাহলে এরূপ রেখার সমীকরণ হলো, $x\cos\alpha + y\sin\alpha = p$



সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01.



[DB'23]

(ক) উদ্দীপকের AB সরলরেখাটি y-অক্ষকে যে বিন্দুতে ছেদ করে তা নির্ণয় কর।

(ক) **Sol^n:** দেওয়া আছে, $B = (-1, 5), A = (3, -1)$

$\therefore$ AB সরলরেখার সমীকরণ $\Rightarrow \frac{y+1}{-1-5} = \frac{x-3}{3+1}$

$\Rightarrow 4(y + 1) = -6(x - 3) \Rightarrow 6x + 4y - 14 = 0$

$\Rightarrow 3x + 2y - 7 = 0 \ldots (i)$

y-অক্ষে ভুজ শূন্য।

$\therefore x = 0$ সমীকরণ (i) এ বসিয়ে পাই,

$3 \times 0 + 2y - 7 = 0 \therefore y = \frac{7}{2}$

$\therefore$ ছেদবিন্দু (y-অক্ষে) $\equiv \left(0, \frac{7}{2}\right)$ **(Ans.)**

02.



[BB'23; DB, SB, JB, Din.B'18]

(খ) যদি P বিন্দুটি EF রেখাংশের একটি সমত্রিখণ্ডক হয় তবে OP রেখার সমীকরণ নির্ণয় কর।

(খ) **Sol^n:** P বিন্দুটি EF রেখাংশের একটি সমত্রিখণ্ডক।

EF রেখার ঢাল: -1 [$\because$ OD $\perp$ EF এবং $m_{OD} = 1 = \tan 45°$]

(2, 2) বিন্দুগামী EF রেখার সমীকরণ:

$y - 2 = -1(x - 2) \Rightarrow y - 2 = -x + 2$

$\Rightarrow x + y - 4 = 0 \Rightarrow \frac{x}{4} + \frac{y}{4} = 1$



P বিন্দু EF কে 2:1 এ অন্তর্বিভক্ত করে,

$\alpha = \frac{2\times0+1\times4}{2+1} = \frac{4}{3}$

$\beta = \frac{2\times4+1\times0}{2+1} = \frac{8}{3}$

$P(\alpha, \beta) \equiv P\left(\frac{4}{3}, \frac{8}{3}\right)$

$O(0, 0)$ ও $P\left(\frac{4}{3}, \frac{8}{3}\right)$ বিন্দুগামী OP রেখার সমীকরণ,

$\frac{y-\frac{8}{3}}{\frac{8}{3}-0} = \frac{x-\frac{4}{3}}{\frac{4}{3}-0} \Rightarrow \frac{3y-8}{8} = \frac{3x-4}{4}$

$\Rightarrow 3y - 8 = 6x - 8 \Rightarrow y = 2x$

অথবা, OP রেখার সমীকরণ: $\frac{x}{\frac{8}{3}} = \frac{4}{\frac{4}{3}} \Rightarrow x = 2y$ **(Ans.)**

03.



[J

(গ) D বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর।

(গ) **Sol^n:** AB সরলরেখার ঢাল $= \frac{0-7}{5-0} = -\frac{7}{5}$

$\therefore$ CD রেখার ঢাল $= \frac{5}{7} \therefore$ CD রেখার সমীকরণ, $\frac{y-5}{x+4} = \frac{5}{7}$

$\Rightarrow 7y - 35 = 5x + 20 \Rightarrow 5x - 7y = -55 \ldots\ldots$

আবার, AB সরলরেখার সমীকরণ, $\frac{x}{5} + \frac{y}{7} = 1$

$\Rightarrow 7x + 5y = 35 \ldots\ldots (ii)$

$\therefore$ D বিন্দুর স্থানাঙ্ক হবে (i) ও (ii) নং সমীকরণের সমাধা

$\therefore$ D বিন্দুর স্থানাঙ্ক $\left(-\frac{15}{37}, \frac{280}{37}\right)$ **(Ans.)**

04. দৃশ্যকল্প-১: [Din.



(খ) দৃশ্যকল্প-১ এর আলোকে AB সরলরেখার উপর
OC এর সমীকরণ নির্ণয় কর।

(খ) **Sol^n:**



দৃশ্যকল্প-১ হতে পাই, OA = OB

তাহলে, $\angle OAB = \angle OBA = \frac{\pi}{4}$

আর ΔOAC তে, $\angle A + \angle C + \theta = 180°$

$\Rightarrow \theta = 180° - \angle A - \angle C$

$\therefore \theta = 180° - 90° - 45° = 45°$

AB এর সমীকরণ হবে $= x\cos 45° + y\sin 45°$

$= OC = 5$

$\Rightarrow x\frac{1}{\sqrt{2}} + y\frac{1}{\sqrt{2}} = 5 \therefore x + y = 5\sqrt{2}$

$\therefore x + y = 5\sqrt{2}$ এর রেখার উপর লম্ব ও $(0, 0)$ দিয়ে যায়, এমন OC রেখার সমীকরণ,

$(x - 0) - (y - 0) = 0 \Rightarrow x - y = 0 \therefore x = y$

$\therefore$ OC রেখার সমীকরণ হলো, $x = y$ **(Ans.)**

05. দৃশ্যকল্প-১: **[Din.B'23]**



দৃশ্যকল্প-২: $3x + 4y - 24 = 0$ একটি সরলরেখার সমীকরণ।

(খ) দৃশ্যকল্প-১ এর আলোকে AB রেখার সমীকরণ নির্ণয় কর।

(গ) দৃশ্যকল্প-২ এর সরলরেখাটি অক্ষদ্বয়ের মধ্যবর্তী খণ্ডিত অংশকে সমান তিনভাগে বিভক্ত করে এমন বিন্দুদ্বয়ের সাথে মূলবিন্দুর সংযোজক রেখার সমীকরণ নির্ণয় কর।

(খ) **Sol^{n}:**



$2x + by + 4 = 0$ এর x এর অক্ষের ছেদ বিন্দু হলো A.

x অক্ষের ছেদ বিন্দুতে $y = 0$ তাহলে $2 \cdot x + b \cdot 0 + 4 = 0$

$\therefore x = -2 \therefore A \equiv (-2, 0)$

আবার, $ax + 3y + 6 = 0$ এর y অক্ষের ছেদ বিন্দু হলো B

আর y অক্ষের ছেদ বিন্দুতে $x = 0$

তাহলে $a \cdot 0 + 3 \cdot y + 6 = 0 \Rightarrow 3y = -6$

$\therefore y = -2 \because B \equiv (0, -2)$

AB এর সমীকরণ হবে: $\frac{x-(-2)}{-2-0} = \frac{y-0}{0-(-2)} \Rightarrow \frac{x+2}{-2} = \frac{y}{2}$

$\Rightarrow x + 2 = -y \therefore x + y = -2$ **(Ans.)**

(গ) **Sol^{n}:**



দৃশ্যকল্প-২ এর সরলরেখা হলো, $3x + 4y - 24 = 0$

ধরি, সরলরেখাটি অক্ষদ্বয়কে A ও B বিন্দুতে ছেদ করে।

$3x + 4y = 24 \Rightarrow \frac{3x}{24} + \frac{4y}{24} = 1 \therefore \frac{x}{8} + \frac{y}{6} = 1$

অর্থাৎ $A = (0, 6)$ এবং $B(8, 0)$। এখন অক্ষদ্বয়ের মধ্যবর্তী খণ্ডিত অংশ AB কে C ও D বিন্দু সমান তিন ভাগে বিভক্ত করে।



ধরি, AB কে D বিন্দু 2:1 অনুপাতে অন্তর্বিভক্ত করে।

তাহলে, $D \equiv (D_x, D_y) \equiv \left(\frac{2\times8+0}{2+1}, \frac{6\times1+0}{2+1}\right) \equiv \left(\frac{16}{3}, 2\right)$

আবার, C, AD এর মধ্যবিন্দু তাহলে

$C \equiv (C_x, C_y) \equiv \left(\frac{\frac{16}{3}+0}{2}, \frac{2+6}{2}\right) \equiv \left(\frac{8}{3}, 4\right)$

OD রেখার সমীকরণ হবে $y = \frac{2-0}{\frac{16}{3}-0} \times x \therefore y = \frac{3}{8}x$

OC রেখার সমীকরণ হবে $y = \frac{4-0}{\frac{8}{3}-0} \times x \therefore y = \frac{3}{2}x$ **(Ans.)**

06.



[DB'22]

AB = $4x + 3y - 12 = 0$ এবং AB ∥ CD

(গ) দেখাও যে, **ABCD** একটি রম্বস।

(গ) **Sol^{n}:** [**Note:** প্রশ্নটির 'খ' নং প্রশ্নে দেওয়া ছিলো মূলবিন্দু হতে AB ও CD রেখাদ্বয় সমদূরবর্তী]



AB: $4x + 3y - 12 = 0 \Rightarrow 4x + 3y = 12$

$\therefore \frac{x}{3} + \frac{y}{4} = 1 \ldots\ldots\ldots (i)$

CD: $4x + 3y + 12 = 0 \Rightarrow 4x + 3y = -12$

$\therefore \frac{x}{-3} + \frac{y}{-4} = 1 \ldots\ldots\ldots (ii)$

(i) ও (ii) সমীকরণ হতে A, B, C, D বিন্দুসমূহ চিহ্নিত করে পাই,

Educationblog24.com

A(3, 0), B(0, 4), C(−3, 0), D(0, −4)

এখন, $AB = \sqrt{(3-0)^2 + (0-4)^2} = 5$ একক

$BC = \sqrt{(0+3)^2 + (4-0)^2} = 5$ একক

$CD = \sqrt{(-3-0)^2 + (0+4)^2} = 5$ একক

$AD = \sqrt{(3-0)^2 + (0+4)^2} = 5$ একক

আবার, $AC = \sqrt{(3+3)^2 + 0} = 6$ একক

$BD = \sqrt{0 + (4+4)^2} = 8$ একক

এখানে, AB = BC = CD = AD এবং AC ≠ BD

অর্থাৎ, ABCD চতুর্ভুজের চারটি বাহু পরস্পর সমান এবং কর্ণদ্বয় অসমান। সুতরাং, ABCD একটি রম্বস। **(Showed)**

07.



[RB'22]

(খ) **AC এবং BD রেখাদ্বয়ের ঢাল যথাক্রমে −2 এবং −1 হলে x-অক্ষকে CD রেখা যে বিন্দুতে ছেদ করে তার স্থানাঙ্ক নির্ণয় কর।**

(খ) **Sol^n:**



ঢাল $= \frac{\text{কোটিদ্বয়ের অন্তর}}{\text{ভুজদ্বয়ের অন্তর}}$

∴ AC এর ঢাল $= \frac{k-5}{h-1}$ ∴ BD এর ঢাল $= \frac{h-2}{k-2}$

দেওয়া আছে, AC এর ঢাল = −2 এবং BD এর ঢাল = −1

শর্তমতে, $\frac{k-5}{h-1} = -2 \Rightarrow k - 5 = -2h + 2$

$\therefore k + 2h = 7 \ldots\ldots\ldots (i)$

আবার, $\frac{h-2}{k-2} = -1 \Rightarrow h - 2 = -k + 2$

$\therefore h + k = 4 \ldots\ldots\ldots (ii)$

এখন, (i) − (ii) ⇒ (k + 2h) − (h + k) = 7 − 4

⇒ k + 2h − h − k = 3 ∴ h = 3

(ii) ⇒ 3 + k = 4 ∴ k = 1

∴ C ও D বিন্দুর স্থানাঙ্ক যথাক্রমে C(3,1) এবং D(1,3)

∴ CD রেখার সমীকরণ, $\frac{x-x_1}{x_1-x_2} = \frac{y-y_1}{y_1-y_2}$

$\Rightarrow \frac{x-3}{3-1} = \frac{y-1}{1-3} \Rightarrow \frac{x-3}{2} = \frac{y-1}{-2}$

⇒ x − 3 = −(y − 1) ⇒ x + y = 1 + 3

$\Rightarrow x + y = 4 \therefore \frac{x}{4} + \frac{y}{4} = 1$

∴ CD রেখা x অক্ষকে (4,0) বিন্দুতে ছেদ করে। **(Ans.)**

08. উদ্দীপকে-১: AB সরলরেখাটি প্রথম চতুর্ভাগে $\frac{32}{\sqrt{3}}$ বর্গ ক্ষেত্রফলবিশিষ্ট ΔOAB গঠন করে এবং মূলবিন্দু হতে এর উপর লম্ব OP যা x- অক্ষের ধনাত্মক দিকের সাথে কোণে আনত। **[CB**

(খ) উদ্দীপক-১ এ উল্লিখিত AB এর সমীকরণ নির্ণয় কর।

(খ) **Sol^n:**



মনে করি, সরলরেখাটির সমীকরণ:

$x\cos\alpha + y\sin\alpha = P$

$x\cos 60° + y\sin 60° = P$ [প্রদত্ত $\alpha = 60°$]

$\Rightarrow \frac{x}{2} + \frac{\sqrt{3}y}{2} = P \Rightarrow \frac{x}{2P} + \frac{\sqrt{3}y}{2P} = 1 \Rightarrow \frac{x}{2P} + \frac{y}{\frac{2P}{\sqrt{3}}}$

এটিকে $\frac{x}{a} + \frac{y}{b} = 1$ এর সাথে তুলনা করে পাই,

$a = 2P, b = \frac{2P}{\sqrt{3}}$

প্রশ্নমতে, $\frac{1}{2} \times 2P \times \frac{2P}{\sqrt{3}} = \frac{32}{\sqrt{3}}$; $2P^2 = 32 \Rightarrow P^2 = 16$

∴ P = 4 [∵ P সর্বদা ধনাত্মক]

∴ নির্ণেয় সরলরেখার সমীকরণ: $\frac{x}{2} + \frac{\sqrt{3}y}{2} = 4$

$\Rightarrow x + \sqrt{3}y - 8 = 0$ **(Ans.)**

09. (ক) (2, −3) বিন্দুগামী এবং x- অক্ষের ধনাত্মক দিকের সা 45° কোণ এমন সরলরেখার সমীকরণ নির্ণয় কর। **[Din.E**

(ক) **Sol^n:** দেওয়া আছে, কোনো সরলরেখা (2, −3) বিন্দুগামী এবং x- অক্ষের ধনাত্মক দিকের সাথে 45° কোণ উৎপন্ন

∴ সরলরেখাটির ঢাল, m = tan 45° = 1

∴ সরলরেখাটির সমীকরণ: (y + 3) = 1(x − 2)

⇒ y + 3 = x − 2 ⇒ x − y − 5 = 0

∴ সরলরেখাটির সমীকরণ হলো x − y − 5 = 0 **(Ans.)**

10.



[MB

(খ) যদি ΔAOB = 8 বর্গ একক হয়, তবে AB রেখার সমীকরণ নির্ণয় কর।

(গ) ∠BAX এর সমদ্বিখণ্ডক রেখার সমীকরণ নির্ণয় কর।

Educationblog24.com

(খ) Sol^n: মনে করি, $x\cos\alpha + y\sin\alpha = P$
$\Rightarrow x\cos 45^\circ + y\cos 45^\circ = P$
$\Rightarrow \frac{x}{\sqrt{2}} + \frac{y}{\sqrt{2}} = P \Rightarrow \frac{x}{\sqrt{2}P} + \frac{y}{\sqrt{2}P} = 1$
প্রশ্নমতে, $\frac{1}{2} \times \sqrt{2}P \times \sqrt{2}P = 8 \Rightarrow P^2 = 8 \therefore P = 2\sqrt{2}$
$\therefore$ নির্ণেয় রেখার সমীকরণ: $\frac{x}{\sqrt{2}} + \frac{y}{\sqrt{2}} = 2\sqrt{2} \Rightarrow x + y = 4$
$\therefore x + y - 4 = 0$ (Ans.)

(গ) Sol^n: (খ) হতে পাই,
AB রেখার সমীকরণ, $x + y - 4 = 0 \Rightarrow x + y = 4$
$\Rightarrow \frac{x}{4} + \frac{y}{4} = 1$
$\therefore$ A বিন্দুর স্থানাঙ্ক হলো, $(4, 0)$
B বিন্দুর স্থানাঙ্ক হলো, $(0, 4)$
$\therefore \angle BAX$ এর সমদ্বিখণ্ডক রেখা A বিন্দুগামী এবং এর ধনাত্মক x অক্ষের সাথে আনতি কোণ AB রেখার আনতি কোণের অর্ধেক।
AB রেখার x অক্ষের ধনাত্মক দিকের সাথে উৎপন্ন কোণ,
$\theta_1 = \pi - \tan^{-1}\left|\frac{1}{1}\right| = \left(\pi - \frac{\pi}{4}\right) = \frac{3\pi}{4}$
এর সমদ্বিখণ্ডকের ঢাল, $\tan\left(\frac{\theta_1}{2}\right) = \tan\left(\frac{3\pi}{8}\right) = (\sqrt{2}+1)$
$\therefore \angle BAX$ এর সমদ্বিখণ্ডকের সমীকরণ,
$(y - 0) = (\sqrt{2}+1)(x - 2)$
$\Rightarrow y = (\sqrt{2}+1)(x - 2)$ (Ans.)



11.



[DB'21]

(খ) উদ্দীপক হতে, CD সরলরেখার সমীকরণ নির্ণয় কর।

(খ) Sol^n: x-অক্ষের সাথে CD সরলরেখার উৎপন্ন কোণ $90^\circ + 45^\circ = 135^\circ$
আবার, CD সরলরেখা $(0,0)$ বিন্দুগামী
$\therefore$ CD সরলরেখার সমীকরণ, $y - 0 = (\tan 135^\circ)(x - 0)$
$\Rightarrow y = -(x) \Rightarrow x + y = 0$ (Ans.)



12.

উদ্দীপক ২:



[CB'21]

(গ) উদ্দীপক-2 এ প্রদর্শিত OBCA একটি সামান্তরিক এবং OA রেখার সমীকরণ $y = 3x$. AB কর্ণের সমীকরণ নির্ণয় কর।

(গ) Sol^n:



$B = (a, 0)$ এবং $A = (b, 3b)$
এখানে, AB এর মধ্যবিন্দু = OC এর মধ্যবিন্দু
$O = (0,0)$ এবং $C = (4,3)$
$\frac{0+3b}{2} = \frac{3+0}{2} \Rightarrow 3b = 3 \therefore b = 1$
$\therefore \frac{a+b}{2} = \frac{4+0}{2} \Rightarrow a + 1 = 4 \Rightarrow a = 3$
$A = (1,3), B = (3,0)$
$\therefore$ AB রেখার সমীকরণ, $y - 3 = \frac{3-0}{1-3}(x - 1)$
$\Rightarrow y - 3 = \frac{3}{-2}(x - 1) \Rightarrow -2y + 6 = 3x - 3$
$\Rightarrow 3x + 2y - 9 = 0$ (Ans.)

13.

দৃশ্যকল্প:



[MB'21]

(খ) AB সরলরেখার সমীকরণ নির্ণয় কর।

(খ) Sol^n: ধরি, AB সরলরেখার সমীকরণ: $\frac{x}{a} + \frac{y}{b} = 1 \ldots\ldots (i)$
$\therefore OA = a, OB = b \therefore a - b = 3 \ldots\ldots\ldots (ii)$
এবং (i) নং রেখা $(10, -2)$ বিন্দুগামী, $\therefore \frac{10}{a} + \frac{-2}{b} = 1$
$\Rightarrow 10b - 2a = ab \Rightarrow 10b - 2(b+3) = b(b+3)$
$\Rightarrow 8b - 6 = b^2 + 3b \Rightarrow b^2 - 5b + 6 = 0$
$\Rightarrow b^2 - 3b - 2b + 6 = 0$
$\Rightarrow b(b-3) - 2(b-3) = 0$
$\Rightarrow (b-3)(b-2) = 0 \therefore b = 3$ অথবা $b = 2$
$\therefore a = 6$ অথবা $a = 5 \therefore$ AB এর সমীকরণ: $\frac{x}{6} + \frac{y}{3} = 1$
$\Rightarrow x + 2y - 6 = 0$ অথবা, $\frac{x}{5} + \frac{y}{2} = 1$
$\Rightarrow 2x + 5y - 10 = 0$ (Ans.)

Educationblog24.com

14. চিত্রে OPQR একটি সামান্তরিক। [Din.B'19]



(গ) উদ্দীপক হতে PR কর্ণের সমীকরণ নির্ণয় কর।

(গ) **Sol^n:** QR সরলরেখার সমীকরণ $y = 2$; $y = 2$ হলে $y = -2x$ হতে $x = -1$

$\therefore$ R বিন্দুটি $(-1, 2)$; $O(0, 0)$ এবং $Q(-4, 2)$ এর মধ্যবিন্দু $(-2, 1)$

ধরি, P বিন্দু (x_1, y_1) $\therefore \frac{x_1-1}{2} = -2$

$\Rightarrow x_1 = -3$; $\frac{y_1+2}{2} = 1$ $\therefore y_1 = 0$

$\therefore P(-3,0)$ ও $R(-1, 2)$ বিন্দুগামী সরলরেখার সমীকরণ:

$y - 0 = \frac{2-0}{-1+3}(x + 3) \Rightarrow y = x + 3$ **(Ans.)**

15. (ক) $(-1, 2)$ ও $(3, -5)$ বিন্দুগামী সরলরেখার সমীকরণ নির্ণয় কর। [CB'17]

(ক) **Sol^n:** $(-1, 2)$ ও $(3, -5)$ বিন্দুগামী সরলরেখার সমীকরণ,

$\frac{x-(-1)}{-1-3} = \frac{y-2}{2-(-5)} \Rightarrow \frac{x+1}{-4} = \frac{y-2}{2+5} \Rightarrow \frac{x+1}{-4} = \frac{y-2}{7}$

$\Rightarrow 7x + 7 = -4y + 8$

$\Rightarrow 7x + 4y - 1 = 0$ **(Ans.)**

16. একটি সরলরেখা $(-2, -5)$ বিন্দুগামী এবং x ও y-অক্ষকে যথাক্রমে A ও B বিন্দুতে ছেদ করে যেন $OA + 2OB = 0$ হয়, যখন O মূলবিন্দু। [ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ]

(খ) উদ্দীপকে বর্ণিত রেখাটির সমীকরণ নির্ণয় কর।

(খ) **Sol^n:** ধরি, সরলরেখাটির সমীকরণ, $\frac{x}{a} + \frac{y}{b} = 1$ ..... (i)

এবং $OA = a, OB = b$

প্রশ্নমতে, $a + 2b = 0 \Rightarrow a = -2b$

$\therefore$ (i) নং হতে পাই, $\frac{x}{-2b} + \frac{y}{b} = 1$

$(-2, -5)$ বিন্দুগামী হলে, $\frac{-2}{-2b} + \frac{-5}{b} = 1 \Rightarrow \frac{1}{b} - \frac{5}{b} = 1$

$\Rightarrow b = (1 - 5) = -4 \therefore a = -2(-4) = 8$

(i) নং সমীকরণে a ও b এর মান বসিয়ে পাই, $\frac{x}{8} + \frac{y}{-4} = 1$

$\Rightarrow x - 2y = 8$ **(Ans.)**

17. (ক) এমন একটি সরলরেখার সমীকরণ নির্ণয় কর, যা x-অক্ষের সাথে $45°$ কোণ উৎপন্ন করে এবং $(4, 5)$ বিন্দু দিয়ে যায়। [ঢাকা সিটি কলেজ]

(ক) **Sol^n:** দেওয়া আছে, সরলরেখাটি x-অক্ষের সাথে $45°$ কোণ উৎপন্ন করে।

এখন, x-অক্ষের ধনাত্মক দিকের সাথে $45°$ কোণ উৎপন্ন করলে ঢাল $= \tan 45° = 1$ আর ঋনাত্মক দিকের সাথে $45°$ কোণ উৎপন্ন করলে ঢাল $= \tan 135° = -1$

যেহেতু $(4, 5)$ বিন্দুগামী, $\therefore y - 5 = \pm(x - 4)$

$\Rightarrow y - 5 = x - 4 \Rightarrow x - y + 1 = 0$

অথবা, $y - 5 = -(x - 4) \Rightarrow x + y - 9 = 0$ **(Ans.)**

নিজে করো

18. 

[DB'21]

(গ) উদ্দীপক বর্ণিত ΔOAB এর ক্ষেত্রফল 18 বর্গ একক হলে, AB সরলরেখার সমীকরণ নির্ণয় কর।

[Ans: $x + y - 6 = 0$]

19. (ক) $(-6, 2)$ বিন্দুগামী এবং X-অক্ষের ধনাত্মক দিকের সাথে $60°$ কোণ উৎপন্ন করে এরূপ সরলরেখার সমীকরণ নির্ণয় কর। [SB'21] **[Ans: $\sqrt{3}x - y + 6\sqrt{3} + 2 = 0$]**

20. দৃশ্যকল্প: $3x + 8y - 24 = 0$. [MB'21]

(খ) প্রদত্ত রেখাটির অক্ষদ্বয়ের মধ্যবর্তী খণ্ডিতাংশের মধ্যবিন্দু ও মূলবিন্দুর সংযোগ রেখার সমীকরণ নির্ণয় কর।

[Ans: $3x - 8y = 0$]

21. 

[SB'19]

(খ) AB রেখাংশের সমত্রিখণ্ডক বিন্দুদ্বয়ের সাথে মূলবিন্দুর সংযোজক রেখার সমীকরণ নির্ণয় কর।

[Ans: $3x + 2y = 0; 3x + 8y = 0$]

22. 

[BB'19]

P এবং Q বিন্দু দুটি AB কে সমান তিনভাগ করে।

(খ) OP ও OQ সরলরেখার সমীকরণসমূহ নির্ণয় কর।

[Ans: $3x - 8y = 0; 3x - 2y = 0$]

Educationblog24.com

T-08: সমান্তরাল ও লম্ব হবার শর্ত এবং সমীকরণ নির্ণয়

Concept

- **সমান্তরাল হবার শর্ত:**

$a_1x + b_1y + c_1 = 0$ এবং $a_2x + b_2y + c_2 = 0$ সরলরেখাদ্বয়ের ঢাল যথাক্রমে, $m_1 = -\frac{a_1}{b_1}$ এবং $m_2 = -\frac{a_2}{b_2}$.

সরলরেখাদ্বয় সমান্তরাল হবার শর্ত, $\boxed{m_1 = m_2}$ বা, $\boxed{\frac{a_1}{a_2} = \frac{b_1}{b_2}}$

- **সমান্তরাল রেখার সমীকরণ নির্ণয়:**

$ax + by + c = 0$ রেখার সমান্তরাল রেখার সমীকরণ, $\boxed{ax + by + k = 0}$ [x ও y এর সহগ ও চিহ্ন একই থাকবে এবং c এর পরিবর্তে নতুন ধ্রুবক k বসবে]

Shortcut: $ax + by + c = 0$ রেখার সমান্তরাল এবং (x_1, y_1) বিন্দুগামী রেখার সমীকরণ, $\boxed{ax + by = ax_1 + by_1}$ [x ও y এর সহগ ও চিহ্ন একই থাকবে, বামপক্ষে প্রাপ্ত রাশিমালার (x, y) এর পরিবর্তে (x_1, y_1) বসিয়ে ডানপক্ষে লিখতে হবে]

- **লম্ব হবার শর্ত:** $a_1x + b_1y + c_1 = 0$ এবং $a_2x + b_2y + c_2 = 0$ সরলরেখাদ্বয়ের ঢাল যথাক্রমে $m_1 = -\frac{a_1}{b_1}$ এবং $m_2 = -\frac{a_2}{b_2}$.

সরলরেখাদ্বয় লম্ব হবার শর্ত, $\boxed{m_1m_2 = -1}$ [তাদের ঢালের গুণফল $= -1$] $\therefore \boxed{a_1a_2 + b_1b_2 = 0}$

- **লম্ব রেখার সমীকরণ নির্ণয়:**

$ax + by + c = 0$ এর লম্ব রেখার সমীকরণ, $\boxed{bx - ay + k = 0}$ [x ও y এর সহগ interchange করতে হবে, x বা y এর যেকোনো একটির চিহ্ন বিপরীত করতে হবে এবং c এর স্থানে নতুন ধ্রুবক k যোগ করতে হবে]

Shortcut: $ax + by + c = 0$ এর লম্ব এবং (x_1, y_1) বিন্দুগামী রেখার সমীকরণ, $\boxed{bx - ay = bx_1 - ay_1}$ [x ও y এর সহগ interchange করতে হবে, x ও y এর যেকোনো একটির চিহ্ন বিপরীত করতে হবে এবং বামপক্ষের রাশিমালাতে (x, y) এর পরিবর্তে (x_1, y_1) বসিয়ে ডানপক্ষে লিখতে হবে।]

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01.

দৃশ্যকল্প-১:



$AD \parallel BC, \angle ACD = 90°$ [RB'23]

দৃশ্যকল্প-২: A(8, 3) এবং B(p, q), AB এর লম্ব সমদ্বিখণ্ডকের সমীকরণ $y = -2x + 4$.

(খ) দৃশ্যকল্প-১ হতে D বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর।

(গ) দৃশ্যকল্প-২ ব্যবহার করে p এবং q এর মান নির্ণয় কর।

(খ) **Sol^n:** দেওয়া আছে, B(1, −1); C(6, 2); A(−2, 4)

এখন, $m_{BC} = \frac{2+1}{6-1} = \frac{3}{5}$; $m_{AC} = \frac{2-4}{6+2} = -\frac{1}{4}$

চিত্র হতে, $AC \perp CD \therefore m_{AC} \cdot m_{CD} = -1 \therefore m_{CD} = 4$

ধরি, D = (x, y); $m_{CD} = \frac{y-2}{x-6} = 4$

$\Rightarrow 4x - 24 = y - 2 \Rightarrow 4x - y = 22 \ldots\ldots\ldots$ (i)

আবার, দেওয়া আছে, $AD \parallel BC$

অতএব, $m_{AD} = m_{BC}$; $m_{AD} = \frac{3}{5} \therefore m_{AD} = \frac{y-4}{x+2} = \frac{3}{5}$

$\Rightarrow 3x + 6 = 5y - 20 \Rightarrow 3x - 5y = -26 \ldots\ldots\ldots$ (ii)

(i) ও (ii) সমাধান করে পাই, D ≡ (8, 10) **(Ans.)**

(গ) **Sol^n:** দেওয়া আছে, $A \equiv (8, 3); B \equiv (p, q); m_{AB} = \frac{q-3}{p-8}$

প্রশ্নমতে, $\frac{q-3}{p-8} \times -2 = -1 \Rightarrow 2q - 6 = p - 8$

$\therefore 2q + 2 = p \ldots\ldots\ldots$ (i)

আবার, AB এর লম্ব সমদ্বিখণ্ডকের সমীকরণ

$y = -2x + 4 \ldots\ldots\ldots$ (ii)

লম্ব সমদ্বিখণ্ডকের বিন্দু $\equiv \left(\frac{p+8}{2}, \frac{q+3}{2}\right)$

(ii) এ বসিয়ে পাই, $\frac{q+3}{2} = -2\left(\frac{p+8}{2}\right) + 4$

$\Rightarrow q + 3 = -2p - 16 + 8$

$\Rightarrow 2p + q = -11 \ldots\ldots\ldots$ (iii)

(i) ও (iii) সমাধান করে পাই, $B = (p, q) = (-4, -3)$ **(Ans.)**

02. দুইটি সরলরেখার সমীকরণ:

$x - 2y + 3 = 0,\ 2x + 3y = 1$ [Ctg.B'23]

(খ) উদ্দীপকে উল্লিখিত সমীকরণ দুইটি কোনো সামান্তরিকের দুইটি সন্নিহিত বাহু এবং উক্ত সামান্তরিকের কর্ণদ্বয়ের ছেদবিন্দু (2, −3) হলে অপর বাহু দুইটির সমীকরণ নির্ণয় কর।

(খ) **Sol^n:** সামান্তরিকের সন্নিহিত বাহু-

$x - 2y + 3 = 0 \ldots\ldots\ldots$ (i)

$2x + 3y = 1 \ldots\ldots\ldots$ (ii)

সমীকরণ দুটি সমাধান করে পাই, $x = -1; y = 1$

$\therefore$ সন্নিহিত বাহুদ্বয়ের ছেদবিন্দু অর্থাৎ একটি শীর্ষ, B = (−1, 1)



চিত্রে $O \equiv (2, -3)$ বিন্দুটি B ও D বিন্দুর মধ্যবিন্দু।

ধরি, D বিন্দুর স্থানাঙ্ক (α, β) $\therefore 2 = \frac{-1+\alpha}{2}$ এবং $-3 = \frac{1+\beta}{2}$

$\therefore \alpha = 5 \therefore \beta = -7 \therefore D \equiv (5, -7)$

এখন, AD বাহু BC বাহুর সমান্তরাল।

$\therefore AD \Rightarrow x - 2y + k = 0$ যা $(5, -7)$ বিন্দুগামী

$\Rightarrow 5 - 2(-7) + k = 0 \therefore k = -19$

$\therefore$ AD বাহুর সমীকরণ $\Rightarrow x - 2y - 19 = 0$

আবার, CD বাহু AB বাহুর সমান্তরাল।

$\therefore CD \Rightarrow 2x + 3y + k = 0$ যা $(5, -7)$ বিন্দুগামী

$\Rightarrow 2 \times 5 + 3(-7) + k = 0 \therefore k = 11$

$\therefore$ CD বাহুর সমীকরণ $\Rightarrow 2x + 3y + 11 = 0$ **(Ans.)**

03.



[CB'23]

(খ) এরূপ একটি রেখার সমীকরণ নির্ণয় কর যা C বিন্দুগামী এবং $x - y + 2 = 0$ রেখার সমান্তরাল।

(খ) **Sol^n:** C বিন্দুটি $4x - 3y + 12 = 0 \ldots\ldots\ldots$ (i)

এবং $3x - 4y = 8 \ldots\ldots\ldots$ (ii) এর ছেদবিন্দু।

(i)$\times 4 \Rightarrow 16x - 12y + 48 = 0$

(i)$\times 3 \Rightarrow$ $9x - 12y - 24 = 0$ [বিয়োগ করে পাই]

$\underset{(-)\ (+)\ (+)}{}$

$7x + 72 = 0$

$\Rightarrow x = \frac{-72}{7}$

x এর মান (i) এ বসিয়ে পাই, $4 \times \frac{-72}{7} - 3y + 12 = 0$

$\Rightarrow 3y = \frac{-288}{7} + 12 \therefore y = \frac{-68}{7}$

$\therefore C \equiv \left(-\frac{72}{7}, \frac{-68}{7}\right)$

ধরি, $x - y + 2 = 0$ সমীকরণের সমান্তরাল রেখা

$x - y + k = 0$ যা C বিন্দুগামী

$\therefore \frac{-72}{7} + \frac{68}{7} + k = 0 \therefore k = \frac{4}{7}$

$\therefore$ নির্ণেয় সরলরেখা: $x - y + \frac{4}{7} = 0$

$\Rightarrow 7x - 7y + 4 = 0$ **(Ans.)**

04. $L = (4, 3), M = (3, 5)$ [MB'23]

(খ) LM রেখাংশের লম্বদ্বিখণ্ডকের সমীকরণ নির্ণয় কর।

(খ) **Sol^n:** L(4, 3) ও M(3, 5) বিন্দুদ্বয়ের সংযোজক রেখাংশের মধ্যবিন্দুর স্থানাঙ্ক $\left(\frac{4+3}{2}, \frac{3+5}{2}\right)$

বা $\left(\frac{7}{2}, 4\right)$

LM রেখাংশের ঢাল $= \frac{5-3}{3-4} = -2$

$\therefore$ লম্বদ্বিখণ্ডকের ঢাল $= -\frac{1}{(-2)} = \frac{1}{2}$

$\because$ লম্বদ্বিখণ্ডক $\left(\frac{7}{2}, 4\right)$ বিন্দুগামী।

$\therefore$ নির্ণেয় সমীকরণ: $y - 4 = \frac{1}{2}\left(x - \frac{7}{2}\right)$

$\Rightarrow 2y - 8 = x - \frac{7}{2} \Rightarrow 4y - 16 = 2x - 7$

$\therefore 2x - 4y + 9 = 0$ **(Ans.)**

05. (ক) $(3, 6)$ বিন্দুগামী $\frac{1}{3}x + 5y + 8 = 0$ রেখার সমান্তরাল রেখার সমীকরণ নির্ণয় কর। [Ctg.B

(ক) **Sol^n:** $(3, 6)$ বিন্দুগামী $\frac{1}{3}x + 5y + 8 = 0$ রেখার সমান্তর

রেখার সমীকরণ $\frac{x}{3} + 5y = \frac{3}{3} + 5 \times 6$

$\Rightarrow \frac{x}{3} + 5y = 31 \therefore \frac{x}{3} + 5y = 31$ **(Ans.)**

06.

দৃশ্যকল্প-১:



[BB'

এখানে C, AB এর মধ্যবিন্দু

(খ) দৃশ্যকল্প-১ হতে CD সরলরেখার সমীকরণ ও তার ঢা নির্ণয় কর।

(খ) **Sol^n:** AB এর ঢাল, $M_{AB} = \frac{y_2 - y_1}{x_2 - x_1} = \frac{6-0}{0-4} = -\frac{3}{2}$

যেহেতু, CD $\perp$ AB তাই CD এর ঢাল M_{CD} হলে,

$M_{AB} \times M_{CD} = -1 \Rightarrow -\frac{3}{2} \times M_{CD} = -1 \therefore M_{CD} = \frac{2}{3}$

আবার, C, AB এর মধ্যবিন্দু।

$\therefore$ C বিন্দুর স্থানাঙ্ক $\left(\frac{4+0}{2}, \frac{0+6}{2}\right) = (2, 3)$

$\therefore$ CD রেখার সমীকরণ, $y - 3 = M_{CD}(x - 2)$

$\Rightarrow y - 3 = \frac{2}{3}(x - 2) \Rightarrow 3y - 9 = 2x - 4$

$\therefore 2x - 3y + 5 = 0$ **(Ans.)**

07. (ক) (4,2) বিন্দুগামী এবং $6x + 8y + 17 = 0$ রেখার স সমান্তরাল রেখার সমীকরণ নির্ণয় কর। [CB'

(ক) **Sol^n:** মনে করি, $6x + 8y + 17 = 0$ রেখার সমান্তরাল

রেখার সমীকরণ $6x + 8y + k = 0$ ও ইহা (4, 2) বিন্দুগা

$\therefore 24 + 16 + k = 0 \Rightarrow k = -40$

$\therefore$ নির্ণেয় সমান্তরাল রেখার সমীকরণ: $6x + 8y - 40 = 0$ (An

08. (ক) এমন একটি সরলরেখার সমীকরণ নির্ণয় কর যা $\frac{x}{a} - \frac{y}{b} = 1$ রেখার উপর লম্ব এবং প্রদত্ত রেখা x -অক্ষকে যে বিন্দুতে ছেদ করে তা ঐ বিন্দুগামী। [MB'2

(ক) Sol^{n}: $\frac{x}{a} - \frac{y}{b} = 1 \Rightarrow bx - ay - ab = 0 \ldots\ldots\ldots$ (i)

∴ প্রদত্ত রেখার সমীকরণ $bx - ay - ab = 0$ ও ইহা x-অক্ষকে $(a, 0)$ বিন্দুতে ছেদ করে।

(i) নং রেখার উপর লম্ব রেখার সমীকরণ $ax + by + k = 0$ ও ইহা $(a, 0)$ বিন্দুগামী।

∴ $a^2 + k = 0 \Rightarrow k = -a^2$

∴ নির্ণেয় লম্ব রেখার সমীকরণ $ax + by - a^2 = 0$ **(Ans.)**

09.



[DB'21]

(খ) উদ্দীপক হতে, $AB = 3BC$ হলে, AC এর লম্বদ্বিখণ্ডকের সমীকরণ নির্ণয় কর।

(গ) উদ্দীপক হতে, P বিন্দু থেকে AB রেখার উপর অঙ্কিত লম্বের পাদবিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর।

(খ) Sol^{n}: $\frac{AB}{BC} = \frac{3}{1}$ এবং $A(1, 2), B(4, 5)$

ধরি, $C \equiv (x, y)$

A(1,2) B(4,5) C(x,y)

∴ $\frac{3x+1}{3+1} = 4$ এবং $\frac{3y+2}{3+1} = 5$

$\Rightarrow x = 5 \Rightarrow y = 6$ ∴ $C \equiv (5, 6)$

∴ AC রেখার মধ্যবিন্দু $R(x, y) \equiv \left(\frac{1+5}{2}, \frac{2+6}{2}\right) \equiv (3, 4)$

AC রেখার ঢাল $= \frac{6-2}{5-1} = 1$

∴ AC রেখার লম্বসমদ্বিখণ্ডকের ঢাল $= -1$ ও এটি $(3, 4)$ বিন্দুগামী।

∴ AC রেখার লম্বসমদ্বিখণ্ডকের সমীকরণ,

$(y - 4) = -(x - 3) \Rightarrow x + y - 7 = 0$ **(Ans.)**

(গ) Sol^{n}: AB রেখার ঢাল $m = \frac{5-2}{4-1} = 1$

ধরি, পাদবিন্দু $Q(x, y)$

∴ PQ রেখার ঢাল -1 ও এটি $P(3, 2)$ বিন্দুগামী

∴ PQ রেখার সমীকরণ, $y - 2 + x - 3 = 0$

$\Rightarrow x + y - 5 = 0 \cdots\cdots\cdots$ (i)

আবার, AB রেখার সমীকরণ, $\frac{y-2}{5-2} = \frac{x-1}{4-1}$

$\Rightarrow x - y + 1 = 0 \cdots\cdots\cdots$ (ii)

∴ (i) ও (ii) হতে পাই, $x + 1 = 5 - x \Rightarrow x = 2$

এবং $y = 3$

∴ P থেকে AB এর উপর অঙ্কিত লম্বের পাদবিন্দু $(2, 3)$ **(Ans.)**

10.



[RB'21]

AB রেখার সমীকরণ $x + y = 4$; C, AB এর মধ্যবিন্দু।

(খ) E বিন্দুগামী AB এর সমান্তরাল সরলরেখা অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ উৎপন্ন করে তার ক্ষেত্রফল নির্ণয় কর।

(খ) Sol^{n}: AB রেখার ঢাল $= -1$, CD রেখার ঢাল m হলে

$m(-1) = -1$ বা, $m = 1$, CD রেখা $(-8, -2)$ বিন্দুগামী

∴ CD রেখার সমীকরণ $y + 2 = x + 8$

বা, $x - y + 6 = 0 \ldots\ldots\ldots\ldots$ (i)

(ii) নং রেখায় $y = 0$ বসিয়ে পাই, $x = -6$

∴ $E = (-6, 0)$

∴ E বিন্দুগামী ও AB এর সমান্তরাল সরলরেখার সমীকরণ,

$y = -1(x + 6)$ বা, $x + y = -6$ বা, $\frac{x}{-6} + \frac{y}{-6} = 1$

∴ উৎপন্ন ত্রিভুজের ক্ষেত্রফল

$\Delta = \frac{1}{2} \times 6 \times 6 = 18$ বর্গ একক **(Ans.)**



11.



[RB'21]

(খ) P, AB এর মধ্যবিন্দু হলে CD রেখার সমীকরণ নির্ণয় কর।

(খ) Sol^{n}: $A(2, 1)$ ও $B(5, 2)$ এর মধ্যবিন্দু $P(x, y)$

∴ $P(x, y) \equiv \left(\frac{5+2}{2}, \frac{2+1}{2}\right) \equiv \left(\frac{7}{2}, \frac{3}{2}\right)$

আবার, AB রেখার ঢাল: $m_1 = \frac{2-1}{5-2} = \frac{1}{3}$

$CD \perp AB$

∴ CD রেখার ঢাল, -3 এবং CD রেখা $P\left(\frac{7}{2}, \frac{3}{2}\right)$ বিন্দুগামী।

∴ CD রেখার সমীকরণ: $y - \frac{3}{2} = -3\left(x - \frac{7}{2}\right)$

বা, $3x + y - 12 = 0$ **(Ans.)**

Educationblog24.com

12.



[SB'21]

(খ) E বিন্দুগামী এবং AB রেখার উপর লম্ব রেখার সমীকরণ নির্ণয় কর।

(খ) **Sol^n:** DC রেখার সমীকরণ $\frac{x}{8}+\frac{y}{-4}=1$

$\Rightarrow x-2y-8=0 \cdots\cdots$ (i)

AB রেখার সমীকরণ $x+2y-4=0 \cdots\cdots$ (ii)

(i) + (ii) করে, $2x-12=0 \Rightarrow x=6$

(ii) − (i) করে, $4y+4=0 \Rightarrow y=-1$

$\therefore E=(6,-1)$

AB রেখার উপর লম্ব রেখার সমীকরণ,

$2x-y+k=0 \ldots\ldots\ldots$ (iii)

(iii) নং রেখাটি E(6, −1) বিন্দুগামী

$\therefore 2\cdot 6+1+k=0 \Rightarrow k=-13$

$\therefore$ নির্ণেয় লম্ব রেখার সমীকরণ, $2x-y-13=0$ **(Ans.)**

13. $7x-y=5 \cdots\cdots$ (i)
$x+y=-7 \cdots\cdots$ (ii) [SB'21]

(খ) $(-1,5)$ বিন্দুগামী এবং (i) নং রেখার উপর অঙ্কিত লম্বের পাদবিন্দুর স্থানাঙ্কের মাধ্যমে বিন্দুটি হতে রেখাটির লম্ব দূরত্ব নির্ণয় কর।

(খ) **Sol^n:** নির্ণেয় লম্ব রেখাটি $x+7y=-1+35$

$\Rightarrow x+7y-34=0 \cdots\cdots$ (iii)

$7x-y-5=0 \cdots\cdots$ (i)

(i) ও (iii) নং সমাধান করে, পাদবিন্দুর স্থানাঙ্ক $\equiv \left(\frac{69}{50},\frac{233}{50}\right)$

$\therefore$ নির্ণেয় লম্ব দূরত্ব $=\sqrt{\left(\frac{69}{50}+1\right)^2+\left(\frac{233}{50}-5\right)^2}$ একক

$=\frac{17}{5\sqrt{2}}$ একক **(Ans.)**

14. (ক) $(0,-3)$ ও $(5,0)$ বিন্দুদ্বয়ের সংযোজক সরলরেখার সমান্তরাল এবং $(3,5)$ বিন্দুগামী সরলরেখার সমীকরণ নির্ণয় কর। [BB'21]

(ক) **Sol^n:** নির্ণেয় রেখাটির ঢাল, $m=\frac{0-(-3)}{5-0}=\frac{3}{5}$

$\therefore$ রেখাটি: $y-y_1=m(x-x_1) \Rightarrow y-5=\frac{3}{5}(x-3)$

$\Rightarrow 5y-25=3x-9 \Rightarrow 3x-5y+16=0$ **(Ans.)**

15.

দৃশ্যকল্প:



[JB'21]

AB রেখার সমীকরণ $2x+3y=12$ এবং CD রেখার উপর (6, 4) একটি বিন্দু।

(খ) AB ∥ CD এবং CD রেখার সমত্রিখণ্ডক বিন্দুদ্বয় P ও Q হলে, ΔOPQ এর ক্ষেত্রফল বের কর।

(খ) **Sol^n:** CD ∥ AB

$\therefore$ CD রেখার সমীকরণ, $2x+3y=k \cdots\cdots$ (i)

এটি (6, 4) বিন্দুগামী। $\therefore k=2\times 6+3\times 4=24$

$\therefore$ CD রেখার সমীকরণ $2x+3y=24$

$\Rightarrow \frac{x}{12}+\frac{y}{8}=1 \cdots\cdots$ (ii)

$\therefore$ C বিন্দুর স্থানাঙ্ক, (12, 0) ; D বিন্দুর স্থানাঙ্ক (0, 8)

$\therefore$ P বিন্দুর স্থানাঙ্ক, $\left(\frac{12\times 2+0}{2+1},\frac{0\times 2+8}{2+1}\right)\equiv\left(8,\frac{8}{3}\right)$

Q বিন্দুর স্থানাঙ্ক, $\left(\frac{12+0\times 2}{1+2},\frac{0\times 1+8\times 2}{1+2}\right)=\left(4,\frac{16}{3}\right)$

$\therefore$ OPQ ত্রিভুজের ক্ষেত্রফল, $\Delta=\frac{1}{2}\begin{vmatrix}0 & 0 & 1\\ 8 & \frac{8}{3} & 1\\ 4 & \frac{16}{3} & 1\end{vmatrix}$

$=\frac{1}{2}\left(\frac{128}{3}-\frac{32}{3}\right)$ বর্গ একক $=16$ বর্গ একক **(Ans.)**

16.



[Din.B'21]

(গ) CD ⊥ AB এবং AC: BC = 2: 3 হলে CD রেখার সমীকরণ নির্ণয় কর।

(গ) **Sol^n:** AB রেখাকে C বিন্দুটি 2: 3 অনুপাতে বিভক্ত করে।

$\therefore C=\left(\frac{2\cdot 0+3\cdot 10}{2+3},\frac{2\cdot 5+3\cdot 0}{2+3}\right)$ A(10,0) — 2 — C — 3 — B(0,5)

$=(6,2)$

AB রেখার ঢাল, $m_{AB}=\frac{5-0}{0-10}=-\frac{1}{2}$

$\because$ AB ⊥ CD $\therefore m_{AB}\times m_{CD}=-1 \therefore m_{CD}=\frac{-1}{-\frac{1}{2}}=2$

$\therefore$ CD রেখার সমীকরণ, $y-2=2(x-6)$

$\Rightarrow y-2=2x-12 \Rightarrow 2x-y-10=0$ **(Ans.)**

17. দৃশ্যকল্প: $3x+8y-24=0$. [MB'21]

(ক) দৃশ্যকল্পের রেখাটির উপর লম্ব এবং (3, 8) বিন্দুগামী সরলরেখার সমীকরণ নির্ণয় কর।

(ক) Soln: $3x + 8y - 24 = 0 \dots\dots\dots\dots$ (i)
(i) এর উপর লম্ব রেখার সমীকরণ,
$8x - 3y = k \dots\dots\dots\dots$ (ii)
এটি (3, 8) বিন্দুগামী∴ $k = 3 \times 8 - 3 \times 8 = 0$
∴ নির্ণেয় সরলরেখার সমীকরণ $8x - 3y = 0$ (Ans.)

18. একটি সরলরেখার সমীকরণ $4x - 3y + c = 0$ এর উপর দুটি বিন্দু $P(4, 3)$ এবং $Q(-8, -5)$। [RB'19]
(খ) PQ রেখার লম্ব সমদ্বিখণ্ডক দ্বারা x -অক্ষের ছেদাংশ নির্ণয় কর।

(খ) Soln: PQ এর মধ্যবিন্দু $\left(\frac{4-8}{2}, \frac{3-5}{2}\right) \equiv (-2, -1)$.
PQ এর ঢাল, $m_1 = \frac{3-(-5)}{4-(-8)} = \frac{2}{3}$
PQ এর লম্ব সমদ্বিখণ্ডকের ঢাল, $m_2 = \frac{-3}{2}$
$(-2, -1)$ বিন্দুগামী PQ এর লম্বদ্বিখণ্ডকের সমীকরণ,
$y - (-1) = m_2(x + 2) \Rightarrow y + 1 = \frac{-3}{2}(x + 2)$
$\Rightarrow 3x + 2y + 8 = 0 \dots\dots\dots$ (i)
$y = 0$ হলে, (i) $\Rightarrow x = -\frac{8}{3}$
∴ x অক্ষের ছেদাংশ $= \frac{8}{3}$ একক। (Ans.)

19. তিনটি বিন্দুর স্থানাঙ্ক $A(a, -1), B(0, -2)$ এবং $C(-2, -4)$। [SB'17]
(খ) উদ্দীপকের আলোকে AB এর মধ্যবিন্দুর ভুজ $\frac{\sqrt{5}}{2}$ হলে, C বিন্দুগামী AB-এর উপর লম্ব রেখার সমীকরণ নির্ণয় কর।

(খ) Soln: ∴ $\frac{a+0}{2} = \frac{\sqrt{5}}{2}$; ∴ $a = \sqrt{5}$
$(\sqrt{5}, -1)$ & $(0, -2)$ বিন্দুগামী সরলরেখার সমীকরণ,
$\frac{x-\sqrt{5}}{0-\sqrt{5}} = \frac{y+1}{-2+1} \Rightarrow x - \sqrt{5}y - 2\sqrt{5} = 0$
উক্ত রেখার উপর লম্ব রেখার সমীকরণ $\sqrt{5}x + y + k = 0$ যা $(-2, -4)$ বিন্দুগামী।
∴ $k = 2\sqrt{5} + 4$
∴ সরলরেখার সমীকরণ, $\sqrt{5}x + y + 2\sqrt{5} + 4 = 0$ (Ans.)

20. $5x - 4y - 1 = 0$ ও $-8x + 7x + 1 = 0$ রেখাদ্বয়ের ছেদবিন্দু স্টেশন মাস্টারের কক্ষে অবস্থিত। [CB'17]
$4x + 3y - 5 = 0$ রেখা বরাবর রেলপথের একটি লাইন অবস্থিত।
(খ) স্টেশন মাস্টারের কক্ষ বিন্দু হতে রেললাইনের উপর অঙ্কিত লম্বের সমীকরণ নির্ণয় কর।

(খ) Soln: $5x - 4y - 1 = 0 \dots\dots\dots$ (i)
$-8x + 7y + 1 = 0 \dots\dots\dots$ (ii)
(i) ও (ii) সমাধান করে পাই, $\frac{x}{-4+7} = \frac{y}{8-5} = \frac{1}{35-32}$
∴ $x = 1$ এবং $y = 1$
∴ ছেদবিন্দু $= (1, 1)$
এখন, $4x + 3y - 5 = 0$ রেখার উপর লম্ব রেখার সমীকরণ,
$3x - 4y + k = 0 \dots\dots\dots$ (iii),
যা (1,1) বিন্দুগামী।
∴ সিদ্ধ করে পাই, $3 \cdot 1 - 4 \cdot 1 + k = 0$
$\Rightarrow 3 - 4 + k = 0 \Rightarrow k = 1$
k এর মান (iii) নং এ বসিয়ে পাই নির্ণেয় লম্ব রেখার সমীকরণ, $3x - 4y + 1 = 0$ (Ans.)

21.



[ঢাকা সিটি কলেজ, ঢাকা]

(খ) CD এর পাদবিন্দুর স্থানাংক ও এর মাধ্যমে CD এর দৈর্ঘ্য নির্ণয় কর।

(খ) Soln: AB রেখার সমীকরণ, $\frac{y-0}{x-3} = \frac{0-2}{3-0}$
$\Rightarrow 3y = -2x + 6 \Rightarrow 2x + 3y - 6 = 0 \dots\dots\dots$ (i)
যেহেতু AB ⊥ CD এবং CD রেখাটি (2, 3) বিন্দুগামী,
∴ CD $\Rightarrow 3x - 2y = 3 \times 2 - 2 \times 3$
$\Rightarrow 3x - 2y = 0 \dots\dots\dots$ (ii)
AB এর ওপর CD এর পাদবিন্দু হলে (i) ও (ii) নং সমীকরণের ছেদবিন্দু।
$2x + 3y - 6 = 0 \dots\dots\dots$ (i)
$3x - 2y = 0 \dots\dots\dots$ (ii)
$\frac{x}{0-12} = \frac{y}{-18-0} = \frac{1}{-4-9} \Rightarrow \frac{x}{12} = \frac{y}{18} = \frac{1}{13}$
∴ $x = \frac{12}{13}, y = \frac{18}{13}$ ∴ $C \equiv \left(\frac{12}{13}, \frac{18}{13}\right)$ (Ans.)
∴ $CD = \sqrt{\left(2 - \frac{12}{13}\right)^2 + \left(3 - \frac{18}{13}\right)^2}$
$= \sqrt{\frac{196}{169} + \frac{441}{169}} = \frac{7}{\sqrt{13}}$ (Ans.)

22.



[আদমজী ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা]

AB রেখার সমীকরণ $4x - 3y + 12 = 0$ এবং AB || CD
(গ) $(2, -1)$ বিন্দু থেকে AB রেখার উপর অঙ্কিত লম্বের পাদবিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর।

Educationblog24.com

(গ) Sol": দেওয়া আছে, AB রেখার সমীকরণ,

$4x - 3y + 12 = 0$ ..... (i)

AB রেখার উপর লম্ব ও $(2, -1)$ বিন্দুগামী সরলরেখার সমীকরণ, $3x + 4y = (3 \times 2) + 4(-1)$

$\Rightarrow 3x + 4y = 2 \Rightarrow 3x + 4y - 2 = 0$ ..... (ii)

$(2, -1)$ বিন্দু হতে AB রেখার উপর লম্বের পাদবিন্দু হবে সমীকরণ (i) ও (ii) এর ছেদবিন্দু।

$4x - 3y + 12 = 0$ ..... (i)

$3x + 4y - 2 = 0$ ..... (ii)

$\frac{x}{6-48} = \frac{y}{36+8} = \frac{1}{16+9} \Rightarrow \frac{x}{-42} = \frac{1}{44} = \frac{1}{25}$

$\therefore x = -\frac{42}{25}; y = \frac{44}{25}$

$\therefore$ নির্ণেয় বিন্দু $\equiv \left(-\frac{42}{25}, \frac{44}{25}\right)$ (Ans.)

23. চিত্রে, $PQ \perp AB$ $A(0,3), B(4,0)$ এবং $C(1,-2)$, Q [illegible]



[বরিশাল ক্যাডেট কলেজ, [illegible]

(খ) P বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর।

(খ) Sol": $A(0,3), B(4,0)$; AB রেখার সমীকরণ: $\frac{x}{4} + \frac{y}{3} = 1$

$\Rightarrow 3x + 4y - 12 = 0$ ..... (i)

AB এর উপর লম্ব রেখা PQ এর সমীকরণ: $4x - 3y + k =$ যা $Q(3,4)$ বিন্দুগামী।

$\therefore 4 \times 3 - 3 \times 4 + k = 0 \Rightarrow k = 0$

$\therefore$ PQ এর সমীকরণ: $4x - 3y = 0$ ..... (ii)

(i) $\times 3$ + (ii) $\times 4$ করে পাই,

$9x + 12y - 36 + 16x - 12y = 0$

$\Rightarrow 25x = 36 \Rightarrow x = \frac{36}{25}$

$x = \frac{36}{25}$ (i) নং এ বসিয়ে পাই, $y = \frac{48}{25}$

$\therefore$ নির্ণেয় ছেদবিন্দু, P এর স্থানাঙ্ক $\left(\frac{36}{25}, \frac{48}{25}\right)$ (Ans.)

নিজে করো

24.



[RB'22]

(গ) AB রেখাংশের লম্বদ্বিখণ্ডকের সমীকরণ নির্ণয় কর।

[Ans: $x - 3y + 9 = 0$]

25.



[SB'22]

(খ) D বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর। **[Ans: $\left(\frac{54}{25}, \frac{28}{25}\right)$]**

26. $L(2,-1)$, $M(-3,3)$ [JB'22]

(খ) L ও M বিন্দুদ্বয়ের সংযোগ সরলরেখার উপর অঙ্কিত লম্বদ্বিখণ্ডকের সমীকরণ নির্ণয় কর।

[Ans: $10x - 8y + 13 = 0$]

27. $A(3,-2)$, $B(5,6)$ দুটি বিন্দু $3x + 4y - 1 = 0$ ও $5x - 12y + 3 = 0$ দুটি সরলরেখার সমীকরণ [Din.B'22]

(খ) AB এর লম্ব সমদ্বিখণ্ডক রেখাটি y- অক্ষকে যে বিন্দুতে ছেদ করে তা নির্ণয় কর।

[Ans: y অক্ষকে $(0, 3)$ বিন্দুতে ছেদ করে]

28.



[RB'2

AB রেখার সমীকরণ $x + y = 4$; C, AB এর মধ্যবিন্দু।

(গ) O বিন্দু এবং EC রেখার সমত্রিখণ্ডন বিন্দুদ্বয়ের সংযোগ রেখার সমীকরণ নির্ণয় কর।

[Ans: $5x + 4y = 0$ এবং $5x + 13y =$

29. AB রেখার সমীকরণ $2x + 3y = 12$ [JB'2

(গ) $(5,5)$ বিন্দু হতে AB রেখার উপর অঙ্কিত লম্বের পাদবিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর। **[Ans: (3.2**

30.



[Din.B'2

(খ) P বিন্দু হতে AB রেখার উপর অঙ্কিত লম্বের পাদবিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর। **[Ans: $\left(\frac{9}{5}, -\frac{3}{5}\right.$**

Educationblog24.com

31. A(2, 4), B(3,1), C(4, 5) [RB'17]
(খ) C বিন্দু থেকে AB সরলরেখার উপর অঙ্কিত লম্বের পাদবিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর। [Ans: $\left(\frac{19}{10}, \frac{43}{10}\right)$]

32. (ক) (3, 5) ও (6, 7) বিন্দুদ্বয়ের সংযোজক রেখার লম্ব দ্বিখণ্ডকের ঢাল নির্ণয় কর। [Ctg.B'17] [Ans: $-\frac{3}{2}$]

33. (ক) মূলবিন্দুগামী যে রেখা $2x + 5y + 6 = 0$ রেখার উপর লম্ব তার সমীকরণ নির্ণয় কর। [CB'17] [Ans: $5x - 2y = 0$]

T-09: বহিঃস্থ বিন্দু হতে সরলরেখার লম্ব দূরত্ব নির্ণয় সংক্রান্ত

Concept

(α, β) বিন্দু হতে $ax + by + c = 0$ রেখার লম্ব দূরত্ব: $d = \frac{|a\alpha + b\beta + c|}{\sqrt{a^2+b^2}}$ একক

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01.



[DB'23]

(গ) AB এর উপর লম্বরেখার সমীকরণ নির্ণয় কর যা P বিন্দু থেকে 2 একক দূরে অবস্থিত।

(গ) **Sol^n:** AB সরলরেখার সমীকরণ, $y - 5 = \frac{5-(-1)}{-1-3}(x + 1)$

$= 3x + 2y - 7 = 0$

AB সরলরেখার উপর লম্ব সরলরেখার সমীকরণ,

$2x - 3y + k = 0$

P(1, −1) বিন্দু হতে 2 একক দূরে হলে, $\frac{|2\times1-3(-1)+k|}{\sqrt{2^2+3^2}} = 2$

$\Rightarrow |5 + k| = 2\sqrt{13} \Rightarrow k + 5 = \pm 2\sqrt{13}$

$\therefore k = -5 \pm 2\sqrt{13}$

$\therefore$ নির্ণেয় সমীকরণ: $2x - 3y - 5 \pm 2\sqrt{13} = 0$ **(Ans.)**

02.



[DB'22]

$AB = 4x + 3y - 12 = 0$ এবং $AB \parallel CD$

(খ) মূল বিন্দু হতে AB ও CD রেখার দূরত্ব সমান হলে CD রেখার সমীকরণ নির্ণয় কর।

(খ) **Sol^n:** $AB = 4x + 3y - 12 = 0$ ..... (i)

$AB \| CD$

ধরি, CD রেখার সমীকরণ, $4x + 3y + k = 0$ ..... (ii)

মূলবিন্দু হতে AB রেখার দূরত্ব, $d_1 = \left|\frac{0+0-12}{\sqrt{4^2+3^2}}\right| = \frac{12}{5}$ একক

মূলবিন্দু হতে CD রেখার দূরত্ব, $d_2 = \left|\frac{0+0+k}{\sqrt{4^2+3^2}}\right| = \left|\frac{k}{5}\right|$ একক

শর্তমতে, $d_1 = d_2 \Rightarrow \frac{12}{5} = \left|\frac{k}{5}\right| \Rightarrow \frac{12}{5} = \pm\frac{k}{5}$

$\therefore k = \pm 12$

$k = -12$ হলে AB এর সমীকরণ পাওয়া যায়।

$\therefore$ CD এর জন্য, $k = 12$

$\therefore$ CD রেখার সমীকরণ, $4x + 3y + 12 = 0$ **(Ans.)**

03.



[CB'22]

(খ) B (6,6) বিন্দু হতে AC সরলরেখার লম্ব দূরত্ব নির্ণয় কর।

(খ) **Sol^n:** দেওয়া আছে, A(−2, −6) ও C(−6, −2)

AC সরলরেখার সমীকরণ: $\frac{x+2}{-2+6} = \frac{y+6}{-6+2} \Rightarrow \frac{x+2}{4} = \frac{y+6}{-4}$

$\Rightarrow x + 2 = -y - 6 \therefore x + y + 8 = 0$

$\therefore$ B(6, 6) বিন্দু হতে AC সরলরেখার লম্ব দূরত্ব:

$\left|\frac{6+6+8}{\sqrt{1^2+1^2}}\right| = \left|\frac{20}{\sqrt{2}}\right| = 10\sqrt{2}$ একক **(Ans.)**

04. দৃশ্যকল্প-২: $8x + 15y - 12 = 0$ [DB'17]

(খ) দৃশ্যকল্প-২: নং সরলরেখার সমান্তরাল 2 একক দূরবর্তী সরলরেখার মূলবিন্দু হতে লম্ব দূরত্ব নির্ণয় কর।

(খ) **Sol^n:** $8x + 15y - 12 = 0$ সরলরেখার সমান্তরাল এরূপ যেকোনো রেখার সমীকরণ, $8x + 15y + k = 0$ ..... (i)

প্রশ্নমতে, প্রদত্ত সরলরেখা এবং তার সমান্তরাল সরলরেখা (1) এর মধ্যবর্তী দূরত্ব 2 একক।

অতএব, $\frac{|k+12|}{\sqrt{64+225}} = 2 \Rightarrow \frac{|k+12|}{17} = 2 \Rightarrow |k + 12| = 34$

$\Rightarrow k + 12 = \pm 34 \Rightarrow k = -46, 22$

সুতরাং, সমান্তরাল সরলরেখা দুইটির সমীকরণ

$8x + 15y - 46 = 0$ ও $8x + 15y + 22 = 0$

এখন মূলবিন্দু হতে ১ম সমান্তরাল সরলরেখার দূরত্ব

$= \frac{|0+0-46|}{17} = \frac{46}{17}$ একক।

এবং মূলবিন্দু হতে ২য় সমান্তরাল সরলরেখার দূরত্ব

$= \frac{|0+0+22|}{17} = \frac{22}{17}$ একক। **(Ans.)**

05. দৃশ্যকল্প-২: $4x - 3y - 7 = 0$. [BB'17]

(গ) দৃশ্যকল্প ২ দ্বারা বর্ণিত রেখাটির সমান্তরাল রেখাগুলোর সমীকরণ নির্ণয় কর যাদের দূরত্ব (1, 2) বিন্দু হতে $5\frac{1}{2}$ একক।

(গ) **Sol^n:** $4x - 3y - 7 = 0$ ..... (i) রেখার সমান্তরাল রেখার সমীকরণ: $4x - 3y + k = 0$ .... (ii)

(1, 2) বিন্দু থেকে (ii) নং রেখার লম্ব দূরত্ব

$= \left|\frac{4\cdot1-3\cdot2+k}{\sqrt{4^2+(-3)^2}}\right| = \left|\frac{4-6+k}{\sqrt{16+9}}\right| = \left|\frac{k-2}{\sqrt{25}}\right| = \left|\frac{k-2}{5}\right|$

প্রশ্নমতে, $\left|\frac{k-2}{5}\right| = \frac{11}{2} \Rightarrow \frac{k-2}{5} = \pm\frac{11}{2} \Rightarrow 2k - 4 = \pm 55$

$\Rightarrow 2k = \pm 55 + 4 \Rightarrow k = \frac{\pm 55+4}{2}$ .... (iii)

(iii) এর ডানপক্ষে ' + ' নিয়ে পাই, $k = \frac{55+4}{2} = \frac{59}{2}$

এবং ডানপক্ষে ' − ' নিয়ে পাই, $k = \frac{-55+4}{2} = \frac{-51}{2}$

$k = \frac{59}{2}$, (ii) নং এ বসিয়ে পাই, $4x - 3y + \frac{59}{2} = 0$

$\Rightarrow 8x - 6y + 59 = 0$

এবং $k = \frac{-51}{2}$, (ii) নং এ বসিয়ে পাই, $4x - 3y - \frac{51}{2} = 0$

$\Rightarrow 8x - 6y - 51 = 0$

∴ নির্ণেয় সমান্তরাল রেখাদ্বয়ের সমীকরণ $8x - 6y + 59 = 0$ এবং $8x - 6y - 51 = 0$ **(Ans.)**

06. একটি সরলরেখা (−2, −5) বিন্দুগামী এবং x ও y-অক্ষকে যথাক্রমে A ও B বিন্দুতে ছেদ করে যেন $OA + 2OB = 0$ হয়, যখন O মূলবিন্দু। [ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ, ঢাকা]

(ক) (1, −2) বিন্দু থেকে $7\frac{1}{2}$ একক দূরবর্তী এবং $3x + 4y = 7$ রেখাটির সমান্তরাল রেখা দুটির সমীকরণ নির্ণয় কর।

(ক) **Sol^n:** ধরি, $3x + 4y = 7$ রেখার সমান্তরাল রেখাটি $3x + 4y + k = 0$ যেটি (1, −2) বিন্দু হতে $7\frac{1}{2}$ একক দূরত্বে অবস্থিত।

$\therefore \frac{|3\times1+4(-2)+k|}{\sqrt{3^2+4^2}} = \frac{15}{2} \Rightarrow \frac{|k-5|}{5} = \frac{15}{2} \Rightarrow k - 5 = \pm\frac{75}{2}$

$\therefore k = \frac{85}{2}$ অথবা $-\frac{65}{2}$

∴ নির্ণেয় সরলরেখা: $3x + 4y + \frac{85}{2} = 0$

$\Rightarrow 6x + 8y + 85 = 0$ **(Ans.)**

অথবা, $3x + 4y - \frac{65}{2} = 0 \Rightarrow 6x + 8y - 65 = 0$ (A

07.



[আদমজী ক্যান্টনমেন্ট কলেজ,

AB রেখার সমীকরণ $4x - 3y + 12 = 0$ এবং AB||

(খ) মূল বিন্দু হতে AB ও CD রেখার দূরত্ব সমান হলে রেখার সমীকরণ নির্ণয় কর।

(খ) **Sol^n:** AB রেখার সমীকরণ $\Rightarrow 4x - 3y + 12 = 0$

যেহেতু AB||CD, ধরি, CD রেখার সমীকরণ

$\Rightarrow 4x - 3y + k = 0$

মূলবিন্দু হতে দুটি রেখার দূরত্ব সমান।

$\therefore \frac{|4\times0-3\times0+12|}{\sqrt{4^2+3^2}} = \frac{|4\times0-3\times0+k|}{\sqrt{4^2+3^2}} \Rightarrow |12| = |k|$

$\therefore k = \pm 12$

তবে $k = 12$ হলে AB এর সমীকরণ পাওয়া যায়।

$\therefore k \neq 12; k = -12$

∴ CD এর সমীকরণ $\Rightarrow 4x - 3y - 12 = 0$ **(Ans.)**

T-10: দুইটি সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যবর্তী লম্ব দূরত্ব নির্ণয় সংক্রান্ত

Concept

$ax + by + c_1 = 0$ ও $ax + by + c_2 = 0$ সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যবর্তী লম্ব দূরত্ব, $d = \frac{|c_1 - c_2|}{\sqrt{a^2+b^2}}$ একক

[**Note:** সূত্রটি ব্যবহারের সময় অবশ্যই সমান্তরাল সরলরেখাদ্বয়ের x ও y এর সহগদ্বয় একই বানিয়ে নিতে হবে।]

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01. দুইটি সরলরেখার সমীকরণ:

$x - 2y + 3 = 0$, $2x + 3y = 1$ [Ctg.B'23]

(গ) উদ্দীপকে উল্লিখিত প্রথম সরলরেখার $\sqrt{5}$ একক দূরবর্তী সমান্তরাল সরলরেখার সমীকরণ নির্ণয় কর।

(গ) **Sol^n:** উদ্দীপকের প্রথম সরলরেখা

$x - 2y + 3 = 0$ .... (i)

সমীকরণের (i)-এর সমান্তরাল সরলরেখা $x - 2y + k =$

সরলরেখা (i) হতে $\sqrt{5}$ এক দূরত্বে অবস্থিত।

$\therefore \frac{|3-k|}{\sqrt{1^2+(-2)^2}} = \sqrt{5} \Rightarrow |3 - k| = \sqrt{5}\cdot\sqrt{5}$

$\Rightarrow 3 - k = \pm 5 \Rightarrow k = 3 \pm 5 \therefore k = 8$ ও -2

∴ নির্ণেয় সমান্তরাল সরলরেখা $x - 2y + 8 = 0$

এবং $x - 2y - 2 = 0$

Educationblog24.com

02.



[SB'23]

(খ) ON রেখার সমান্তরাল এবং উহা হতে $6\sqrt{2}$ একক দূরবর্তী সরলরেখার সমীকরণ নির্ণয় কর।



(খ) **Sol^n:** x-অক্ষের ধনাত্মক দিকের সাথে ON রেখার উৎপন্ন কোণ,

$\theta = \angle NOB + \angle BOX = 45° + 90° = 135°$

$\therefore$ ঢাল, $M_{ON} = \tan\theta = \tan 135° = -1$

$\therefore$ ON রেখার সমীকরণ, $y - 0 = -1(x - 0)$

$\Rightarrow x + y = 0$ ... ... (i)

ON রেখার সমান্তরাল রেখার সমীকরণ,

$x + y + k = 0$ ... ... (ii)

প্রশ্নমতে, $\frac{|k-0|}{\sqrt{1^2+1^2}} = 6\sqrt{2} \Rightarrow k = \pm 6\sqrt{2} \times \sqrt{2} = \pm 12$

$\therefore$ নির্ণেয় সমীকরণ $x + y + 12 = 0$

এবং $x + y - 12 = 0$ **(Ans.)**

03. (ক) $2x - 3y + k = 0$ এবং $2x - 3y = 0$ রেখাদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব $2\sqrt{13}$ একক হলে k এর মান নির্ণয় কর। [RB'22]

(ক) **Sol^n:** $2x - 3y + k = 0$ এবং $2x - 3y = 0$ রেখাদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব, $d = \left|\frac{k-0}{\sqrt{2^2+(-3)^2}}\right| = \left|\frac{k}{\sqrt{4+9}}\right| = \left|\frac{k}{\sqrt{13}}\right|$ একক

এখন, $d = 2\sqrt{13} \Rightarrow \left|\frac{k}{\sqrt{13}}\right| = 2\sqrt{13}$

$\Rightarrow \pm\frac{k}{\sqrt{13}} = 2\sqrt{13} \Rightarrow \pm k = 2\sqrt{13} \cdot \sqrt{13}$

$\Rightarrow \pm k = 2 \times 13 \therefore k = \pm 26$ **(Ans.)**

04. (ক) $4x - 3y + 2 = 0$ এবং $8x - 6y - 9 = 0$ সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব নির্ণয় কর। [RB'21]

(ক) **Sol^n:** $4x - 3y + 2 = 0$

বা, $8x - 6y + 4 = 0$ ... ... (i)

এবং $8x - 6y - 9 = 0$ ... ... (ii)

$\therefore$ মধ্যবর্তী দূরত্ব $d = \left|\frac{4+9}{\sqrt{36+64}}\right| = \frac{13}{10}$ একক **(Ans.)**

05.



[BB'19]

P এবং Q বিন্দু দুটি AB কে সমান তিনভাগ করে।

(গ) PQ সরলরেখার সমান্তরাল এবং $2\frac{2}{5}$ একক দূরবর্তী সরলরেখার সমীকরণ নির্ণয় কর।

(গ) **Sol^n:** PQ সরলরেখার সমীকরণ, $\frac{x}{4} + \frac{y}{3} = 1$

$\therefore 3x + 4y - 12 = 0$ ... ... (i)

ধরি, PQ এর উপর একটি বিন্দু (α, β)

$\therefore 3\alpha + 4\beta - 12 = 0$ ... ... (ii)

(i) নং এর সমান্তরাল যেকোনো রেখার সমীকরণ,

$3x + 4y + k = 0$ ... ... (iii)

এখন, $\frac{|3\alpha+4\beta+k|}{\sqrt{9+16}} = 2\frac{2}{5} \Rightarrow \frac{|12+k|}{5} = \frac{12}{5}$ [ii নং হতে]

$\Rightarrow |12 + k| = 12$

এখন, '+' নিয়ে, $12 + k = 12 \therefore k = 0$

$\therefore 3x + 4y = 0$

আবার, '−' নিয়ে, $12 + k = -12 \therefore k = -24$

$\therefore 3x + 4y - 24 = 0$ **(Ans.)**

নিজে করো

06. (ক) $3x - 4y + 2 = 0$ এবং $6x - 8y - 7 = 0$ সমান্তরাল সরলরেখাদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব নির্ণয় কর। [JB'21] [Ans: $\frac{11}{10}$ একক]

07.



[CB'21]

(খ) AB সরলরেখার সমান্তরাল এবং তা হতে 2 একক দূরে অবস্থিত সরলরেখাগুলির সমীকরণ নির্ণয় কর।

[Ans: $4x + 3y + 2 = 0$ এবং $4x + 3y - 18$]

08.



[DB, SB, JB, Din.B'18]

(খ) AB রেখার 4 একক দূরবর্তী সমান্তরাল রেখার সমীকরণ নির্ণয় কর। [Ans: $5x + 9y - 27 \pm 4\sqrt{106} = 0$]

09. দৃশ্যকল্প: [Ctg.B'17]



(খ) দৃশ্যকল্পের আলোকে AB রেখা হতে 3 একক দূরত্বে সমান্তরাল রেখার সমীকরণ নির্ণয় কর।

[Ans: $3x + 4y + 3 = 0$; $3x + 4y - 27 =$

T-11: ত্রিভুজের বিভিন্ন ধরনের কেন্দ্র নির্ণয় সংক্রান্ত

Concept

(i) ভরকেন্দ্র: ত্রিভুজের মধ্যমাগুলোর ছেদবিন্দুকে ভরকেন্দ্র বলে। মধ্যমা হলো ত্রিভুজের একটি শীর্ষ এবং তার বিপরীত বাহুর মধ্য সংযোগ রেখা।

(ii) পরিকেন্দ্র: যে বৃত্ত ত্রিভুজের তিনটি শীর্ষ দিয়ে যায় তাই পরিবৃত্ত। পরিবৃত্তের কেন্দ্রকে পরিকেন্দ্র বলে। ত্রিভুজের বাহুগুলো সমদ্বিখণ্ডকগুলোর ছেদবিন্দুই পরিকেন্দ্র।

[Note: সমকোণী ত্রিভুজের পরিকেন্দ্র হলো অতিভুজের মধ্যবিন্দু।]

(iii) অন্তঃকেন্দ্র: যে বৃত্ত কোনো ত্রিভুজের অভ্যন্তরে অবস্থান করে এবং ত্রিভুজটির প্রতিটি বাহুকে স্পর্শ করে তাকে অন্তঃবৃত্ত অন্তঃবৃত্তের কেন্দ্রকে অন্তঃকেন্দ্র বলে। ত্রিভুজের কোণের সমদ্বিখণ্ডকগুলোর ছেদবিন্দুই অন্তঃকেন্দ্র।

(iv) লম্ববিন্দু/লম্বকেন্দ্র: ত্রিভুজের একটি শীর্ষ হতে বিপরীত বাহুগুলোর উপর অঙ্কিত লম্বগুলোর ছেদবিন্দুকে লম্ববিন্দু লম্বকেন্দ্র বলে।



[a, b, c হলো BC, AC ও AB বাহুর দৈর্ঘ্য]

- ভরকেন্দ্র $\left(\frac{x_1+x_2+x_3}{3}, \frac{y_1+y_2+y_3}{3}\right)$
- পরিকেন্দ্র বের করার ক্ষেত্রে বৃত্তের সাধারণ সমীকরণ: $x^2 + y^2 + 2gx + 2fy + c = 0$ ব্যবহার করা খুবই সুবিধাজনক।
- অন্তঃকেন্দ্র $\left(\frac{ax_1+bx_2+cx_3}{a+b+c}, \frac{ay_1+by_2+cy_3}{a+b+c}\right)$ [লক্ষণীয়: লবে বাহুর দৈর্ঘ্য এর সাথে বিপরীত শীর্ষের স্থানাঙ্ক গুণ করতে হবে।]
- লম্বকেন্দ্র বের করার ক্ষেত্রে দুইটি লম্ব সরলরেখার ঢালের ধারণা $(m_1 m_2 = -1)$ ব্যবহার করতে হবে।

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01. দুইটি সরলরেখা $12x - 5y + 26 = 0$ ..... (i)
এবং $x + 5y = 13$ ..... (ii) [BB'23]
এবং দুইটি বিন্দু $A(2, -1)$ ও $B(-4, 7)$

(খ) (i) নং রেখা হতে 2 একক দূরবর্তী এবং (ii) নং রেখার উপর অবস্থিত বিন্দুসমূহের স্থানাঙ্ক নির্ণয় কর।

(গ) 'খ' হতে প্রাপ্ত বিন্দুদ্বয় কোনো ত্রিভুজের দুইটি শীর্ষবিন্দু হলে এবং ত্রিভুজটির লম্ববিন্দু $\left(\frac{-9}{25}, \frac{9}{5}\right)$ হলে ত্রিভুজটির তৃতীয় শীর্ষের স্থানাঙ্ক কত?

(খ) **Sol":** উদ্দীপক হতে $12x - 5y + 26 = 0$ ..... (i);
$x + 5y = 13$ ..... (ii)

ধরি, (ii) রেখার উপর অবস্থিত বিন্দু $\left(\alpha, \frac{13-\alpha}{5}\right)$, তাহলে $\left(\alpha, \frac{13-\alpha}{5}\right)$ বিন্দু হতে $12x - 5y + 26 = 0$ রেখার লম্ব দূরত্ব 2 একক।

$$2 = \left|\frac{12\alpha - 5\left(\frac{13-\alpha}{5}\right) + 26}{\sqrt{12^2+5^2}}\right| \Rightarrow 2 = \left|\frac{12\alpha - 13 + \alpha + 26}{13}\right|$$

$\Rightarrow \pm 26 = 13\alpha + 13 \Rightarrow 13\alpha = \pm 26 - 13$

$\Rightarrow \alpha = 1, -3$

সুতরাং, বিন্দুসমূহের স্থানাঙ্ক: $\left(1, \frac{13-1}{5}\right)$ এবং $\left(-3, \frac{13+3}{5}\right)$

$\Rightarrow \left(1, \frac{12}{5}\right)$ এবং $\left(-3, \frac{16}{5}\right)$ (Ans.)

(গ) **Sol":** 'খ' হতে প্রাপ্ত বিন্দুদ্বয় $A\left(1, \frac{12}{5}\right)$ এবং $B\left(-$ কোনো ত্রিভুজের দুইটি শীর্ষবিন্দু এবং ত্রিভুজটির ল $O\left(-\frac{9}{25}, \frac{9}{5}\right)$। ধরি, C বিন্দুর স্থানাঙ্ক (α, β) হলে



AD ও BC রেখাদ্বয়ের ঢালের গুণফল $= -1$

$\Rightarrow M_{AD} \times M_{BC} = -1$

$\Rightarrow M_{AO} \times M_{BC} = -1 \Rightarrow \frac{\frac{9}{5} - \frac{12}{5}}{\frac{-9}{25} - 1} \times \frac{\beta - \frac{16}{5}}{\alpha + 3} = -1$

Educationblog24.com

$\Rightarrow \frac{15}{34} \times \frac{5\beta-16}{5\alpha+15} = -1 \Rightarrow 75\beta - 240 = -170\alpha - 510$

$\Rightarrow 170\alpha + 75\beta + 270 = 0 \ldots\ldots\ldots$ (i)

আবার, BE ও AC রেখাদ্বয়ের ঢালের গুণফল $= -1$

$\Rightarrow M_{BE} \times M_{AC} = -1 \Rightarrow M_{BO} \times M_{AC} = -1$

$\Rightarrow \frac{\frac{9}{5}-\frac{16}{5}}{\frac{\beta}{25}+3} \times \frac{\beta-\frac{12}{5}}{\alpha-1} = -1 \Rightarrow -\frac{35}{66} \times \frac{5\beta-12}{5\alpha-5} = -1$

$\Rightarrow 175\beta - 420 = 330\alpha - 330$

$\Rightarrow 330\alpha - 175\beta + 90 = 0 \ldots\ldots\ldots$ (ii)

(i) ও (ii) সমাধান করে পাই, $\left(-\frac{108}{109}, -\frac{738}{545}\right)$

$\therefore$ ত্রিভুজের তৃতীয় শীর্ষবিন্দু হবে $C\left(\frac{-108}{109}, \frac{-738}{545}\right)$ **(Ans.)**

02. [BB'22]



(ক) ΔOAB এর ক্ষেত্রফল ও তার ভরকেন্দ্র নির্ণয় কর।

(ক) **Sol^n:** প্রদত্ত চিত্র হতে O, A, B বিন্দুসমূহ চিহ্নিত করে পাই,



ΔOAB এর ক্ষেত্রফল $\frac{1}{2} \times OA \times OB = \frac{1}{2} \times \frac{5}{2} \times \frac{3}{2}$

$= \frac{15}{8}$ বর্গ একক **(Ans.)**

ΔOAB এর ভরকেন্দ্রের স্থানাঙ্ক (x, y) হলে,

$x = \frac{x_1+x_2+x_3}{3} = \frac{0+\frac{5}{2}+0}{3} = \frac{5}{6}$

$y = \frac{y_1+y_2+y_3}{3} = \frac{0+0+\frac{3}{2}}{3} = \frac{1}{2}$

$\therefore$ ভরকেন্দ্র $\left(\frac{5}{6}, \frac{1}{2}\right)$ **(Ans.)**

03. দৃশ্যকল্প-২: [Ctg.B'21]



(গ) দৃশ্যকল্প-২ হতে ABC ত্রিভুজের লম্বকেন্দ্র $H(x, y)$ নির্ণয় কর।

(গ) **Sol^n:** এখানে, BC রেখার ঢাল $= \frac{4-1}{8-3} = \frac{3}{5}$

$AD \perp BC \therefore$ AD রেখার ঢাল, $= -\frac{5}{3}$

$\therefore$ AD রেখার সমীকরণ: $(y-5) = -\frac{5}{3}(x-2)$

$\Rightarrow 3y - 15 + 5x - 10 = 0$

$\therefore 5x + 3y - 25 = 0 \cdots\cdots\cdots$ (i)



AC রেখার ঢাল $= \frac{5-4}{2-8} = \frac{-1}{6}$

$\therefore BE \perp AC \therefore$ BE রেখার ঢাল, $= 6$

$\therefore$ BE রেখার সমীকরণ: $(y-1) = 6(x-3)$

$\Rightarrow 6x - y - 17 = 0 \cdots\cdots\cdots$ (ii)

(i) ও (ii) সমাধান করে, $x = \frac{76}{23}$ এবং $y = \frac{65}{23}$

$\therefore$ লম্বকেন্দ্র, $H\left(\frac{76}{23}, \frac{65}{23}\right)$ **(Ans.)**

04. (ক) একটি ত্রিভুজের দুটি কৌণিক বিন্দুর স্থানাঙ্ক $(-3, 4)$ এবং $(5, 2)$। এর ভরকেন্দ্রের স্থানাঙ্ক $(1, 4)$ হলে তৃতীয় কৌণিক বিন্দুর স্থানাঙ্ক বের কর। [BB'21]

(ক) **Sol^n:** ধরি, ৩য় কৌণিক বিন্দু $(\alpha, \beta) \therefore -3 + 5 + \alpha = 3$

$\Rightarrow \alpha = 1$

আবার, $4 + 2 + \beta = 12 \Rightarrow \beta = 6$

$\therefore (\alpha, \beta) = (1, 6)$ **(Ans.)**

05. দৃশ্যকল্প: $B \equiv 4x + 3y - 12$ [JB'21]

$C \equiv 3x - 4y + 16, D \equiv 4x - 3y + 12.$

(গ) যদি $B = 0, C = 0$ এবং $D = 0$ ত্রিভুজের তিনটি বাহুর সমীকরণ হয় তবে ত্রিভুজটির অন্তঃকেন্দ্র নির্ণয় কর।

(গ) **Sol^n:** $B \equiv 4x + 3y - 12 = 0 \cdots\cdots\cdots$ (i)

$C \equiv 3x - 4y + 16 = 0 \cdots\cdots\cdots$ (ii)

$D \equiv 4x - 3y + 12 = 0 \cdots\cdots\cdots$ (iii)

এখানে (i) ও (ii) নং সমীকরণের ঢালের গুণফল

$\left(-\frac{4}{3}\right) \times \left(\frac{3}{4}\right) = -1$

$\therefore$ (i) ও (ii) নং রেখা পরস্পর লম্ব।

$\therefore$ (i) ও (iii) নং রেখার সূক্ষ্মকোণের সমদ্বিখণ্ডক এবং (ii) ও (iii) নং রেখার সূক্ষ্মকোণের সমদ্বিখণ্ডকদ্বয়ের ছেদবিন্দুই অন্তঃকেন্দ্র।



(i) ও (iii) এর ক্ষেত্রে $a_1a_2 + b_1b_2 = 16 - 9 > 0$

Educationblog24.com

$\therefore$ সূক্ষ্মকোণের সমদ্বিখণ্ডক: $\frac{4x+3y-12}{\sqrt{16+9}} = -\frac{4x-3y+12}{\sqrt{16+9}}$

$\Rightarrow 8x = 0 \Rightarrow x = 0 \cdots\cdots\cdots$ (iv)

(ii) ও (iii) এর ক্ষেত্রে $a_1a_2 + b_1b_2 = 12 + 12 > 0$

$\therefore$ সূক্ষ্মকোণের সমদ্বিখণ্ডক: $\frac{3x-4y+16}{\sqrt{9+16}} = -\frac{4x-3y+12}{\sqrt{9+16}}$

$\Rightarrow 7x - 7y + 28 = 0 \Rightarrow x - y + 4 = 0 \cdots\cdots\cdots$ (v)

(iv) ও (v) হতে পাই, $x = 0$ ও $y = 4 + x = 4$

$\therefore$ অন্তঃকেন্দ্র $(0, 4)$ **(Ans.)**

06.



[RB'19]

(গ) PQR ত্রিভুজের লম্ববিন্দু C(3, 2) হলে ΔPQR এর ক্ষেত্রফল নির্ণয় কর।

(গ) **Sol^n:** ধরি, $R(\alpha, \beta)$; $\left(\frac{\beta-5}{\alpha-1}\right)\left(\frac{1-2}{5-3}\right) = -1$

$\Rightarrow \left(\frac{\beta-5}{\alpha-1}\right)\left(-\frac{1}{2}\right) = -1$; $\beta = 2\alpha + 3$ ..... (i)



$\left(\frac{1-5}{5-1}\right)\left(\frac{\beta-2}{\alpha-3}\right) = -1 \Rightarrow \frac{\beta-2}{\alpha-3} = 1$

$\Rightarrow \beta - 2 = \alpha - 3 \Rightarrow 2\alpha - \alpha = -3 - 1$

$\Rightarrow \alpha = -4$; $\beta = -5$

$\therefore R(-4, -5)$

$\therefore \Delta PQR$ এর ক্ষেত্রফল $= \frac{1}{2}\begin{vmatrix} 1 & 1 & 1 \\ 5 & 1 & -4 \\ 1 & 5 & -5 \end{vmatrix}$ বর্গ একক

$= \frac{1}{2}(15 + 21 + 24)$ বর্গ একক $= 30$ বর্গ একক **(Ans.)**

07.



[JB'17]

চিত্রে: G, ΔABCএর ভরকেন্দ্র; D, BC এর মধ্যবিন্দু, $EB \perp BC$

(খ) দেখাও যে, G বিন্দুটি AD রেখাকে 2: 1 অনুপাতে অন্তর্বিভক্ত করে।

(খ) **Sol^n:** G এর স্থানাঙ্ক $\left(\frac{3+6+2}{3}, \frac{5+3+1}{3}\right) \equiv \left(\frac{11}{3}, 3\right)$

D এর স্থানাঙ্ক $\equiv \left(\frac{2+6}{2}, \frac{3+1}{2}\right) \equiv (4,2)$

$\therefore AG = \sqrt{\left(3 - \frac{11}{3}\right)^2 + (5-3)^2} = \sqrt{\frac{40}{9}}$ একক

$\therefore GD = \sqrt{\left(\frac{11}{3} - 4\right)^2 + (3-2)^2} = \sqrt{\frac{10}{9}}$ একক

$\therefore AG : GD = \sqrt{\frac{40}{9}} : \sqrt{\frac{10}{9}} = 2 : 1$

$\therefore$ G বিন্দু AD কে 2: 1 অনুপাতে অন্তর্বিভক্ত করে। (Sh

08.



[ঢাকা সিটি কলেজ

(গ) ΔOAB এর অন্তঃকেন্দ্র নির্ণয় কর।

(গ) **Sol^n:** 'খ' হতে পাই, AB রেখার সমীকরণ

$2x + 3y - 6 = 0$ ..... (i)

চিত্র হতে, OA $\Rightarrow y = 0$ ..... (ii)

OB $\Rightarrow x = 0$ ..... (iii)

(ii) ও (iii) নং সমীকরণের মধ্যবর্তী কোণের সমদ্বিখণ্ড

এখানে, $a_2 = 0, b_2 = 1$

$a_3 = 1, b_3 = 0 \therefore a_2a_3 + b_2b_3 = 0$

$\therefore$ সমদ্বিখণ্ডক $\Rightarrow \frac{y}{\sqrt{1^2}} = \frac{x}{\sqrt{1^2}} \Rightarrow x = y$

$\Rightarrow x - y = 0$ ..... (iv)

আবার, (i) ও (iii) নং সমীকরণের সমদ্বিখণ্ডক:

এখানে, $a_1 = 2, b_1 = 3$

$a_3 = 1, b_3 = 0$

$\therefore a_1a_3 + b_1b_3 = 2 + 0 = 2 > 0$

$\therefore$ সূক্ষ্মকোণের সমদ্বিখন্ডক: $\frac{2x+3y-6}{\sqrt{2^2+3^2}} = \frac{-x}{\sqrt{1^2}}$

$\Rightarrow 2x + 3y - 6 = -x\sqrt{13}$

$\Rightarrow (2 + \sqrt{13})x + 3y - 6 = 0$ ..... (v)

(iv) ও (v) নং সমীকরণ সমাধান করে পাই,

$x = \frac{6}{5+\sqrt{13}}$; $y = \frac{6}{5+\sqrt{13}}$

$\therefore$ অন্তঃকেন্দ্র $\equiv \left(\frac{6}{5+\sqrt{13}}, \frac{6}{5+\sqrt{13}}\right)$

T-12: দুইটি রেখার অন্তর্ভুক্ত কোণ নির্ণয় সংক্রান্ত

Concept

$a_1x + b_1y + c_1 = 0$ এবং $a_2x + b_2y + c_2 = 0$ রেখাদ্বয়ের ঢালদ্বয় যথাক্রমে, $m_1 = -\frac{a_1}{b_1}$ এবং $m_2 = -\frac{a_2}{b_2}$ এবং রেখাদ্বয়ের মধ্যবর্তী কোণ θ হলে,



$\tan\theta = \pm\frac{m_1-m_2}{1+m_1m_2} = \pm\frac{a_1b_2-a_2b_1}{a_1a_2+b_1b_2} = \pm p$ (ধরি) $[p > 0]$,

(+) চিহ্ন নিলে $[\tan\theta = +p]$ পাওয়া যাবে সূক্ষ্মকোণ এবং (−) চিহ্ন নিলে $[\tan\theta = -p]$ পাওয়া যাবে স্থূলকোণ। ক্যালকুলেটরে কোণ বের করার ক্ষেত্রে '+' টার জন্য সূক্ষ্মকোণ বের করে 180° থেকে বিয়োগ করলেই স্থূলকোণ পাওয়া যাবে।

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01.



[DB'23]

(খ) P বিন্দুগামী এবং AD সরলরেখার সাথে 45° কোণ উৎপন্ন করে এরূপ সরলরেখাদ্বয়ের সমীকরণ নির্ণয় কর। [AD এর পরিবর্তে AB হবে।]

(খ) **Sol^n:** 'ক' হতে পাই, AB সরলরেখার সমীকরণ

$\Rightarrow 3x + 2y - 7 = 0 \ldots\ldots\ldots$ (i)

এবং $P \equiv (1, -1)$ বিন্দুগামী সরলরেখার সমীকরণ,

$(y + 1) = m(x - 1) \ldots\ldots\ldots$ (ii) [যেখানে m হলো ঢাল]

আবার সমীকরণ (i) হতে, $2y = -3x + 7$

$\therefore y = -\frac{3}{2}x + \frac{7}{2} \therefore$ ঢাল, $m_{AB} = -\frac{3}{2}$

এখন $\tan\theta = \pm\frac{m_1-m_2}{1+m_1m_2}$

[যেখানে $\theta = 45°$, [দেওয়া আছে]

$\Rightarrow \tan 45° = \pm\frac{m+\frac{3}{2}}{1-\frac{3}{2}m} \Rightarrow 1 = \pm\frac{2m+3}{2-3m}$

$\Rightarrow 2 - 3m = \pm(2m + 3)$

(+) নিয়ে পাই,	(−) নিয়ে পাই,
$2 - 3m = 2m + 3$	$2 - 3m = -2m - 3$
$\Rightarrow m = -\frac{1}{5}$	$\Rightarrow m = 5$

সমীকরণ (ii) এ m এর মান বসালে, $y + 1 = -\frac{1}{5}(x - 1)$ $[m = -\frac{1}{5}$ হলে]

$\Rightarrow 5y + 5 = -x + 1 \therefore x + 5y + 4 = 0$

আবার, $y + 1 = 5(x - 1)$ $[m = 5$ হলে]

$\therefore 5x - y - 6 = 0$ **(Ans.)**

02. (ক) $x - 2y + 1 = 0$ এবং $3x - y + 5 = 0$ সরলরেখাদ্বয়ের অন্তর্ভুক্ত সূক্ষ্মকোণ নির্ণয় কর। [RB'23]

(ক) **Sol^n:** দেওয়া আছে, $x - 2y + 1 = 0 \ldots\ldots\ldots$ (i)

$3x - y + 5 = 0 \ldots\ldots\ldots$ (ii)

(i) নং সমীকরণ থেকে পাই, $m_1 = \frac{1}{2}$,

(ii) নং সমীকরণ থেকে পাই, $m_2 = 3$

এখন, $\tan\theta = \pm\frac{\frac{1}{2}-3}{1+\frac{3}{2}} = \pm 1$

সূক্ষ্মকোণের জন্য (+ve) ধরে আমরা পাই, $\tan\theta = 1$

$\therefore \theta = \tan^{-1}(1) = \frac{\pi}{4}$ **(Ans.)**

03.



[Din.B'22]

চিত্রে OA = 4, OB = 2 এবং OC = 3

(গ) A বিন্দুগামী এবং AC রেখার সাথে 45° কোণ উৎপন্ন করে এরূপ সরলরেখার সমীকরণ নির্ণয় কর।

(গ) **Sol^n:** চিত্র হতে পাই, A = (4, 0), C = (0, 3)



AC রেখার সমীকরণ: $\frac{x-4}{4-0} = \frac{y-0}{0-3}$

$\Rightarrow -3x + 12 = 4y \Rightarrow 3x + 4y - 12 = 0$

AC রেখার ঢাল $m_1 = -\frac{3}{4}$

ধরি, A বিন্দুগামী সরলরেখার সমীকরণ, $(y - 0) = m(x - 4)$

$\Rightarrow y = mx - 4m$

Educationblog24.com

রেখাটির ঢাল, $m_2 = m$

$\therefore \tan 45° = \pm\frac{m_1 - m_2}{1 + m_1 m_2} \Rightarrow 1 = \pm\frac{-\frac{3}{4} - m}{1 + \left(-\frac{3}{4}\right)m}$

$\Rightarrow 1 \pm \frac{\frac{-3-4m}{4}}{\frac{4-3m}{4}}$

$\Rightarrow 4 - 3m = \pm(-3 - 4m)$

$\therefore 4 - 3m = -3 - 4m \Rightarrow m = -7$

অথবা, $4 - 3m = -(-3 - 4m)$

$\Rightarrow 4 - 3m = 3 + 4m \therefore m = \frac{1}{7}$

A বিন্দুগামী সরলরেখাটির সমীকরণ হলো:

$y = (-7)x + 7 \times 4) \Rightarrow y = -7x + 28$

$\Rightarrow y + 7x - 28 = 0$

অথবা, $y = \left(\frac{1}{7}\right)x - \left(\frac{1}{7}\right)4 \Rightarrow 7y = x - 4$

$\Rightarrow 7y - x + 4 = 0$

$\therefore$ A বিন্দুগামী সরলরেখা দুটির সমীকরণ হলো:

$y + 7x - 28 = 0$ এবং $7y - x + 4 = 0$ **(Ans.)**

04.



[BB'21]

(গ) দেখাও যে, $(1, -1)$ বিন্দুগামী এবং AB রেখার সাথে $45°$ কোণ উৎপন্ন করে, এরূপ রেখা দুটি পরস্পর লম্ব।

(গ) **Sol^n:** AB রেখার সমীকরণ, $\frac{x}{1} + \frac{y}{4} = 1 \Rightarrow 4x + y = 4$

$\therefore$ ঢাল, $m_1 = 4$

নির্ণেয় রেখার ঢাল, m_2 হলে, $\tan\theta = \pm\frac{m_1 - m_2}{1 + m_1 m_2}$

$\Rightarrow \tan 45° = \pm\frac{-4 - m_2}{1 - 4m_2}$

$(+) \Rightarrow 1 - 4m_2 = -4 - m_2$

$\Rightarrow 3m_2 = 5 \Rightarrow m_2 = \frac{5}{3}$

$(-) \Rightarrow 1 - 4m_2' = 4 + m_2' \Rightarrow 5m_2' = -3$

$\Rightarrow m_2' = -\frac{3}{5}$

এখানে, $m_2 m_2' = -1$

$\therefore$ রেখাদ্বয় পরস্পর লম্ব। **(Showed)**

05.



[৪

এখানে, AP = BP

(গ) Q বিন্দুগামী এবং P বিন্দু হতে 2 একক দূরবর্তী রেখাদ্বয়ের মধ্যবর্তী কোণ নির্ণয় কর।

(গ) **Sol^n:** ধরি, Q বিন্দুগামী একটি রেখা: $y - 2 = mx$

$\Rightarrow mx - y + 2 = 0$

শর্তমতে, $\frac{3m - 4 + 2}{\sqrt{m^2 + 1}} = \pm 2 \Rightarrow \frac{3m - 2}{\sqrt{m^2 + 1}} = \pm 2$

$\Rightarrow 9m^2 - 12m + 4 = 4m^2 + 4$

$\Rightarrow 5m^2 = 12m \therefore m = 0, \frac{12}{5}$

অর্থাৎ 1টি রেখা x অক্ষের সমান্তরাল। তাই রেখাদ্বয়ের

সূক্ষ্মকোণ $\theta = \tan^{-1}\left(\frac{12}{5}\right) = 67.38°$ **(Ans.)**

স্থূলকোণ $= (180 - 67.38)° = 112.62°$ **(Ans.)**

06.



[Di

(গ) P বিন্দুগামী রেখাসমূহের সমীকরণ নির্ণয় কর যা $y = x$ সরলরেখার সাথে $30°$ কোণ উৎপন্ন করে

(গ) **Sol^n:** $y = x$ রেখার ঢাল, $m_1 = 1$

শর্তমতে, $\tan 30° = \pm\frac{1 - m_2}{1 + m_2} \Rightarrow \frac{1}{\sqrt{3}} = \pm\frac{1 - m_2}{1 + m_2}$

$\Rightarrow \pm\sqrt{3} = \frac{1 + m_2}{1 - m_2} \Rightarrow \frac{\pm\sqrt{3} + 1}{\pm\sqrt{3} - 1} = \frac{1}{m_2}$

$\Rightarrow m_2 = \frac{\pm\sqrt{3} - 1}{\pm\sqrt{3} + 1} \Rightarrow m_2 = \frac{\sqrt{3} - 1}{\sqrt{3} + 1}, \frac{\sqrt{3} + 1}{\sqrt{3} - 1}$

$\therefore$ ১ম রেখাটি, $y + 1 = \frac{\sqrt{3} - 1}{\sqrt{3} + 1}(x - 1)$

$\Rightarrow y + 1 = (2 - \sqrt{3})(x - 1)$

$\Rightarrow y + 1 = (2 - \sqrt{3})x - (2 - \sqrt{3})$

$\Rightarrow (2 - \sqrt{3})x - y - 3 + \sqrt{3} = 0$ **(Ans.)**

২য় রেখাটি, $y + 1 = \frac{\sqrt{3} + 1}{\sqrt{3} - 1}(x - 1)$

$\Rightarrow y + 1 = (2 + \sqrt{3})x - 2 - \sqrt{3}$

$\Rightarrow (2 + \sqrt{3})x - y - 3 - \sqrt{3} = 0$ **(Ans.)**

Educationblog24.com

07. চিত্রে OPQR একটি সামান্তরিক [Din.B'19]



(খ) উদ্দীপক হতে AB সরলরেখার সমীকরণ নির্ণয় কর।

(খ) **Sol^n:** $y = -2x$ হতে $m_1 = -2$

ধরি, AB সরলরেখার ঢাল m

$\therefore \pm\frac{(m-m_1)}{1+mm_1} = \tan 45° \Rightarrow \frac{m+2}{1-2m} = \pm 1 \therefore m = -\frac{1}{3}, 3$

চিত্র হতে পাই, AB সরলরেখাটি x অক্ষের ধনাত্মক দিকের সাথে সূক্ষ্মকোণ উৎপন্ন করে, তাই AB রেখার ঢাল ধনাত্মক।

$\therefore m \neq -\frac{1}{3} \therefore m = 3 \therefore$ AB সরলরেখাটি $y = 3x$ **(Ans.)**

08.



[নটর ডেম কলেজ, ঢাকা]

(গ) (6, 7) বিন্দুগামী এবং উদ্দীপকের AB রেখার সাথে 45° কোণ উৎপন্ন করে এরূপ সরলরেখাগুলোর সমীকরণ নির্ণয় কর।

(গ) **Sol^n:** উদ্দীপকে A(4, 0) ও B(0, 3) বিন্দুগামী রেখার ঢাল;

$m_{AB} = \frac{3-0}{0-4} = -\frac{3}{4}$

ধরি, নির্ণেয় রেখার ঢাল = m

প্রশ্নমতে, $\tan 45° = \pm\frac{m-m_{AB}}{1+m.m_{AB}} \Rightarrow 1 = \pm\frac{m+\frac{3}{4}}{1-\frac{3}{4}m}$

$\Rightarrow 1 - \frac{3}{4}m = \pm\left(m + \frac{3}{4}\right)$

ধনাত্মক চিহ্ন নিয়ে পাই,

$(+) \Rightarrow 1 - \frac{3}{4}m = m + \frac{3}{4} \Rightarrow m = \frac{1}{7}$

ঋনাত্মক চিহ্ন নিয়ে পাই,

$(-) \Rightarrow 1 - \frac{3}{4}m = -m - \frac{3}{4} \Rightarrow m = -7$

আবার, m ঢালবিশিষ্ট রেখাটি (6, 7) বিন্দুগামী।

$\therefore y - 7 = m(x - 6)$

যদি $m = \frac{1}{7}$ হয়, $y - 7 = \frac{1}{7}(x - 6)$

$\Rightarrow 7y - 49 = x - 6$

$\Rightarrow x - 7y + 43 = 0$ **(Ans.)**

যদি, $x = -7$ হয়, $y - 7 = -7(x - 6)$

$\Rightarrow y - 7 = -7x + 42 \Rightarrow 7x + y - 49 = 0$ **(Ans.)**

09. P(2, 3) একটি বিন্দু এবং MN রেখার সমীকরণ, $4x + 3y - 7 = 0$ [ঢাকা কলেজ]

(গ) P বিন্দুগামী এবং MN রেখার সাথে 45° কোণ উৎপন্ন করে এরূপ সরলরেখার সমীকরণ নির্ণয় কর।

(গ) **Sol^n:** $4x + 3y - 7 = 0$ [দেওয়া আছে]

ঢাল, $m_{MN} = -\frac{4}{3}$

ধরি, নির্ণেয় রেখার ঢাল = m

প্রশ্নমতে, $\tan 45° = \pm\frac{m-m_{MN}}{1+m.m_{MN}} \Rightarrow 1 \pm \frac{m+\frac{4}{3}}{1-\frac{4m}{3}}$

$\Rightarrow \left(1 - \frac{4m}{3}\right) = \pm\left(m + \frac{4}{3}\right)$

ধনাত্মক চিহ্ন নিয়ে পাই,

$(+)\left(1 - \frac{4m}{3}\right) = \left(m + \frac{4}{3}\right) \Rightarrow m = -\frac{1}{7}$

ঋনাত্মক চিহ্ন নিয়ে পাই,

$(-)\left(1 - \frac{4m}{3}\right) = -\left(m + \frac{4}{3}\right) \Rightarrow m = 7$

আবার, m ঢালবিশিষ্ট রেখাটি P ≡ (2, 3) বিন্দুগামী।

$\therefore (y - 3) = m(x - 2)$

যদি, $m = -\frac{1}{7}$ হয়,

$y - 3 = -\frac{1}{7}(x - 2)$

$\Rightarrow 7y - 21 = -x + 2$

$\Rightarrow x + 7y - 23 = 0$

(Ans.)

যদি $m = 7$ হয়,

$y - 3 = 7(x - 2)$

$\Rightarrow y - 3 = 7x - 14$

$\Rightarrow 7x - y - 11 = 0$

(Ans.)

10. একটি সরলরেখা (−2, −5) বিন্দুগামী এবং x ও y-অক্ষকে যথাক্রমে A ও B বিন্দুতে ছেদ করে যেন $OA + 2OB = 0$ হয়, যখন O মূলবিন্দু। [ঢাকা রেসিডেনসিয়াল মডেল কলেজ]

(গ) দুইটি সরলরেখা (3, 4) বিন্দু দিয়ে যায় এবং $x - y + 4 = 0$ রেখার সাথে 60° কোণ উৎপন্ন করে, এরূপ রেখা দুইটির সমীকরণ নির্ণয় কর।

(গ) **Sol^n:** প্রদত্ত সমীকরণ, $x - y + 4 = 0$

ঢাল, $m_1 = 1$

ধরি, নির্ণেয় রেখার ঢাল = m

প্রশ্নমতে, $\tan 60° = \pm\frac{m-m_1}{1+mm_1} \Rightarrow \sqrt{3} = \pm\frac{m-1}{1+m}$

$\Rightarrow \sqrt{3} + m\sqrt{3} = \pm(m - 1)$

ধনাত্মক চিহ্ন নিয়ে পাই, $\sqrt{3} + m\sqrt{3} = (m - 1)$

$\Rightarrow m = \frac{1+\sqrt{3}}{1-\sqrt{3}} = -2 - \sqrt{3}$

ঋনাত্মক চিহ্ন নিয়ে পাই, $\sqrt{3} + m\sqrt{3} = -(m - 1)$

$\Rightarrow m = \frac{1-\sqrt{3}}{1+\sqrt{3}} = -2 + \sqrt{3}$

আবার, m ঢালবিশিষ্ট রেখাটি (3, 4) বিন্দুগামী।

$\therefore y - 4 = m(x - 3)$

যদি $m = -2 - \sqrt{3}$ হয়,

$y - 4 = (-2 - \sqrt{3})(x - 3)$

$\Rightarrow y - 4 = -x(2 + \sqrt{3}) + 6 + 3\sqrt{3}$

$\Rightarrow (2 + \sqrt{3})x + y - 10 - 3\sqrt{3} = 0$

যদি $m = -2 + \sqrt{3}$ হয়,

$y - 4 = (-2 + \sqrt{3})(x - 3)$

$\Rightarrow y - 4 = -x(2 - \sqrt{3}) + 6 - 3\sqrt{3}$

$\Rightarrow (2 - \sqrt{3})x + y - 10 + 3\sqrt{3} = 0$ **(Ans.)**

Educationblog24.com

নিজে করো

11. 

[JB'23]

(খ) (7, 9) বিন্দুগামী এবং AB রেখার সাথে 45° কোণ উৎপন্ন করে এরূপ সরলরেখার সমীকরণ নির্ণয় কর।

[Ans: $x + 6y - 61 = 0$ এবং $6x - y - 33 = 0$]

12. L(2, −1), M(−3, 3) এবং $2x - y + 1 = 0$. [JB'22]

(গ) L বিন্দুগামী এবং উদ্দীপকের সরলরেখাটির সাথে $\tan^{-1}\left(\frac{1}{3}\right)$ কোণ উৎপন্ন করে এরূপ সরলরেখার সমীকরণ নির্ণয় কর।

[Ans: $7x - y - 15 = 0$ এবং $x - y - 3 = 0$]

13. 

[Ctg.B'21]

(গ) দুইটি সরলরেখার সমীকরণ নির্ণয় কর যা (−1, 2) বিন্দুগামী এবং AB রেখার সাথে 45° কোণ উৎপন্ন করে।

[Ans: $3x + y + 1 = 0$ এবং $x - 3y + 7 = 0$]

14. $x + y = -7$ ..... (ii) [SB'21]

(গ) (3, 5) বিন্দুগামী এবং (ii) নং রেখার সাথে 30° কোণ উৎপন্নকারী সরলরেখাদ্বয়ের সমীকরণ নির্ণয় কর।

[Ans: $(2 + \sqrt{3})x + y = 11 + 3\sqrt{3}$ এবং $(2 - \sqrt{3})x + y = 11 - 3\sqrt{3}$]

15. দৃশ্যকল্প: $A \equiv 3x + y - 15, B \equiv 4x + 3y - 12$, $C \equiv 3x - 4y + 16, D \equiv 4x - 3y + 12$. [JB

(খ) দুইটি সরলরেখা (7, −1) বিন্দুগামী এবং $A = 0$ রে সাথে 45° কোণ উৎপন্ন করে। রেখা দুইটির সমীকরণ নি কর। [Ans: $2x - y = 15$ এবং $x + 2y =$

16. 

[CB

(গ) দুইটি সরলরেখার সমীকরণ নির্ণয় কর, যা (বিন্দুগামী এবং AB সরলরেখার সাথে 45° কোণ উ করে। [Ans: $7x - y = 5$ এবং $x + 7y =$

17. দৃশ্যকল্প: 

[MB

(গ) CD এর সাথে 45° কোণ উৎপন্ন করে এবং (4, 1) বিন্দু যায় এরূপ সরলরেখার সমীকরণ নির্ণয় কর।

[Ans: $5x + 3y = 23$ এবং $3x - 5y =$

18. দৃশ্যকল্প ১: $x - 2y + 1 = 0$ [BB

(খ) দৃশ্যকল্প-১ দ্বারা প্রকাশিত সরলরেখার সহিত 45° উৎপন্ন করে এবং (1, 2) বিন্দু দিয়ে যায় এরূপ সরলরেখার সমীকরণ নির্ণয় কর।

[Ans: $3x - y - 1 = 0$ ও $x + 3y - 7 =$

T-13: কোণের সমদ্বিখণ্ডকদ্বয়ের সমীকরণ এবং কোণের সাপেক্ষে বিভিন্ন বিন্দুর অবস্থান সংক্রান্ত

Concept

$a_1x + b_1y + c_1 = 0$ এবং $a_2x + b_2y + c_2 = 0$ রেখাদ্বয়ের অন্তর্গত কোণের সমদ্বিখণ্ডকদ্বয়ের সমীকরণ,

$$\frac{a_1x + b_1y + c_1}{\sqrt{a_1^2 + b_1^2}} = \pm \frac{a_2x + b_2y + c_2}{\sqrt{a_2^2 + b_2^2}} \quad \text{..... (i)}$$



Educationblog24.com

(1) সূক্ষ্মকোণ ও স্থূলকোণের সমদ্বিখণ্ডক নির্ণয়:

(a) $a_1a_2 + b_1b_2 > 0$ [(+)ve] হলে, (i) এর (+) চিহ্ন বিশিষ্ট সমীকরণ = স্থূলকোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ

[এক্ষেত্রে (i) এর (−)চিহ্ন বিশিষ্ট সমীকরণ = সূক্ষ্মকোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ]

(b) $a_1a_2 + b_1b_2 < 0$ [(−)ve] হলে, (i) এর (−) চিহ্ন বিশিষ্ট সমীকরণ = স্থূলকোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ

এক্ষেত্রে (i) এর (+) চিহ্ন বিশিষ্ট সমীকরণ = সূক্ষ্মকোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ

(2) (α, β) বিন্দুধারী কোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ নির্ণয়:

ধরি, $f(x,y) = a_1x + b_1y + c_1$; $g(x,y) = a_2x + b_2y + c_2$

তাহলে, $f(\alpha,\beta) = a_1\alpha + b_1\beta + c_1$; $g(\alpha,\beta) = a_2\alpha + b_2\beta + c_2$



(a) $f(\alpha,\beta) \times g(\alpha,\beta) > 0$ [+ve] হলে (i) এর (+) চিহ্ন বিশিষ্ট সমীকরণই হবে (α,β) বিন্দুধারী কোণের সমদ্বিখণ্ডক।

(b) $f(\alpha,\beta) \times g(\alpha,\beta) < 0$ [−ve] হলে (i) এর (−) চিহ্নবিশিষ্ট সমীকরণই হবে (α,β) বিন্দুধারী কোণের সমদ্বিখণ্ডক।

(c) $f(\alpha,\beta) \times g(\alpha,\beta) \times (a_1a_2 + b_1b_2) > 0$ [+ve] হলে (α,β) বিন্দুটি রেখাদ্বয়ের অন্তর্গত স্থূলকোণে অবস্থিত।

(d) $f(\alpha,\beta) \times g(\alpha,\beta) \times (a_1a_2 + b_1b_2) < 0$ [−ve] হলে (α,β) বিন্দুটি রেখাদ্বয়ের অন্তর্গত সূক্ষ্মকোণে অবস্থিত।

(3) মূলবিন্দুধারী কোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ: [চিত্র: পূর্বের চিত্রে (α,β) এর স্থানে মূলবিন্দু (0,0) বসাও]

(a) c_1 ও c_2 একই চিহ্ন বিশিষ্ট বা $c_1c_2 > 0$ [+ve] হলে, (i) নং সমীকরণের (+) চিহ্ন বিশিষ্ট সমীকরণ নিলে মূলবিন্দুধারী কোণের সমদ্বিখণ্ডক পাওয়া যায়।

(b) c_1 ও c_2 বিপরীতচিহ্ন বিশিষ্ট বা $c_1c_2 < 0$ [−ve] হলে, (i) নং সমীকরণের (−) চিহ্ন বিশিষ্ট সমীকরণ নিলে মূলবিন্দুধারী কোণের সমদ্বিখণ্ডক পাওয়া যায়।

(c) $c_1 \times c_2 \times (a_1a_2 + b_1b_2) > 0$ [+ve] হলে মূলবিন্দুটি রেখাদ্বয়ের অন্তর্গত স্থূলকোণে অবস্থিত।

(d) $c_1 \times c_2 \times (a_1a_2 + b_1b_2) < 0$ [−ve] হলে মূলবিন্দুটি রেখাদ্বয়ের অন্তর্গত সূক্ষ্মকোণে অবস্থিত।

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01. $4x + 3y + 7 = 0$ ..... (ii) [JB'23]

$2x - 5y + 1 = 0$ ..... (iii)

(খ) (ii) ও (iii) নং সরলরেখার মধ্যবর্তী স্থূলকোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ নির্ণয় কর।

(খ) **Sol^n:** দেওয়া আছে, $4x + 3y + 7 = 0, 2x - 5y + 1 = 0$

$a_1a_2 + b_1b_2 = 4 \times 2 + 3 \times (-5)$

$= 8 - 15 = -7 < 0$

∴ নির্ণেয় স্থূলকোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ,

$$\frac{4x+3y+7}{\sqrt{4^2+3^2}} = -\frac{2x-5y+1}{\sqrt{2^2+5^2}} \Rightarrow \frac{4x+3y+7}{5} = -\frac{2x-5y+1}{\sqrt{29}}$$

$\Rightarrow 4\sqrt{29}x + 3\sqrt{29}y + 7\sqrt{29} = -10x + 25y - 5$

$\Rightarrow (4\sqrt{29} + 10)x + (3\sqrt{29} - 25)y + (7\sqrt{29} + 5)$

$= 0$ **(Ans.)**

02. দৃশ্যকল্প-২: $4x - 3y + 1 = 0$

এবং $3x + 4y + 8 = 0$.

(গ) দৃশ্যকল্প-২ এর আলোকে রেখাদ্বয়ের মধ্যবর্তী সূক্ষ্মকোণের সমদ্বিখণ্ডক অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ উৎপন্ন করে, তার ক্ষেত্রফল নির্ণয় কর। [Din.B'23]

(গ) **Sol^n:** দৃশ্যকল্প-২ এর সমীকরণদ্বয় হলো $4x - 3y + 1 = 0$

এবং $3x + 4y + 8 = 0$ এখন,

$a_1a_2 + b_1b_2 = 4 \times 3 - 3 \times 4 = 0$ অর্থাৎ সমীকরণদ্বয় পরস্পর লম্ব। এরা কোনো সূক্ষ্মকোণ তৈরি করে না, দুটিই সমকোণ। এদের সমকোণদ্বয়ের সমদ্বিখণ্ডকের সমীকরণ হলো

$$\frac{4x-3y+1}{\sqrt{4^2+3^2}} = \pm\frac{3x+4y+8}{\sqrt{3^2+4^2}}$$

(+) নিয়ে, $4x - 3y + 1 = 3x + 4y + 8$

$\Rightarrow x - 7y - 7 = 0 \Rightarrow x - 7y = 7 \Rightarrow \frac{x}{7} + \frac{y}{-1} = 0$

উক্ত সমদ্বিখণ্ডকের অক্ষদ্বয়ের সাথে উৎপন্ন ত্রিভুজের ক্ষেত্রফল হবে $= \frac{1}{2} \times 7 \times 1 = \frac{7}{2}$ বর্গ একক

(−) নিয়ে পাই, $4x - 3y + 1 = -(3x + 4y + 8)$

$\Rightarrow 4x - 3y + 1 = -3x - 4y - 8 \Rightarrow 7x + y + 9 = 0$

$\Rightarrow 7x + y = -9 \Rightarrow \frac{x}{-\frac{9}{7}} + \frac{y}{-9} = 1$

উক্ত সমদ্বিখণ্ডকের অক্ষদ্বয়ের সাথে উৎপন্ন ত্রিভুজের ক্ষেত্রফল হবে $= \frac{1}{2} \times \frac{9}{7} \times 9 = \frac{81}{14}$ বর্গ একক

Educationblog24.com



03. L = (4, 3), M = (3, 5), N = (6, 4) [MB'23]

(গ) MN ও NL রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত কোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ নির্ণয় কর।

(গ) **Sol^n:** প্রদত্ত বিন্দুত্রয় L(4, 3), M(3, 5) এবং N(6, 4)

∴ MN রেখার সমীকরণ: $y - 5 = \frac{5-4}{3-6}(x - 3)$

$\Rightarrow 3y - 15 = -x + 3$

$\Rightarrow x + 3y - 18 = 0 \ldots\ldots\ldots$ (i)

∴ NL রেখার সমীকরণ: $y - 3 = \frac{3-4}{4-6}(x - 4)$

$\Rightarrow 2y - 6 = x - 4 \Rightarrow x - 2y + 2 = 0 \ldots\ldots\ldots$ (ii)

∴ MN ও NL রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত কোণের সমদ্বিখণ্ডকদ্বয়:

$\frac{x+3y-18}{\sqrt{1^2+3^2}} = \pm\frac{x-2y+2}{\sqrt{1^2+(-2)^2}} \Rightarrow \frac{x+3y-18}{\sqrt{10}} = \pm\frac{x-2y+2}{\sqrt{5}}$

$\Rightarrow \frac{x+3y-18}{\sqrt{2}} = \pm\frac{x-2y+2}{1}$

$\Rightarrow x + 3y - 18 = \pm\sqrt{2}(x - 2y + 2)$

∴ সমদ্বিখণ্ডকদ্বয়ের সমীকরণ:

$(1 + \sqrt{2})x + (3 - 2\sqrt{2})y = 18 - 2\sqrt{2}$

এবং $(\sqrt{2} - 1)x - (3 + 2\sqrt{2})y + 18 + 2\sqrt{2} = 0$

04.



[CB'23]

(গ) দেখাও যে, উদ্দীপকের রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত কোণের সমদ্বিখণ্ডকদ্বয় পরস্পর লম্ব।

(গ) **Sol^n:** দেওয়া আছে,

$4x - 3y + 12 = 0 \ldots\ldots\ldots$ (i)

এবং $3x - 4y - 8 = 0 \ldots\ldots\ldots$ (ii)

সরলরেখাদ্বয়ের অন্তর্ভুক্ত কোণের সমদ্বিখণ্ডকদ্বয়ের সমীকরণ

$\frac{4x-3y+12}{\sqrt{4^2+3^2}} = \pm\frac{3x-4y-8}{\sqrt{3^2+4^2}}$

$\Rightarrow (4x - 3y + 12) = \pm(3x - 4y - 8)$

ধনাত্মক মান নিয়ে পাই, $4x - 3y + 12 = 3x - 4y - 8$

$\Rightarrow x + y + 20 = 0$

ঢাল, $m_1 = -1$

ঋণাত্মক মান নিয়ে পাই, $4x - 3y + 12 = -3x + 4y + 8$

$\Rightarrow 7x - 7y + 4 = 0$

ঢাল, $m_2 = \frac{7}{7} = 1 \therefore m_1 m_2 = -1$

অর্থাৎ সমদ্বিখণ্ডকদ্বয় পরস্পর লম্ব।

05.



[SB

(গ) ∠ACB এর সমদ্বিখণ্ডকের সমীকরণ নির্ণয় কর।

(গ) **Sol^n:**



চিত্র হতে পাই, ∠ACB এর সমদ্বিখণ্ডক হলো BC এবং AC বাহুর স্থূলকোণের সমদ্বিখণ্ডক।

AC বাহুর সমীকরণ, $\frac{x-3}{3-2} = \frac{y-0}{0-1} \Rightarrow x - 3 = -y$

$\Rightarrow x + y - 3 = 0$

$\therefore a_1a_2 + b_1b_2 = 3 \times 1 + 2 \times 1 = 5 > 0$

∴ '+' চিহ্ন নিয়ে স্থূলকোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ পাওয়া যাবে।

∠ACB এর সমদ্বিখণ্ডকের সমীকরণ, $\frac{3x+2y-8}{\sqrt{3^2+2^2}} = \frac{x+y-3}{\sqrt{1^2+1^2}}$

$\Rightarrow \frac{3x+2y-8}{\sqrt{13}} = \frac{x+y-3}{\sqrt{2}}$

$\Rightarrow 3\sqrt{2}x + 2\sqrt{2}y - 8\sqrt{2} = \sqrt{13}x + \sqrt{13}y - 3\sqrt{13}$

$\Rightarrow (3\sqrt{2} - \sqrt{13})x + (2\sqrt{2} - \sqrt{13})y - 8\sqrt{2} + 2\sqrt{13} =$

Educationblog24.com

06. দৃশ্যকল্প-১: $3x - 4x + 7 = 0,\ 4x - 3y + 2 = 0$ [BB'22]

(খ) দৃশ্যকল্প-১ এ বর্ণিত সরলরেখা দুটির মধ্যবর্তী স্থূলকোণের সমদ্বিখণ্ডক রেখাটি অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ উৎপন্ন করে তার ক্ষেত্রফল নির্ণয় কর।

(খ) **Sol^n:** দৃশ্যকল্প-১ এ,

$3x - 4y + 7 = 0 \ldots\ldots\ldots (i)$

$4x - 3y + 2 = 0 \ldots\ldots\ldots (ii)$

এখানে, $a_1a_2 + b_1b_2 = 3 \times 4 + (-4)(-3) = 24 > 0$

তাই, (+) চিহ্নযুক্ত সমীকরণ নিলে স্থূলকোণের সমদ্বিখণ্ডক পাওয়া যাবে।

∴ স্থূলকোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ-

$\Rightarrow \frac{3x-4y+7}{\sqrt{3^2+(-4)^2}} = +\frac{4x-3y+2}{\sqrt{4^2+(-3)^2}} \Rightarrow \frac{3x-4y+7}{5} = \frac{4x-3y+2}{5}$

$\Rightarrow 3x - 4y - 4x + 3y = 2 - 7$

$\Rightarrow -x - y = -5 \Rightarrow x + y = 5$

$\therefore \frac{x}{5} + \frac{y}{5} = 1 \ldots\ldots\ldots (iii)$



(iii) নং রেখাটি অর্থাৎ, স্থূলকোণের সমদ্বিখণ্ডক দ্বারা অক্ষদ্বয়ের সাথে উৎপন্ন ত্রিভুজের ক্ষেত্রফল,

$A = \frac{1}{2}|ab| = \frac{1}{2} \times 5 \times 5 = \frac{25}{2}$ বর্গ একক

07.



[SB'21]

(গ) প্রমাণ কর যে, AB সরলরেখা ও Y-অক্ষের মধ্যবর্তী কোণের সমদ্বিখণ্ডকদ্বয় পরস্পর লম্ব।

(গ) **Sol^n:** AB রেখাটি $x + 2y - 4 = 0$; y-অক্ষ $x = 0$

∴ সমদ্বিখণ্ডকদ্বয় $\frac{x+2y-4}{\sqrt{5}} = \pm x \Rightarrow x + 2y - 4 = \pm\sqrt{5}x$

$(+) \Rightarrow x(1 - \sqrt{5}) + 2y - 4 = 0$

$(-) \Rightarrow x(1 + \sqrt{5}) + 2y - 4 = 0$

$M_1 = \frac{\sqrt{5}-1}{2}, m_2 = \frac{-\sqrt{5}-1}{2}$

$M_1m_2 = \frac{1}{4}(-1 + \sqrt{5})(-1 - \sqrt{5})$

$= \frac{1}{4}\{1 - 5\} = \frac{1}{4} \times (-4) = -1$

∴ সমদ্বিখণ্ডকদ্বয় পরস্পর লম্ব (প্রমাণিত)

08. দৃশ্যকল্প: $3x + 8y - 24 = 0$. [MB'21]

(গ) উদ্দীপকের রেখা এবং $8x + 3y + 48 = 0$ রেখার অন্তর্ভুক্ত স্থূলকোণের সমদ্বিখণ্ডক দ্বারা y-অক্ষের খণ্ডিতাংশের দৈর্ঘ্য নির্ণয় কর।

(গ) **Sol^n:** $3x + 8y - 24 = 0 \ldots\ldots\ldots (i)$

$8x + 3y + 48 = 0 \ldots\ldots\ldots (ii)$

এখানে, $a_1a_2 + b_1b_2 = 24 + 24 = 48 > 0$

∴ (+) চিহ্ন দ্বারা স্থূলকোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ পাওয়া যাবে,

∴ স্থূলকোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ, $\frac{3x+8y-24}{\sqrt{9+64}} = \frac{8x+3y+48}{\sqrt{64+9}}$

বা, $5x - 5y + 72 = 0$ বা, $\frac{x}{-\frac{72}{5}} + \frac{y}{\frac{72}{5}} = 1$

∴ y অক্ষের খণ্ডিতাংশের দৈর্ঘ্য $\frac{72}{5}$ একক **(Ans.)**

09. দৃশ্যকল্প-১: $3x - 4y + 12 = 0$. [DB'17]

দৃশ্যকল্প-২: $8x + 15y - 12 = 0$

(গ) দৃশ্যকল্প-১ এবং দৃশ্যকল্প-২ সমীকরণদ্বয়ের মধ্যবর্তী কোণের যে সমদ্বিখণ্ডক ও x অক্ষের সাথে সূক্ষ্মকোণ উৎপন্ন করে তার ঢাল নির্ণয় কর।

(গ) **Sol^n:** $3x - 4y + 12 = 0$ এবং $8x + 15y - 12 = 0$

সরলরেখাদ্বয়ের মধ্যবর্তী কোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ

$\frac{(3x-4y+12)}{5} = \pm\frac{(8x+15y-12)}{17}$

(+) ও (-) চিহ্ন নিয়ে, সমদ্বিখণ্ডকের সমীকরণ যথাক্রমে $x - 13y + 24 = 0$ এবং $91x + 7y + 144 = 0$

১ম সমদ্বিখণ্ডকের ঢাল $= \frac{1}{13}$ এবং

২য় সমদ্বিখণ্ডকের ঢাল $= -\frac{91}{7}$ সুতরাং ১ম সমদ্বিখণ্ডকটি x অক্ষের সাথে সূক্ষ্মকোণ উৎপন্ন করে।

∴ নির্ণেয় ঢাল $= \frac{1}{13}$ **(Ans.)**

10.



[JB'17]

চিত্রে: G, ΔABCএর ভরকেন্দ্র; D, BC এর মধ্যবিন্দু, EB⊥BC

(গ) ∠EBC কোণের সমদ্বিখণ্ডক রেখাদ্বয়ের সমীকরণ নির্ণয় কর।

Educationblog24.com

(গ) **Sol^n:** BC এর সমীকরণ, $\frac{y-3}{1-3} = \frac{x-6}{2-6} \Rightarrow 2y - 6 = x - 6$

$\therefore x - 2y = 0$ ..... (i)

$\therefore$ BE এর সমীকরণ, $2x + y + k = 0$

$2 \times 2 + 1 + k = 0$ [(2,1) বিন্দুগামী।

$\Rightarrow k = -5 \quad \therefore 2x + y - 5 = 0$ ..... (ii)

(i) ও (ii) এর অন্তর্ভুক্ত কোণদ্বয়ের সমদ্বিখণ্ডক

$\frac{x-2y}{\sqrt{1^2+(-2)^2}} = \pm \frac{2x+y-5}{\sqrt{(2)^2+(1)^2}}$

$x - 2y = \pm(2x + y - 5)$

$(+) \Rightarrow x - 2y = 2x + y - 5 \therefore x + 3y - 5 = 0$ **(Ans.)**

$(-) \Rightarrow x - 2y = -2x - y + 5$

$\therefore 3x - y - 5 = 0$ **(Ans.)**

11. $4x + 3y - 5 = 0$ রেখা বরাবর রেলপথের একটি লাইন অবস্থিত। **[CB'17]**

(গ) রেললাইনের সাথে $3x - 4y + 6 = 0$ রেখা দ্বারা উৎপন্ন সূক্ষ্মকোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ নির্ণয় কর।

(গ) **Sol^n:** $4x + 3y - 5 = 0$ ..... (i)

এবং $3x - 4y + 6 = 0$ ..... (ii)

এখানে, $a_1 = 4, b_1 = 3$

$a_2 = 3, b_2 = -4 \quad \therefore a_1a_2 + b_1b_2 = 12 - 12 = 0$

যেহেতু, $a_1a_2 + b_1b_2 = 0$

অতএব (i) ও (ii) নং রেখাদ্বয় পরস্পর লম্ব এবং এদের অন্তর্গত কোণগুলো সমকোণ।

$\therefore$ সূক্ষ্মকোণের সমদ্বিখণ্ডক নেই। **(Ans.)**

12.



[নটর ডেম কলেজ, ঢা

(খ) উদ্দীপক হতে, $OP = 3, OR = 1, OS = \frac{3}{2}$ এ

$OQ = 2$ হলে, PS ও QR রেখাদ্বয়ের মধ্যব

সূক্ষ্মকোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ নির্ণয় কর।

(খ) **Sol^n:** চিত্রে $OP = 3, OR = 1, OS = \frac{3}{2}$ এবং $OQ = 2$ হ

$P \equiv (-3, 0), R \equiv (-1, 0), S \equiv \left(0, \frac{3}{2}\right)$ এবং $Q \equiv (0, 2$

তাহলে PS রেখার সমীকরণ, $\frac{y-0}{x+3} = \frac{0-\frac{3}{2}}{-3-0} \Rightarrow 3y = \frac{3}{2}x +$

$\Rightarrow 6y = 3x + 9 \Rightarrow 3x - 6y + 9 = 0$ ..... (i)

এবং QR রেখার সমীকরণ, $\frac{y-2}{x-0} = \frac{2-0}{0+1}$

$\Rightarrow 2x - y + 2 = 0$ ..... (ii)

$\Rightarrow y - 2 = 2x$

(i) ও (ii) নং সমীকরণে, $a_1 = 3; b_1 = -6$

$a_2 = 2; b_2 = -1$

$\therefore a_1a_2 + b_1b_2 = 3 \times 2 + (-6)(-1) = 12 > 0$

$\therefore$ (i) ও (ii) নং রেখাদ্বয়ের অন্তর্ভুক্ত সূক্ষ্মকোণের সমদ্বিখণ্ডক

$\frac{3x-6y+9}{\sqrt{3^2+6^2}} = -\frac{2x-y+2}{\sqrt{2^2+1^2}}$

$\Rightarrow \frac{3x-6y+9}{3\sqrt{5}} = -\frac{2x-y+2}{\sqrt{5}}$

$\Rightarrow 3x - 6y + 9 = -6x + 3y - 6$

$\Rightarrow 9x - 9y + 15 = 0 \Rightarrow 3x - 3y + 5 = 0$ **(Ans.)**

নিজে করো

13.



[Ctg.B'22]

এবং OC রেখার ঢাল $= \frac{4}{3}$

(গ) দেখাও যে, OC রেখা ও x-অক্ষরেখার মধ্যবর্তী কোণের সমদ্বিখণ্ডকদ্বয় পরস্পর লম্ব।

14. দৃশ্যকল্প-২: $4x - 3y = -4, \quad 3x - 4y = -5.$ **[BB'2**

(গ) দৃশ্যকল্প-২ এর রেখাদ্বয়ের মধ্যবর্তী সূক্ষ্মকো সমদ্বিখণ্ডক অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ গঠন করে ক্ষেত্রফল নির্ণয় কর। **[Ans:** $\frac{81}{98}$ বর্গ এক

15.



[CB'2

(গ) দেখাও যে, $\angle B$ এর সমদ্বিখণ্ডকদ্বয় পরস্পর লম্ব।

Educationblog24.com

16. A (3, −2), B (5, 6) দুটি বিন্দু $3x + 4y - 1 = 0$ ও $5x - 12y + 3 = 0$ দুটি সরলরেখার সমীকরণ [Din.B'22]

(গ) উদ্দীপকে বর্ণিত রেখাদ্বয়ের মধ্যবর্তী স্থূলকোণের সমদ্বিখণ্ডক রেখার সমীকরণ নির্ণয় কর। [Ans: $32x - 4y + 1 = 0$]

17. 

[RB'21]

(গ) AE এবং CD রেখাদ্বয়ের অন্তর্গত স্থূলকোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ নির্ণয় কর।

[Ans: $(3 - \sqrt{5})x + (1 - \sqrt{5})y - 12 + 3\sqrt{5} = 0$]

18. দৃশ্যকল্প-১: $4x - 4y + 6 = 0, x + 7y - 3 = 0$ দুইটি সরলরেখার সমীকরণ। [Ctg.B'21]

(খ) দৃশ্যকল্প-১ এর সরলরেখা দুইটির অন্তর্ভুক্ত সূক্ষ্মকোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ নির্ণয় কর।

[Ans: $8x - 24y + 21 = 0$]

19. 

[Din.B'21]

(খ) ∠AOE এর সমদ্বিখণ্ডক রেখার সমীকরণ নির্ণয় কর।

[Ans: $y = -x \Rightarrow x + y = 0$]

20. 

[DB'19]

(গ) PA এবং AB সরলরেখার মধ্যবর্তী কোণের সমদ্বিখণ্ডকদ্বয়ের সমীকরণ নির্ণয় কর।

[Ans: $(2 - \sqrt{13})x + 3y - 6 + 3\sqrt{13} = 0$ এবং $(2 + \sqrt{13})x + 3y - 6 - 3\sqrt{13} = 0$]



21. [Ctg.B'19]

AB সরলরেখার সমীকরণ, $y = -\frac{3}{2}x + 3$.

(গ) AB ও OD সরলরেখাদ্বয়ের অন্তর্ভুক্ত কোণের সমদ্বিখণ্ডক সরলরেখাদ্বয়ের সমীকরণ নির্ণয় কর।

[Ans: $x + 5y - 6 = 0$ এবং $5x - y - 6 = 0$]

22. দৃশ্যকল্প-১: 

[CB'19]

(খ) AB ও AC এর অন্তর্ভুক্ত কোণের সমদ্বিখণ্ডক রেখাদ্বয়ের সমীকরণ নির্ণয় কর। [Ans: $(5 + 3\sqrt{17})x - (20 + 4\sqrt{17})y + (10 - 2\sqrt{17}) = 0$]

23. $2x - y + 2 = 0, x - 2y + 3 = 0$ [RB'17]

(গ) উদ্দীপকের আলোকে রেখাদ্বয়ের মধ্যবর্তী সূক্ষ্মকোণের সমদ্বিখণ্ডক অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ গঠন করে তার ক্ষেত্রফল নির্ণয় কর। [Ans: $\frac{25}{18}$]

Educationblog24.com

T-14: বিবিধ

সৃজনশীল প্রশ্ন (ক, খ ও গ)

01. (ক) $2x - 3y + 5 = 0$ এবং $7x + 4y - 3 = 0$ সরলরেখাদ্বয়ের ছেদবিন্দু নির্ণয় কর। [Ctg.B'23]

(ক) **Sol^n:** দেওয়া আছে, $2x - 3y + 5 = 0$ ... ... (i)
$7x + 4y - 3 = 0$ ... ... (ii)
সমীকরণ (i) কে 4 দ্বারা গুণ ও (ii) কে 3 দ্বারা গুণের পর যোগ করে পাই,

$$\begin{array}{rrrrr} \text{(i)} \times 4 \Rightarrow & 8x & -12y & +20 & = 0 \\ \text{(ii)} \times 3 \Rightarrow & 21x & +12y & -9 & = 0 \\ \hline & 29x & & +11 & = 0 \end{array}$$

$\therefore x = -\frac{11}{29}$; x এর মান সমীকরণ (i) এ বসিয়ে পাই,
$2\left(\frac{-11}{29}\right) - 3y + 5 = 0$
$\Rightarrow 3y = \frac{123}{29} \therefore y = \frac{41}{29} \therefore$ ছেদবিন্দু $\left(-\frac{11}{29}, \frac{41}{29}\right)$

02.



[SB'23]

(গ) ΔOAB এর ক্ষেত্রফল 18 বর্গ একক হলে AB এর সমত্রিখণ্ডক বিন্দুর স্থানাঙ্ক নির্ণয় কর।

(গ) **Sol^n:**



এখানে, $\angle BON = 45°$
$\therefore \angle NOX = 45° + 90° = 135°$
ON কে লম্ব ধরে নিয়ে পাই, AB রেখার সমীকরণ,
$x \cos 135° + y \sin 135° = p$ [যেখানে, $p = ON$]
$\Rightarrow -\frac{x}{\sqrt{2}} + \frac{y}{\sqrt{2}} = p \Rightarrow -\frac{x}{\sqrt{2}p} + \frac{y}{\sqrt{2}p} = 1$
শর্তমতে, $\frac{1}{2} \times \sqrt{2}p \times \sqrt{2}p = 18 \Rightarrow p^2 = 18 \therefore p = 3\sqrt{2}$
$\therefore$ AB রেখার সমীকরণ: $-\frac{x}{6} + \frac{y}{6} = 1 \Rightarrow \frac{x}{-6} + \frac{y}{6} = 1$
$\therefore A(-6, 0)$ এবং $B(0, 6)$
ধরি, AB রেখাকে 1:2 অনুপাতে অন্তর্বিভক্তকারী বিন্দুটি হলো $P(x_1, y_1)$



$x_1 = \frac{1 \times 0 + 2 \times (-6)}{1+2} = -4$
$y_1 = \frac{1 \times 6 + 2 \times 0}{1+2} = 2 \therefore P(-4, 2)$

আবার, AB রেখাকে 2:1 অনুপাতে অন্তর্বিভক্তকারী বিন্দুটি হলো $Q(x_2, y_2)$



$x_2 = \frac{2 \times 0 + 1 \times (-6)}{2+1} = -2$; $y_2 = \frac{2 \times 6 + 1 \times 0}{2+1} = 4$
$\therefore Q(-2, 4)$
$\therefore$ AB এর সমত্রিখণ্ডক বিন্দুর স্থানাঙ্ক $(-4, 2)$ এবং $(-2, 4)$ **(Ans.)**

03.



[নটর ডেম কলেজ, ঢা

(ক) k এর কোনো মানের জন্যই $(k + 2)x - (2k - 3)y + (5k - 10) = 0$ রেখাটি একটি নির্দিষ্ট বিন্দুগামী। বিন্দুটির স্থানাঙ্ক নির্ণয় কর

(ক) **Sol^n:** দেওয়া আছে, $(k + 2)x - (2k - 3)y + (5k - 10) = 0$
$\Rightarrow kx + 2x - 2ky + 3y + 5k - 10 = 0$
$\Rightarrow 2x + 3y - 10 + k(x - 2y + 5) = 0$ ... ... (i)
এখন, $(a_1x + b_1y + c_1) + k(a_2x + b_2y + c_2) = 0$
(i) নং সমীকরণের সাথে তুলনা করে বলা যায়,
সমীকরণ (i) $2x + 3y - 10 = 0$ এবং $x - 2y + 5 = 0$ ছেদবিন্দুগামী।
সমীকরণ দুটি সমাধান করে পাই, $x = \frac{5}{7}$; $y = \frac{20}{7}$
$\therefore$ নির্ণেয় বিন্দু $\equiv \left(\frac{5}{7}, \frac{20}{7}\right)$ **(Ans.)**

04. $ax + by = c$ ... ... (i) ; $x \cos \alpha + y \sin \alpha = p$ ... ... (ii)

[সেন্ট যোসেফ উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ঢা

(খ) যদি সমীকরণ (i) এবং (ii) একই সরলরেখা নির্দেশ ক তবে p এর মান a, b, c এর মাধ্যমে নির্ণয় কর।

(খ) **Sol^n:** প্রদত্ত সমীকরণদ্বয়, $ax + by = c$ ... ... (i)
$x \cos \alpha + y \sin \alpha = p$ ... ... (ii)
(i) ও (ii) একই সরলরেখা নির্দেশ করলে, $\frac{a}{\cos \alpha} = \frac{b}{\sin \alpha} =$
এখানে, $\frac{a}{\cos \alpha} = \frac{c}{p} \therefore \cos \alpha = \frac{pa}{c}$ ... ... (i)
এবং $\frac{b}{\sin \alpha} = \frac{c}{p} \therefore \sin \alpha = \frac{pb}{c}$ ... ... (ii)
(i)^2 + (ii)^2 করে পাই, $\cos^2 \alpha + \sin^2 \alpha = \left(\frac{pa}{c}\right)^2 + \left(\frac{pb}{c}\right)$
$\Rightarrow 1 = p^2\left(\frac{a^2}{c^2} + \frac{b^2}{c^2}\right) \Rightarrow 1 = p^2\left(\frac{a^2+b^2}{c^2}\right)$
$\Rightarrow p^2 = \frac{c^2}{a^2+b^2} \therefore p = \pm \frac{c}{\sqrt{a^2+b^2}}$ **(Ans.)**

Educationblog24.com

MCQ প্রশ্নের জন্য এই অধ্যায়ের বিভিন্ন টাইপের তুলনামূলক গুরুত্ব:

গুরুত্ব	টাইপ	টাইপের নাম	যতবার প্রশ্ন এসেছে	যে বোর্ডে যে বছর এসেছে MCQ
✪✪✪	T-01	কার্তেসীয় ও পোলার স্থানাঙ্ক ও সমীকরণ সংক্রান্ত	27	CB'23; 22, 17; SB'23, 21, 19, 17; MB'23, 21; DB'22, 21, 17; RB'22, 21, 19; JB'22, 21, 19; BB'22, 19, 17; Ctg.B'21; Din.B'21, 17; All B'18
✪	T-02	দুইটি বিন্দুর দূরত্ব সম্পর্কিত	01	CB'17
✪✪✪	T-03	বিভক্তিকরণ বিন্দু ও অনুপাত সংক্রান্ত	11	DB'23; SB'23; JB'23, 22, 17; Din.B'23; BB'23; MB' 23, 22; RB'22; CB'17
✪✪✪	T-04	ক্ষেত্রফল সংক্রান্ত	12	Ctg.B'23, 22, 17; CB'23, 17; MB'23; Mad.B'23; RB'22; JB'21, 19; BB;21; Din.B'21
✪	T-05	সঞ্চারপথের সমীকরণ সংক্রান্ত	01	SB'23
✪✪✪	T-06	ঢাল সংক্রান্ত	18	DB'23, 22, 21, 19; RB'23, 19; Ctg.B'23, 19; MB'23, 22, 21; Mad.B'23; SB'22; BB'22, 21; Din.B'17
✪✪✪	T-07	বিভিন্ন ধরনের সরলরেখার সমীকরণ সংক্রান্ত	24	SB'23, 22, 21; Mad.B'23; RB'22, 21, 19; Ctg.B'22, 21, 17; CB'22, 21; BB'22; DB'21, 17; JB'21; MB'21; Din.B'17
✪✪✪	T-08	সমান্তরাল ও লম্ব হবার শর্ত এবং সমীকরণ নির্ণয়	36	DB'23, 21, 17; Ctg.B'23, 22, 21; SB'23, 21, 17; JB'23, 22, 21; CB'23, 22, 21; BB'23, 22, 21; Din.B'23, 22, 21; RB'22, 21, 19; MB'21; All B'18
✪✪	T-09	বহিঃস্থ বিন্দু হতে সরলরেখার লম্ব দূরত্ব নির্ণয় সংক্রান্ত	07	DB'23, 22, 19; RB'23; CB'23; Din.B'23; JB'17
✪✪✪	T-10	দুইটি সমান্তরাল রেখাদ্বয়ের মধ্যবর্তী লম্ব দূরত্ব নির্ণয় সংক্রান্ত	11	DB'23, 22, 21; SB'22, 21, 19; RB'21; Ctg.B'19; MB'19; All B'18; BB'17
✪	T-11	ত্রিভুজের বিভিন্ন ধরনের কেন্দ্র নির্ণয় সংক্রান্ত	03	JB'23; Din.B'19; RB'17
✪✪	T-12	দুইটি রেখার অন্তর্ভুক্ত কোণ নির্ণয় সংক্রান্ত	07	RB'22, 21; MB'22; JB'21; Din.B'21; BB'19, 17
✪	T-13	কোণের সমদ্বিখণ্ডকদ্বয়ের সমীকরণ এবং কোণের সাপেক্ষে বিভিন্ন বিন্দুর অবস্থান সংক্রান্ত	01	MB'21
✪✪✪	T-14	বিবিধ	30	RB'23, 21, 19; JB'23, 22, 21; Din.B'23, 21, 19; Mad.B'23; DB'22, 21; SB'22, 21, 19; Ctg.B'22, 21; CB'22, 21, 19; MB'22, 21; BB'19; All B'18

Educationblog24.com

বিগত বোর্ড পরীক্ষামূহের MCQ প্রশ্ন

01. (1, 2) বিন্দুগামী $3x + 2y + 5 = 0$ রেখার উপর লম্বরেখার সমীকরণ কোনটি? [DB, SB, CB'23]
(a) $2x + 3y - 8 = 0$ (b) $3x - 2y + 1 = 0$
(c) $3x + 2y - 7 = 0$ (d) $2x - 3y + 4 = 0$

02. $qy + px + r = 0$ রেখার ঢাল কোনটি? [DB'23]
(a) $-\frac{p}{q}$ (b) $-\frac{q}{p}$ (c) $\frac{q}{p}$ (d) $\frac{p}{q}$

03. $2x + 3y = 9$ এবং $4x + 6y = 7$ সরলরেখাদ্বয়ের মধ্যবর্তী দূরত্ব কোনটি? [DB'23, 22, 21; SB'22, 21, 19; RB'21; Ctg.B, MB'19; All B'18; BB'17]
(a) $\frac{1}{\sqrt{13}}$ (b) $\frac{2}{\sqrt{13}}$ (c) $\frac{11}{2\sqrt{13}}$ (d) $\frac{25}{2\sqrt{13}}$

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:



04. $(-1, -2)$ হতে AB রেখার লম্ব দূরত্ব কোনটি? [DB'23]
(a) $\frac{1}{5}$ (b) $\frac{2}{5}$ (c) 2 (d) $\frac{17}{5}$

05. AB রেখাংশের মধ্যবিন্দুর স্থানাঙ্ক কোনটি? [DB'23]
(a) $\left(2, -\frac{3}{2}\right)$ (b) $\left(-2, \frac{3}{2}\right)$ (c) $\left(\frac{3}{2}, -2\right)$ (d) $\left(-\frac{3}{2}, 2\right)$

06. $(3, -2)$ বিন্দু হতে $3x + 4y + 14 = 0$ রেখার লম্ব দূ... কত? [RB'...]
(a) 1 (b) 2 (c) 3 (d) 4

07. $(a, b), (1, 1), (a - 1, b - 1)$ বিন্দুত্রয় সমরেখ হলে- [RB'...]
(a) $ab = 1$ (b) $a = b$
(c) $\frac{1}{a} + \frac{1}{b} = 0$ (d) $\frac{1}{a} + \frac{1}{b} = 1$

08. $4x + 8y + 17 = 0$ রেখাটির- [RB'...]
(i) সমান্তরাল রেখার সমীকরণ $2x + 4y + 17 = 0$
(ii) লম্ব রেখার সমীকরণ $2x - y + 5 = 0$
(iii) x-অক্ষের ধনাত্মক দিকের সাথে স্থূলকোণ উৎপন্ন কর...
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) ii, iii (c) i, iii (d) i, ii, i...

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দ...
$3x + y = 3$ এবং $3x - y = 3$ দুইটি সরলরেখা।

09. ঢালদ্বয়ের গুণফল- [Ctg.B...]
(a) -9 (b) -1 (c) 1 (d) 9

10. রেখাদ্বয় y- অক্ষের সাথে যে ত্রিভুজ উৎপন্ন করে তার ক্ষে... কত বর্গ একক? [Ctg.B...]
(a) 3 (b) 6 (c) 12 (d) 18

11. M এর মান কত হলে $2x - y + 6 = 0$ ও $3x + My - 3$ রেখা দুইটি পরস্পর লম্ব হবে? [Ctg.B, Din.B'23; RB...]
(a) -6 (b) $-\frac{3}{2}$ (c) $\frac{3}{2}$ (d) 6

MCQ উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

01. d	02. a	03. c	04. d	05. b	06. c	07. b	08. d	09. a	10. a	11. c

01. $3x + 2y + 5 = 0$ এর উপর লম্ব রেখার সমীকরণ
$2x - 3y = 2 \times 1 - 3 \times 2 \Rightarrow 2x - 3y + 4 = 0$

03. সমান্তরাল সরলরেখাদ্বয় $2x + 3y = 9 \Rightarrow 4x + 6y - 18 = 0$
এবং $4x + 6y = 7 \Rightarrow 4x + 6y - 7 = 0$
$\therefore$ মধ্যবর্তী দূরত্ব $\frac{|-18-(-7)|}{\sqrt{4^2+6^2}} = \frac{11}{2\sqrt{13}}$

04. $(-1, -2)$ হতে $3x - 4y + 12 = 0$
এর লম্ব দূরত্ব $= \frac{|-3+8+12|}{\sqrt{3^2+4^2}} = \frac{17}{5}$ একক

05. $3x - 4y + 12 = 0$ রেখাংশ x ও y অক্ষকে যথাক্রমে $A(-4, 0)$ ও $B(0, 3)$ বিন্দুতে ছেদ করে। AB এর মধ্যবিন্দু $= \left(\frac{-4+0}{2}, \frac{0+3}{2}\right) = \left(-2, \frac{3}{2}\right)$

06. $(3, -2)$ হতে $3x + 4y + 14 = 0$ এর লম্ব দূরত্ব $\left|\frac{3\times3+4(-2)+14}{\sqrt{3^2+4^2}}\right| = \left|\frac{15}{5}\right| = 3$

07. বিন্দুত্রয় সমরেখ বিধায় ঢাল সর্বদা সমান।
$\frac{b-1}{a-1} = \frac{b-1-b}{a-1-a} = 1 \Rightarrow b - 1 = a - 1 \Rightarrow a = b$

08. (i), (ii) ও (iii) এর ঢাল যথাক্রমে m_1, m_2 ও m_3 হলে,
$m_1 = -\frac{4}{8} = -\frac{1}{2} < 0; m_2 = -\frac{2}{4} = -\frac{1}{2}; m_3 = \frac{-2}{-1} = 2$
$m_1 = m_2$ এবং $m_2 \times m_3 = -\frac{1}{2} \times 2 = -1$
আবার, ধরি $\tan\theta = m_1 =$ (i) এর ঢাল
$\Rightarrow \tan\theta = -\frac{1}{2} \therefore \theta = 153.43$ [স্থূলকোণ]
$\therefore$ (i), (ii) ও (iii) সঠিক।

09. $ax + by + c = 0$ রেখার ঢাল, $m = \frac{-a}{b}$
$3x + y = 3 \therefore$ ঢাল, $m_1 = -\frac{3}{1} = -3$
$3x - y = 3 \therefore$ ঢাল, $m_2 = \frac{-3}{-1} = 3 \therefore m_1 m_2 = -3 \times 3 = -9$

10. রেখাদ্বয় x অক্ষকে $A(1, 0)$ ও y অক্ষকে $B(0, 3)$ ও $C(0, -3)$ বিন্দুতে ... করে।
$\therefore \Delta ABC = \frac{1}{2}\left\|\begin{matrix}1 & 0 & 0 & 1\\ 0 & 3 & -3 & 0\end{matrix}\right\| = 3$ বর্গ একক



11. $2x - y + 6 = 0 \therefore$ ঢাল, $m_1 = \frac{-2}{-1} = 2$
$3x + My - 3 = 0 \therefore$ ঢাল, $m_2 = -\frac{3}{M}$
$\therefore m_1 m_2 = -1 \Rightarrow 2 \times \left(-\frac{3}{M}\right) = -1 \therefore M = 6$

Educationblog24.com

12. $x + y = 4$ এবং $x - y = 2$ সরলরেখাদ্বয়ের ছেদবিন্দুগামী ও y-অক্ষের সমান্তরাল রেখার সমীকরণ— [Ctg.B'23; All B'18]
(a) $y = 1$ (b) $x = 1$ (c) $y = 3$ (d) $x = 3$

13. 

AB সরলরেখার সমীকরণ- [SB'23; RB'22; Ctg.B'17]
(a) $\sqrt{3}x - y = 2\sqrt{3}$ (b) $\sqrt{3}x + y = 2\sqrt{3}$
(c) $x + \sqrt{3}y = 2\sqrt{3}$ (d) $x - \sqrt{3}y = 2\sqrt{3}$

14. $(3, -60°)$ বিন্দুর কার্তেসীয় স্থানাঙ্ক কোনটি? [SB'23; DB'22; MB'21; SB, JB'19; Din.B'17]
(a) $\left(-\frac{3}{2}, \frac{3\sqrt{3}}{2}\right)$ (b) $\left(-\frac{3}{2}, \frac{-3\sqrt{3}}{2}\right)$
(c) $\left(\frac{3}{2}, \frac{-3\sqrt{3}}{2}\right)$ (d) $\left(\frac{3\sqrt{3}}{2}, -\frac{3}{2}\right)$

15. $P(x, y)$ হতে $(-3, 0)$ এবং $(3, 0)$ বিন্দুদ্বয়ের দূরত্বের বর্গের সমষ্টি সর্বদা 40 হলে P বিন্দুর সঞ্চারপথ হবে একটি- [SB'23]
(a) বৃত্ত (b) পরাবৃত্ত (c) উপবৃত্ত (d) অধিবৃত্ত

16. x-অক্ষরেখার সমান্তরাল সরলরেখার সমীকরণ হল- [BB'23]
(a) $x = 2$ (b) $x = y$
(c) $y = 1$ (d) $x - y = 2$

17. $2x - y + 1 = 0$ সরলরেখাটি— [BB'23]
(i) $x + 2y + 1 = 0$ রেখার উপর লম্ব
(ii) $x - 2y + 1 = 0$ রেখার সমান্তরাল
(iii) দ্বারা অক্ষদ্বয়ের মধ্যবর্তী খণ্ডিত অংশের পরিমাণ $\frac{\sqrt{5}}{2}$
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:



18. A বিন্দুর পোলার স্থানাঙ্ক হল— [BB'23]
(a) $\left(5, \tan^{-1}\left(-\frac{1}{2}\right)\right)$ (b) $(5, \tan^{-1}(-2))$
(c) $\left(\sqrt{5}, \tan^{-1}\left(-\frac{1}{2}\right)\right)$ (d) $(\sqrt{5}, \tan^{-1}(-2))$

19. A ও B বিন্দুদ্বয়ের সংযোজক রেখাকে x-অক্ষরেখা কত অনুপাতে বিভক্ত করে? [BB, SB'23]
(a) 2 : 1 (b) 1 : 2 (c) 3 : 1 (d) 1 : 3

20. $P(1, -2)$ ও $Q(-8, 1)$ বিন্দুদ্বয়ের সংযোজক রেখাংশকে 2 : 1 অনুপাতে অন্তর্বিভক্তকারী বিন্দুর স্থানাঙ্ক কোনটি? [JB'23; CB'17]
(a) $(-2, -1)$ (b) $(10, -5)$
(c) $(17, -4)$ (d) $(-5, 0)$

MCQ উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

12. d	13. c	14. c	15. a	16. c	17. b	18. d	19. b	20. d

12. $x + y = 4 \ldots\ldots\ldots$ (i)
$x - y = 2 \ldots\ldots\ldots$ (ii)
(i) ও (ii) সমাধান করে পাই, $x = 3, y = 1$
∴ ছেদবিন্দু $(3, 1)$
∴ নির্ণেয় সমীকরণ: $x = 3$

13. $x\cos\theta + y\sin\theta = p$
$\Rightarrow x\cos 60° + y\sin 60° = \sqrt{3}$ (যেহেতু $\theta = 60°$ ও $p = \sqrt{3}$)
$\Rightarrow \frac{x}{2} + \frac{\sqrt{3}y}{2} = \sqrt{3} \Rightarrow x + \sqrt{3}y = 2\sqrt{3}$

14. $(x, y) \equiv (r\cos\theta, r\sin\theta)$
$= \{3\cos(-60°), 3\sin(-60°)\} = \left(\frac{3}{2}, -\frac{3\sqrt{3}}{2}\right)$

15. $\left(\sqrt{(x+3)^2 + y^2}\right)^2 + \left(\sqrt{(x-3)^2 + y^2}\right)^2 = 40$
$\Rightarrow (x+3)^2 + y^2 + (x-3)^2 + y^2 = 40$
$\Rightarrow x^2 + 6x + 9 + y^2 + x^2 - 6x + 9 + y^2 = 40$
$\Rightarrow 2x^2 + 2y^2 + 18 = 40$
$\therefore x^2 + y^2 = 11$ যা একটি বৃত্ত।

17. (i) ও (ii) এর ঢালদ্বয়ের গুণফল $= \left(\frac{-2}{-1}\right) \times \left(\frac{-1}{2}\right) = -1$
∴ (i) সঠিক। এবং (iii) এর ঢাল, $\frac{-1}{-2}$ বা $\frac{1}{2} \neq 2$
∴ (ii) সঠিক নয়।
(i) নং রেখাটি: $2x - y = -1 \Rightarrow \frac{x}{-\frac{1}{2}} + \frac{y}{1} = 1$



AB = অক্ষদ্বয়ের মধ্যবর্তী খণ্ডিত অংশ
$= \sqrt{\left(-\frac{1}{2} - 0\right)^2 + (0 - 1)^2} = \sqrt{\frac{1}{4} + 1} = \frac{\sqrt{5}}{2}$ একক।

18. $(r, \theta) \equiv \left(\sqrt{(-1)^2 + 2^2}, \pi - \tan^{-1}\left|\frac{2}{-1}\right|\right)$;
অর্থাৎ, $(\sqrt{5}, \tan^{-1}(-2))$

19. x অক্ষ দ্বারা বিভক্ত হলে অনুপাত $= \left|\frac{y_1}{y_2}\right| = \left|\frac{2}{-4}\right| = 1:2$

20. $P(1, -2)$ ও $Q(-8, 1)$ বিন্দুদ্বয়ের সংযোগ রেখাংশকে 2:1 অনুপাতে অন্তর্বিভক্তকারী বিন্দুর স্থানাঙ্ক $= \left(\frac{2\times(-8)+1\times1}{2+1}, \frac{2\times1+1\times(-2)}{2+1}\right) = (-5, 0)$

Educationblog24.com

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:



ত্রিভুজটির ভরকেন্দ্রের স্থানাঙ্ক (6, 4)।

21. C বিন্দুর স্থানাঙ্ক কোনটি? [JB'23]
(a) (3, 8) (b) (8, 3) (c) (2, −1) (d) (2, 1)

22. AB এর উপর লম্ব রেখার ঢাল কত? [JB'23]
(a) $-\frac{7}{4}$ (b) $\frac{7}{4}$ (c) $\frac{4}{7}$ (d) $-\frac{4}{7}$

23. A(6, 4) এবং B(10, 8) দুইটি বিন্দু হলে [JB'23]
(i) AB রেখার ঢাল 1
(ii) AB রেখার সমীকরণ $x - y - 2 = 0$
(iii) AB কে বাহু ধরে অঙ্কিত বর্গের ক্ষেত্রফল 8 বর্গ একক
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

24. $x^2 + y^2 + ay = 0$ এর পোলার সমীকরণ কোনটি? [CB'23]
(a) $r + a = 0$ (b) $r^2 + a = 0$
(c) $r + a\sin\theta = 0$ (d) $r^2 + a\sin\theta = 0$

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:

$8x - by - 9 = 0$ এবং $4x + 3y + 2 = 0$ দুটি সরলরেখার সমীকরণ।

25. রেখাদ্বয় সমান্তরাল হলে b এর মান কত? [CB'23]
(a) −6 (b) −3 (c) 3 (d) 6

26. (m, 0) (0, n), (1, 1) বিন্দু তিনটি সমরেখ হওয়ার শর্ত কোনটি? [CB'23]
(a) $m - n = mn$ (b) $m - n + mn = 0$
(c) $m + n = 0$ (d) $m + n = mn$

27. $2x - 3y = 0$ একটি সরলরেখার সমীকরণ।
(i) রেখাটি মূলবিন্দুগামী
(ii) (3, 2) বিন্দুটি রেখাটির উপর অবস্থিত
(iii) (2, −3) বিন্দু থেকে রেখাটির লম্ব দূরত্ব $\frac{1}{\sqrt{13}}$
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

28. A(−1, 2) এবং B(3, 1) দুইটি বিন্দু হলে। [Din.B
(i) AB রেখার Y-অক্ষের ছেদ বিন্দু $\left(0, \frac{7}{4}\right)$
(ii) AB রেখার উপর লম্ব রেখার ঢাল 4
(iii) AB কে বাহু ধরে অঙ্কিত বর্গের ক্ষেত্রফল 17 বর্গ
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii,

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দা



29. মূল বিন্দু হতে AB এর লম্ব দূরত্ব কোনটি? [Din.B, RB'23;
(a) $\frac{15}{8}$ (b) $\frac{15}{34}$ (c) $\frac{15}{\sqrt{34}}$ (d) $\frac{15}{2\sqrt{2}}$

30. AB এর মধ্যবিন্দুর স্থানাঙ্ক কোনটি? [Din.B, MB'23;
(a) $\left(\frac{3}{2}, -\frac{5}{2}\right)$ (b) $\left(-\frac{3}{2}, -\frac{5}{2}\right)$
(c) $\left(\frac{3}{2}, \frac{5}{2}\right)$ (d) $\left(-\frac{3}{2}, \frac{5}{2}\right)$

MCQ উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

21. b	22. c	23. a	24. c	25. a	26. d	27. a	28. d	29. c	30.

21. ধরি, C(x, y); ভরকেন্দ্র (6,4) $= \left(\frac{3+7+x}{3}, \frac{8+1+y}{3}\right)$
$\therefore \frac{3+7+x}{3} = 6 \Rightarrow x = 18 - 3 - 7 = 8$ এবং $\frac{8+1+y}{3} = 4$
$\Rightarrow y = 12 - 8 - 1 = 3 \therefore C(x, y) = (8, 3)$

22. AB রেখার ঢাল, $m_1 = \frac{8-1}{3-7} = \frac{7}{-4}$ ইহার লম্বরেখার ঢাল m_2 হলে,
$m_1 . m_2 = -1 \Rightarrow m_2 = \frac{4}{7}$

23. AB রেখার ঢাল $= \frac{8-4}{10-6} = 1$; AB রেখার সমীকরণ: $\frac{x-6}{10-6} = \frac{y-4}{8-4}$
$\Rightarrow x - 2 = y \Rightarrow x - y - 2 = 0$
$AB = \sqrt{(10-6)^2 + (8-4)^2} = \sqrt{4^2 + 4^2} = 4\sqrt{2}$ একক।
$\therefore AB^2 = \left(4\sqrt{2}\right)^2 = 32$ বর্গ একক। সুতরাং (i) ও (ii) সঠিক।

24. $x^2 + y^2 + ay = 0 \Rightarrow r^2 + ar\sin\theta = 0 \Rightarrow r + a\sin\theta = 0$

25. $8x - by - 9 = 0 \therefore$ ঢাল, $m_1 = \frac{-8}{-b} = \frac{8}{b}$
$4x + 3y + 2 = 0 \therefore$ ঢাল, $m_2 = \frac{-4}{3}$
শর্তমতে, $m_1 = m_2 \Rightarrow \frac{8}{b} = -\frac{4}{3} \Rightarrow b = -6$

26. $\begin{vmatrix} m & 0 & 1 \\ 0 & n & 1 \\ 1 & 1 & 1 \end{vmatrix} = 0 \Rightarrow m(n-1) - 0 + 1(0-n) = 0$
$\Rightarrow mn - m - n = 0 \Rightarrow m + n = mn$

27. (i) $2x - 3y = 0 \Rightarrow y = \frac{2}{3}x$
$\therefore$ রেখাটি মূলবিন্দুগামী।
(ii) $2 \cdot 3 - 3 \cdot 2 = 0 \therefore$ রেখাটি (3, 2) বিন্দুগামী।
(iii) (2, −3) বিন্দু থেকে রেখাটির লম্ব দূরত্ব
$= \frac{|2 \cdot 2 + (-3)(-3) + 0|}{\sqrt{2^2 + (-3)^2}} = \frac{|13|}{\sqrt{13}} = \sqrt{13} \therefore$ (i) ও (ii) সঠিক।

28. AB রেখার সমীকরণ $\frac{x+1}{-1-3} = \frac{y-2}{2-1}$
$\Rightarrow x + 1 = -4y + 8 \Rightarrow x + 4y = 7 \Rightarrow \frac{x}{7} + \frac{y}{\frac{7}{4}} = 1$
(i) Y অক্ষের ছেদক হলো $\left(0, \frac{7}{4}\right)$
(ii) AB রেখার ঢাল $m_1 = -\frac{1}{4}$ এর লম্ব রেখার ঢাল হলো 4
(iii) $AB = \sqrt{(3+1)^2 + (1-2)^2}$; $AB = \sqrt{17}$ একক
AB কে বাহু ধরে বর্গ আঁকলে এর ক্ষেত্রফল $AB^2 = 17$ বর্গ একক।
$\therefore$ (i), (ii) ও (iii) সবগুলোই সঠিক।

29. (0, 0) হতে $5x + 3y + 15 = 0$ এর লম্ব দূরত্ব $= \frac{|0+0+15|}{\sqrt{5^2+3^2}} = \frac{15}{\sqrt{34}}$ একক

30. $5x + 3y + 15 = 0$, X-অক্ষকে A(−3, 0) ও Y-অক্ষকে B(0, −5) বিন্দুতে ছেদ করে। AB এর মধ্যবিন্দু $\left(-\frac{3}{2}, -\frac{5}{2}\right)$

31. $6x + 5y + 25 = 0$ সরলরেখার ঢাল কত? [MB'23; BB'22; DB'21]

(a) $\frac{6}{5}$ (b) $\frac{-6}{5}$ (c) $\frac{5}{6}$ (d) $\frac{-5}{6}$

32. $(-1, -\sqrt{3})$ বিন্দুর পোলার স্থানাঙ্ক কত? [MB'23]

(a) $(2, 240°)$ (b) $(2, 120°)$
(c) $(2, 60°)$ (d) $(2, 30°)$

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:



33. AB সরলরেখার সমীকরণ কোনটি? [Mad.B'23]

(a) $4x - 5y + 20 = 0$ (b) $5x - 4y - 20 = 0$
(c) $5x - 4y + 20 = 0$ (d) $4x - 5y - 20 = 0$

34. ΔOAB এর ক্ষেত্রফল কত বর্গ একক। [MB, Mad.B'23]

(a) -20 (b) -10 (c) 10 (d) 20

35. $y = \frac{1}{\sqrt{3}}x + 3$ সমীকরণের ঢাল $\tan\theta$ হলে θ এর মান কত? [Mad.B'23]

(a) $-\frac{\pi}{3}$ (b) $-\frac{\pi}{6}$ (c) $\frac{\pi}{6}$ (d) $\frac{\pi}{3}$

36. একটি ত্রিভুজের A(3, 2), B(3, 8) এবং C(−3, 2) তিনটি শীর্ষবিন্দু— [Mad.B'23]

(i) AB = 6 একক (ii) ভরকেন্দ্র (3, 4)
(iii) BC রেখার ঢাল = 1

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

37. $2x + 3y = 6$ রেখাটি y-অক্ষকে কোন বিন্দুতে ছেদ করে? [Mad.B'23]

(a) (0, 2) (b) (0, 3) (c) (2, 0) (d) (3, 0)

নিচের তথ্যের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:



38. AB এর ঢাল কত? [DB'22, 19; BB'21]

(a) $-\frac{1}{2}$ (b) $\frac{3}{4}$ (c) $-\frac{3}{4}$ (d) $-\frac{4}{3}$

39. মূলবিন্দু থেকে AB এর লম্ব দূরত্ব কত? [DB'22]

(a) 4 একক (b) 3 একক
(c) $\frac{12}{5}$ একক (d) $\frac{12}{25}$ একক

40. $x + y - 2 = 0$ রেখাটির- [DB'22; CB'19]

(i) সমান্তরাল রেখা $2x + 2y + 3 = 0$
(ii) মূলবিন্দু হতে লম্ব দূরত্ব $\sqrt{2}$ একক
(iii) উদ্দীপকের রেখাটি দ্বারা অক্ষদ্বয়ের সাথে উৎপন্ন ত্রিভুজের ক্ষেত্রফল 2 বর্গ একক

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) ii, iii (c) i, iii (d) i, ii, iii

MCQ উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

31. b	32. a	33. b	34. c	35. c	36. b	37. a	38. a	39. -	40. d

32. $(r, \theta) = \left(\sqrt{(-1)^2 + (-\sqrt{3})^2}, 180° + \tan^{-1}\left|\frac{-\sqrt{3}}{-1}\right|\right)$
অর্থাৎ $(2, 240°)$

33. A(4,0) ও B(0, −5) বিন্দুগামী সরলরেখার সমীকরণ
$\frac{x}{4} + \frac{y}{-5} = 1 \Rightarrow 5x - 4y = 20 \therefore 5x - 4y - 20 = 0$

34. আমরা জানি, ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ ভূমি $\times$ উচ্চতা $= \frac{1}{2} \times 4 \times 5$ বর্গ একক
$= 10$ বর্গ একক। [বি.দ্র: বাহুর পরম মান ধরে]

35. $\therefore \tan\theta = \frac{1}{\sqrt{3}} \Rightarrow \theta = 30° \Rightarrow \frac{\pi}{6}$

36. (i) $AB = \sqrt{(3-3)^2 + (2-8)^2}$
$= \sqrt{0^2 + 6^2} = 6$ একক।
(ii) ভরকেন্দ্র $\left(\frac{3+3-3}{3}, \frac{2+8+2}{3}\right) = (1, 4)$,
(iii) BC রেখার ঢাল $= \frac{8-2}{3-(-3)}$
$= \frac{6}{6} = 1$ অর্থাৎ (ii) নং সঠিক নয়, (i) ও (iii) নং সঠিক।

37. y-অক্ষকে ছেদ করলে ভুজ, $x = 0$
সমীকরণে x এর মান 0 বসিয়ে ছেদবিন্দু নির্ণয় করি।
$2 \cdot 0 + 3y = 6 \Rightarrow y = 2$ ছেদবিন্দু $\equiv (0, 2)$

38. $m = \frac{-3-0}{0-(-6)} = -\frac{3}{6} = -\frac{1}{2}$

39. (No Answer): AB রেখার সমীকরণ, $\frac{x}{-6} + \frac{y}{-3} = 1 \Rightarrow \frac{x+2y}{-6} = 1$
$\Rightarrow x + 2y = -6 \therefore x + 2y + 6 = 0$ মূলবিন্দু হতে AB রেখার লম্ব দূরত্ব,
$d = \frac{|0+2\cdot0+6|}{\sqrt{1^2+2^2}} = \frac{6}{\sqrt{5}}$ একক

40. $x + y - 2 = 0$, রেখাটির ঢাল, $m = -\frac{1}{1} = -1$
(i) $2x + 2y + 3 = 0$ রেখার ঢাল, $m = -\frac{2}{2} = -1$
$\therefore$ রেখাটি $x + y - 2 = 0$ সরলরেখার সমান্তরাল
(ii) মূলবিন্দু (0, 0) হতে $x + y - 2 = 0$ রেখার লম্ব দূরত্ব,
$d = \frac{|0+0-2|}{\sqrt{1^2+1^2}} = \frac{2}{\sqrt{2}} = \sqrt{2}$ একক
(iii) $x + y - 2 = 0 \Rightarrow x + y = 2 \therefore \frac{x}{2} + \frac{y}{2} = 1$
$\therefore$ x ও y এর খণ্ডিতাংশ যথাক্রমে 2 ও 2 একক।
$\therefore \Delta OAB = \frac{1}{2} \times 2 \times 2 = 2$ বর্গ একক



Educationblog24.com

নিচের তথ্যের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:

$x + y = 3$ এবং $x - y = 3$ দুইটি রেখার সমীকরণ।

41. রেখাদ্বয়ের মধ্যবর্তী কোণ কত? [RB'22, 21; MB'22; JB'21]

(a) 30° (b) 45° (c) 60° (d) 90°

42. রেখাদ্বয় Y -অক্ষের সাথে যে ত্রিভুজ উৎপন্ন করে তার ক্ষেত্রফল কত বর্গ একক? [RB'22] [Ans: b]

(a) 6 (b) 9 (c) 12 (d) 18

43. $(-2,4)$ এবং $(8,-10)$ বিন্দুদ্বয়ের সংযোজক রেখাকে 2: 3 অনুপাতে বহির্বিভক্তকারী বিন্দুর স্থানাঙ্ক কোনটি? [RB'22]

(a) $(-22,8)$ (b) $(22,-8)$

(c) $(-22,32)$ (d) $(22,-32)$

নিচের তথ্যের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:

$x + y + 4 = 0$ এবং $x - y - 2 = 0$ দুইটি সরলরেখার সমীকরণ।

44. রেখা দুইটির ছেদ বিন্দুর স্থানাঙ্ক কোনটি? [Ctg.B'22]

(a) $(3, 1)$ (b) $(1, 3)$

(c) $(-3, -1)$ (d) $(-1, -3)$

45. x-অক্ষের সাথে রেখা দুইটি যে ত্রিভুজ গঠন করে তার ক্ষেত্রফল কত? [Ctg.B'22]

(a) 9 বর্গ একক (b) 6 বর্গ একক

(c) 4 বর্গ একক (d) 3 বর্গ একক

46. $(-5, 10)$ বিন্দুগামী সরলরেখা x-অক্ষের ধনাত্মক দিকের সাথে $\tan^{-1}\frac{3}{4}$ কোণ উৎপন্ন করে। সরলরেখার সমীকরণ- [Ctg.B'22, 21; BB

(a) $4x + 3y - 10 = 0$ (b) $3x - 4y + 55 = 0$

(c) $3x + 4y + 55 = 0$ (d) $4x + 3y + 30 = 0$

47. $A(3,-2), B(4,6)$ এবং $C(5, 7)$ কোনো ত্রিভুজের শীর্ষবিন্দু হলে- [Ctg.B

(i) ভরকেন্দ্র $\left(4, \frac{11}{3}\right)$ (ii) BC এর মধ্যবিন্দু $\left(\frac{9}{2}\right.$

(iii) AB এর সমীকরণ $8x - y - 26 = 0$

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii,

নিচের তথ্যের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও

$(\sqrt{3}, 1)$ বিন্দু হতে $\sqrt{3}x - y + 8 = 0$ সরলরেখার অঙ্কিত লম্বের দৈর্ঘ্য P এবং লম্ব রেখাটি x-অক্ষের সাথে θ উৎপন্ন করলে-

48. P-এর মান কত? [Ctg.B, SB'22; RB, J

(a) 5 (b) 4 (c) 2 (d) $5\sqrt{2}$

49. θ-এর মান- [S

(a) 30° (b) 120° (c) 60° (d) 150

50. $2x + 3y = 8$ রেখা দ্বারা- [CB, JB'22; SB'22, 21; Din

(i) x-অক্ষের খণ্ডিতাংশ 4

(ii) অক্ষদ্বয়ের সাথে গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল $\frac{16}{3}$ বর্গ এক

(iii) y-অক্ষকে $(0, 8)$ বিন্দুতে ছেদ করে

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii

MCQ উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

41. d	42. b	43. c	44. d	45. a	46. b	47. d	48. a	49. d	50

41. এখানে, $x + y = 3 \Rightarrow m_1 = -1$ এবং $x - y = 3$
$\Rightarrow m_2 = 1 ; m_1 m_2 = -1 \therefore \theta = 90°$

42.



$\therefore$ ক্ষেত্রফল $= \left(\frac{1}{2} \times 3 \times 3\right) \times 2 = 9$ বর্গ একক।

43. $\therefore x = \frac{2\times8-3\times(-2)}{2-3} = \frac{16+6}{-1} = -22$

$\therefore y = \frac{2\times(-10)-3\times(4)}{2-3} = \frac{-20-12}{-1} = 32 \therefore R = R(-22, 32)$

45. $x + y + 4 = 0$ ও $x - y - 2 = 0$ রেখা পরস্পর $(-1, -3)$ বিন্দুতে ছেদ করে এবং রেখাদ্বয় x-অক্ষকে যথাক্রমে $(-4, 0)$ ও $(2, 0)$ বিন্দুতে ছেদে করে।
$\therefore (-1, -3), (-4, 0)$ এবং $(2, 0)$ বিন্দুত্রয় নিয়ে গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল $= \left|\frac{1}{2}\begin{vmatrix} 2 & -4 & -1 & 2 \\ 0 & 0 & -3 & 0 \end{vmatrix}\right| = \frac{1}{2}(12 + 6) = 9$ বর্গ একক

46. $(y - y_1) = m(x - x_1) \Rightarrow (y - 10) = \tan\left[\tan^{-1}\frac{3}{4}\right](x + 5)$
$\Rightarrow (y - 10) = \frac{3}{4}(x + 5) \Rightarrow 4y - 40 = 3x + 15$
$\Rightarrow 3x - 4y + 55 = 0$

47. ভরকেন্দ্র $\equiv \left(\frac{3+4+5}{3}, \frac{-2+6+7}{3}\right) = \left(4, \frac{11}{3}\right)$
BC এর মধ্যবিন্দু $= \left(\frac{9}{2}, \frac{13}{2}\right)$
AB এর সমীকরণ $\Rightarrow \frac{y+2}{-2-6} = \frac{x-3}{3-4} \Rightarrow -y - 2 = -8x + 24$
$\Rightarrow 8x - y - 26 = 0$

48. লম্বের দৈর্ঘ্য $= \left|\frac{\sqrt{3}\sqrt{3}-1+8}{\sqrt{(\sqrt{3})^2+(-1)^2}}\right| = 5 = P$

49. প্রদত্ত রেখার ঢাল $\sqrt{3}$
$\therefore$ এর লম্বরেখার ঢাল $-\frac{1}{\sqrt{3}} \therefore \theta = 150° \left[\tan\theta = -\frac{1}{\sqrt{3}}\right]$

50. $2x + 3y = 8 \Rightarrow \frac{x}{4} + \frac{y}{\frac{8}{3}} = 1$
রেখাটি দ্বারা x অক্ষের খণ্ডিতাংশ 4 একক। $\therefore$ (i) সঠিক।
$\therefore$ অক্ষদ্বয়ের সাথে গঠিত ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times 4 \times \frac{8}{3} = \frac{16}{3}$ বর্গ এক
$\therefore$ (ii) সঠিক।
y-অক্ষকে $\left(0, \frac{8}{3}\right)$ বিন্দুতে ছেদ করে। $\therefore$ (iii) সঠিক নয়।

Educationblog24.com

51. $3x + \sqrt{3}y - 10 = 0$ রেখাটি x-অক্ষের ধনাত্মক দিকের সাথে কত কোণ উৎপন্ন করে? [BB, MB'22; Ctg.B'19]

(a) $\frac{\pi}{3}$ (b) $\frac{2\pi}{3}$ (c) $\frac{\pi}{6}$ (d) $\frac{5\pi}{6}$

নিচের তথ্যের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:

$3x - 4y - 12 = 0$ সরলরেখাটি x ও y অক্ষকে যথাক্রমে A ও B বিন্দুতে ছেদ করে।

52. উদ্দীপকের সরলরেখার উপর লম্ব এবং (1, 2) বিন্দুগামী সরলরেখার সমীকরণ কোনটি? [RB, JB, CB, BB'22; DB, RB, SB, BB, JB, MB'21; DB'17]

(a) $4x + 3y - 10 = 0$ (b) $4x + 3y - 12 = 0$
(c) $3x - 4y + 12 = 0$ (d) $4x - 3y - 10 = 0$

53. $x + y - 4 = 0$ সরলরেখাটি অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ তৈরি করে তার ক্ষেত্রফল কত বর্গ একক? [JB'22]

(a) 4 (b) 8 (c) 16 (d) 32

54. $(-1, -1)$ বিন্দুটির পোলার স্থানাঙ্ক কোনটি? [RB, BB, JB, CB'22; DB, RB, Ctg.B, SB, JB, Din.B'21; RB, BB'19; All B'18; DB, SB, CB, Din.B'17]

(a) $(\sqrt{2}, -45°)$ (b) $(\sqrt{2}, 45°)$
(c) $(\sqrt{2}, 135°)$ (d) $(\sqrt{2}, 225°)$

নিচের তথ্যের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:

$\sqrt{2}x - y + 5 = 0$ একটি সরলরেখার সমীকরণ।

55. প্রদত্ত সরলরেখার দ্বারা y-অক্ষের খণ্ডিতাংশের দৈর্ঘ্য কোনটি? [CB'22]

(a) -5 (b) $-\frac{5}{\sqrt{2}}$ (c) $\frac{5}{\sqrt{2}}$ (d) 5

নিচের তথ্যের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:

$2x - ky + 1 = 0$ এবং $3x + 2y - 6 = 0$ দুইটি সরলরেখার সমীকরণ

56. দ্বিতীয় রেখাটির লম্ব রেখার ঢাল কত? [Ctg.B, Din.B'22; SB, CB'21; SB'17]

(a) $\frac{3}{2}$ (b) $\frac{2}{3}$ (c) $-\frac{2}{3}$ (d) $-\frac{3}{2}$

57. রেখাদ্বয় পরস্পর সমান্তরাল হলে k এর মান কত হবে? [Din.B'22; DB, SB'21]

(a) $\frac{4}{3}$ (b) $\frac{3}{4}$ (c) $-\frac{3}{4}$ (d) $-\frac{4}{3}$

58. $(-3, -4)$ ও (6,2) বিন্দুদ্বয়ের সংযোগ রেখাটিকে y-অক্ষরেখা যে অনুপাতে অন্তর্বিভক্ত করে, তা হলো [MB'22]

(a) 2: 1 (b) 1: 2 (c) 2: 3 (d) 3: 2

59. $3x - 7y - 21 = 0$ সরলরেখাটি [MB'22]

(i) $+\frac{3}{7}$ ঢালবিশিষ্ট (ii) $(-7, -6)$ বিন্দুগামী

(iii) x- অক্ষ হতে 7 একক দৈর্ঘ্য খণ্ডিত করে

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:

$2x - 3y + 6 = 0$

60. রেখাটি x অক্ষকে যে বিন্দুতে ছেদ করে তার স্থানাঙ্ক- [DB'21]

(a) $(-3, 0)$ (b) $(0, -2)$ (c) (0,2) (d) (3,0)

61. $r = 3\cos\theta$ এর কার্তেসীয় সমীকরণ কোনটি? [RB'21]

(a) $x^2 + y^2 - 3x = 0$ (b) $x^2 + y^2 + 3x = 0$
(c) $x^2 + y^2 - 3y = 0$ (d) $x^2 + y^2 + 3y = 0$

MCQ উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

51. b	52. a	53. b	54. d	55. d	56. b	57. d	58. b	59. d	60. a	61. a

51. $3x + \sqrt{3}y - 10 = 0$ রেখাটির ঢাল, $m = \tan\theta = -\frac{3}{\sqrt{3}} = -\sqrt{3}$

$\Rightarrow \theta = \tan^{-1}(-\sqrt{3}) = \pi - \tan^{-1}\sqrt{3} = \pi - \frac{\pi}{3} \therefore \theta = \frac{2\pi}{3}$

52. $3x - 4y - 12 = 0$ রেখার উপর লম্ব এবং (1, 2) বিন্দুগামী রেখা,

$4x + 3y = 4 \times 1 + 3 \times 2 \Rightarrow 4x + 3y = 10 \Rightarrow 4x + 3y - 10 = 0$

53. $x + y - 4 = 0 \Rightarrow \frac{x}{4} + \frac{y}{4} = 1$ রেখাটি অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ গঠন করে

তার ক্ষেত্রফল $= \frac{1}{2} \times 4 \times 4 = 8$ বর্গ একক

54. $(-1, -1) \equiv (r, \theta) \Rightarrow r = \sqrt{(-1)^2 + (-1)^2} = \sqrt{2}$

$\theta = -\pi + \tan^{-1}\left|\frac{-1}{-1}\right| = -\pi + \frac{\pi}{4} = \frac{-4\pi + \pi}{4} = \frac{-3\pi}{4} = -135°$

অথবা, $\theta = \pi + \tan^{-1}\left|\frac{-1}{-1}\right| = \pi + \frac{\pi}{4} = \frac{8\pi}{4} = 225°$

$\therefore (-1, -1) \equiv (\sqrt{2}, 225°)$

55. $\sqrt{2}x - y + 5 = 0 \Rightarrow y = \sqrt{2}x + 5$

$\therefore$ y অক্ষের খণ্ডিতাংশ = 5

56. ২য় সরলরেখার সমীকরণ, $3x + 2y - 6 = 0$

$\therefore$ ২য় সরলরেখার ঢাল, $m_1 = -\frac{3}{2}$

২য় সরলরেখার লম্ব রেখার ঢাল m_2 হলে, $m_1 m_2 = -1$

$\Rightarrow -\frac{3}{2}m_2 = -1 \therefore m_2 = \frac{2}{3}$

57. রেখাদ্বয় পরস্পর সমান্তরাল হলে, $\frac{2}{3} = \frac{-k}{2} \therefore k = -\frac{4}{3}$

58. y-অক্ষ রেখা যে অনুপাতে বিভক্ত করে তা হল

$= \left|\frac{x_1}{x_2}\right| = \left|\frac{-3}{6}\right| = 1:2$ অনুপাতে।

59. (i) $3x - 7y - 21 = 0$ রেখার ঢাল $= \frac{-3}{-7} = \frac{3}{7}$

(ii) $(-7, -6)$ বসিয়ে পাই: $3(-7) - 7(-6) - 21$

$= -21 + 42 - 21 = 0$

অর্থাৎ রেখাটি $(-7, -6)$ বিন্দুগামী।

(iii) $3x - 7y = 21 \Rightarrow \frac{x}{7} + \frac{y}{-3} = 1$

অর্থাৎ, x-অক্ষ হতে খণ্ডিতাংশের দৈর্ঘ্য 7 একক

$\therefore$ (i), (ii), (iii) সঠিক।

60. $y = 0$ বসিয়ে $x = -3$

$\therefore$ x অক্ষের ছেদবিন্দু $(-3, 0)$

61. $r = 3\cos\theta$ বা, $r^2 = 3r\cos\theta$

বা $x^2 + y^2 = 3x \therefore x^2 + y^2 - 3x = 0$

Educationblog24.com

62. $2x - 3y - 1 = 0$ সরলরেখার- [RB'21]
(i) ঢাল $= \frac{2}{3}$
(ii) x অক্ষকে $\left(\frac{1}{2}, 0\right)$ বিন্দুতে ছেদ করে
(iii) সমান্তরাল রেখার সমীকরণ $3x + 2y + 7 = 0$
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

63. $3x - 4y + k = 0$ একটি সরলরেখা- [Ctg.B'21]
(i) উহার ঢাল $= \frac{3}{4}$
(ii) উহা y-অক্ষ থেকে $\frac{k}{4}$ একক দৈর্ঘ্য ছেদ করে
(iii) উহা x-অক্ষকে $(3, 0)$ বিন্দুতে ছেদ করে
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

64. $\frac{3}{2}$ ঢালবিশিষ্ট সরলরেখাটি $\lambda x + 3y - 7 = 0$ সরলরেখার উপর লম্ব হলে λ এর মান- [Ctg.B'21]
(a) 2 (b) 3 (c) $\frac{9}{2}$ (d) $\frac{9}{4}$

65. $px + qy = pq$ সরলরেখাটি x ও y অক্ষদ্বয় হতে যথাক্রমে যে যে অংশ খণ্ডন করে তাদের দৈর্ঘ্য- [Ctg.B'21]
(a) p, q (b) q, p (c) $\frac{1}{p}, \frac{1}{q}$ (d) $\frac{1}{q}, \frac{1}{p}$

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:



66. OP রেখার ঢাল কত? [SB'21]
(a) $-\sqrt{3}$ (b) $-\frac{1}{\sqrt{3}}$ (c) $\frac{1}{\sqrt{3}}$ (d) $\sqrt{3}$

67. OP = 2 হলে, AB রেখার সমীকরণ কোনটি? [SB'21]
(a) $x + \sqrt{3}y + 4 = 0$ (b) $x - \sqrt{3}y + 4 = 0$
(c) $\sqrt{3}x + y + 4 = 0$ (d) $\sqrt{3}x - y + 4 = 0$

68. মূলবিন্দু হতে 4 একক দূরবর্তী এবং -1 ঢালবিশিষ্ট সরলরেখার সমীকরণ নিচের কোনটি? [BB'21]
(a) $x + y \pm 4\sqrt{2} = 0$ (b) $y - x \pm 4\sqrt{2} = 0$
(c) $y + 4\sqrt{2}x = 0$ (d) $4\sqrt{2}x - y = 0$

69. $3x + 4y - 12 = 0$ সরলরেখাটি অক্ষদ্বয়ের সাথে একটি ত্রিভুজ গঠন করলে- [BB'
(i) ত্রিভুজটির ক্ষেত্রফল 6 বর্গ একক
(ii) ত্রিভুজটি ১ম চতুর্ভাগে অবস্থিত
(iii) অক্ষদ্বয় কর্তৃক রেখাটির খণ্ডিত অংশের পরিমাণ 5 একক
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) ii, iii (c) i, iii (d) i, ii, i

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:
$2x + 2y - \sqrt{5} = 0$ একটি সরলরেখার সমীকরণ।

70. উদ্দীপকের সরলরেখাটি দ্বারা স্থানাঙ্কের অক্ষদ্বয়ের সহিত উৎপন্ন ত্রিভুজের ক্ষেত্রফল নিচের কোনটি? [BB
(a) $\frac{5}{8}$ বর্গ একক (b) $\frac{5}{4}$ বর্গ একক
(c) $\frac{5}{2}$ বর্গ একক (d) $4\sqrt{5}$ বর্গ একক

71. $\frac{x}{5} + \frac{y}{6} = 1$ রেখাটি অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ উৎপন্ন করে ক্ষেত্রফল কত? [JB
(a) 5 বর্গ একক (b) 6 বর্গ একক
(c) 15 বর্গ একক (d) 30 বর্গ একক

MCQ উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

62. a	63. a	64. a	65. b	66. a	67. b	68. a	69. d	70. a	71. c

62. (i) ঢাল $= -\frac{2}{-3} = \frac{2}{3}$; (ii) $y = 0$ হলে $x = \frac{1}{2} \therefore$ x অক্ষের ছেদবিন্দু $\left(\frac{1}{2}, 0\right)$
(iii) সমান্তরাল রেখা $2x - 3y + k = 0 \therefore$ (i) ও (ii) সঠিক

63. (i) $m = -\frac{3}{-4} = \frac{3}{4}$; (ii) $x = 0$ হলে, $y = \frac{k}{4}$; (iii) $y = 0$ হলে, $x = -\frac{k}{3}$
$\therefore$ x অক্ষের ছেদবিন্দু $\left(-\frac{k}{3}, 0\right) \therefore$ (i) ও (ii) সঠিক

64. এখানে, $\frac{3}{2} \times \left(-\frac{\lambda}{3}\right) = -1 \Rightarrow \lambda = 2$

65. $px + qy = pq \Rightarrow \frac{x}{q} + \frac{y}{p} = 1$

66. ঢাল, $m = \tan(90° + 30°) = -\cot 30° = -\sqrt{3}$



67. $x\cos 120° + y\sin 120° = OP$
$\Rightarrow -\frac{x}{2} + \frac{\sqrt{3}y}{2} = 2 \Rightarrow x - \sqrt{3}y + 4 = 0$

69. $3x + 4y = 12 \Rightarrow \frac{x}{4} + \frac{y}{3} = 1$
$\therefore$ ত্রিভুজটি ১ম চতুর্ভাগে অবস্থিত
অক্ষদ্বয়ের মধ্যবর্তী খণ্ডিতাংশ $= \sqrt{3^2 + 4^2} = 5$ একক
$\therefore$ ত্রিভুজের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times 3 \times 4 = 6$ বর্গ একক।
$\therefore$ (i), (ii) ও (iii) সঠিক

70. $2x + 2y = \sqrt{5} \Rightarrow \frac{x}{\frac{\sqrt{5}}{2}} + \frac{y}{\frac{\sqrt{5}}{2}} = 1$
$\therefore$ ক্ষেত্রফল $= \frac{1}{2} \times \left(\frac{\sqrt{5}}{2}\right)^2 = \frac{5}{8}$ বর্গ একক।

71.



$\Delta = \frac{1}{2} \times 5 \times 6 = 15$ বর্গ একক

72. $2x + 3y = 7$ এবং $3ax - 5by + 15 = 0$ সমীকরণ দুটি একই সরলরেখা প্রকাশ করলে ধ্রুবক a এর মান কত? [JB'21]
(a) $\frac{10}{7}$ (b) $-\frac{10}{7}$ (c) $\frac{5}{7}$ (d) $-\frac{5}{7}$

73. $x - 3y + 5 = 0$ এবং $2x - 6y + 9 = 0$ রেখাদ্বয়ের ক্ষেত্রে- [JB'21]
(i) রেখাদ্বয় পরস্পর সমান্তরাল (ii) দ্বিতীয় রেখাটির ঢাল $= \frac{1}{3}$
(iii) এদের মধ্যবর্তী দূরত্ব $= \frac{1}{\sqrt{10}}$
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

74. একটি সরলরেখার ঢাল $\frac{2}{3}$ এবং y- অক্ষের খণ্ডিতাংশ -5 হলে, রেখাটির সমীকরণ- [CB'21]
(a) $2x + 3y = 15$ (b) $3x + 2y = 15$
(c) $2x - 3y = 15$ (d) $3x - 2y = 15$

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:
$P(x, y)$, $Q(2, -2)$ এবং $R(0, 4)$ বিন্দুত্রয় একটি ত্রিভুজের শীর্ষবিন্দু।

75. P হতে QR এর উপর মধ্যমার দৈর্ঘ্য $\sqrt{3}$ একক হলে, মধ্যমাটির সমীকরণ নিচের কোনটি? [CB'21]
(a) $x^2 + y^2 + 2x + 2y = 1$ (b) $x^2 + y^2 + 2x - 2y = 1$
(c) $x^2 + y^2 - 2x - 2y = 1$ (d) $x^2 + y^2 - 2x + 2y = 1$

76. (i) QR এর মধ্যবিন্দুর স্থানাঙ্ক $(1, 1)$ [CB'21]
(ii) QR এর সমান্তরাল রেখার ঢাল 3
(iii) QR এর দৈর্ঘ্য $2\sqrt{10}$
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

77. $(1, 2)$ ও $(3, -2)$ বিন্দুগামী রেখার অক্ষ দুটির মধ্যবর্তী খণ্ডিতাংশের দৈর্ঘ্য কত? [CB'21]
(a) $2\sqrt{5}$ (b) $3\sqrt{5}$ (c) $5\sqrt{2}$ (d) $5\sqrt{3}$

78. $x = 3$ এবং $y = \pm x$ সরলরেখাগুলো দ্বারা আবদ্ধ ক্ষেত্রের ক্ষেত্রফল কত বর্গ একক? [Din.B'21]
(a) 3 (b) $\frac{9}{2}$ (c) 6 (d) 9

79. $y = 2x + 3$ এবং $3x - y + 5 = 0$ রেখাদ্বয়ের মধ্যবর্তী সূক্ষ্মকোণ কত? [Din.B'21; BB'19]
(a) $\tan^{-1}\left(-\frac{1}{7}\right)$ (b) $\tan^{-1}\left(\frac{1}{7}\right)$
(c) $-\tan^{-1}\left(\frac{1}{7}\right)$ (d) $\tan^{-1}(7)$

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:
$2x + 5y + 1 = 0$ এবং $-kx - 10y - 3 = 0$ দুইটি সরলরেখার সমীকরণ।

80. রেখাদ্বয় পরস্পর লম্ব হলে k এর মান কত? [Din.B'21]
(a) -4 (b) -3 (c) 21 (d) -25

81. $(1, 0)$ বিন্দুগামী প্রথম রেখার সমান্তরাল রেখার সমীকরণ কোনটি? [Din.B'21]
(a) $2x + 5y - 2 = 0$ (b) $2x + 5y + 2 = 0$
(c) $5x - 2y - 5 = 0$ (d) $5x - 2y + 5 = 0$

82. $ax + by + c = 0$ সমীকরণটি একটি সরলরেখা নির্দেশ করে। [MB'21]
(i) সরলরেখাটির ঢাল $-\frac{a}{b}$
(ii) $c = 0$ হলে সেটি মূলবিন্দুগামী
(iii) অক্ষদ্বয়ের সাথে যে ত্রিভুজ উৎপন্ন করে তার ক্ষেত্রফল $= \frac{1}{2}|ab|$ বর্গ একক
নিচের কোনটি সঠিক?
(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

MCQ উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

72. b	73. a	74. c	75. c	76. b	77. a	78. d	79. b	80. d	81. a	82. a

72. $\frac{2}{3a} = \frac{3}{-5b} = \frac{-7}{15} \Rightarrow a = -\frac{10}{7}$ [১ম ও ৩য় অনুপাত হতে]

73. ১ম রেখার ঢাল $= -\frac{1}{-3} = \frac{1}{3}$
২য় রেখার ঢাল $= -\frac{2}{-6} = \frac{1}{3}$; $2x - 6y + 10 = 0$
$2x - 6y + 9 = 0$
$\therefore d = \frac{|10-9|}{\sqrt{36+4}} = \frac{1}{2\sqrt{10}}$ একক $\therefore$ (i) ও (ii) সঠিক

74. সমীকরণ, $y = \frac{2}{3}x - 5 \Rightarrow 3y = 2x - 15 \Rightarrow 2x - 3y = 15$

75. QR এর মধ্যবিন্দু $\equiv S\left(\frac{2+0}{2}, \frac{-2+4}{2}\right) \equiv (1, 1) \therefore (x-1)^2 + (y-1)^2 = 3$
$\Rightarrow x^2 + y^2 - 2x - 2y = 1$



76. QR এবং এর সমান্তরাল রেখার ঢাল, $m = \frac{4+2}{0-2}$
$= -3$, $QR = \sqrt{(2-0)^2 + (4+2)^2} = 2\sqrt{10}$ একক।

77. $\frac{y-y_1}{y_2-y_1} = \frac{x-x_1}{x_2-x_1} \Rightarrow \frac{y-2}{2+2} = \frac{x-1}{1-3} \Rightarrow \frac{y-2}{4} = \frac{x-1}{-2}$
$\Rightarrow y - 2 = -2x + 2 \Rightarrow 2x + y = 4 \Rightarrow \frac{x}{2} + \frac{y}{4} = 1$
$\therefore$ অক্ষদ্বয়ের মধ্যবর্তী খণ্ডিতাংশের দৈর্ঘ্য $= \sqrt{4^2 + 2^2} = 2\sqrt{5}$ একক।

78.



$\therefore$ ক্ষেত্রফল $= \frac{1}{2} \times 6 \times 3 = 9$ বর্গ একক

79. সরলরেখাদ্বয়ের ঢাল যথাক্রমে 2 এবং 3 সূক্ষ্মকোণ θ হলে, $\tan\theta = \left|\frac{3-2}{1+3\cdot2}\right| = \frac{1}{7}$
$\therefore \theta = \tan^{-1}\left(\frac{1}{7}\right)$

80. শর্তমতে, $a_1a_2 + b_1b_2 = 0 \Rightarrow -2k - 50 = 0 \Rightarrow k = -25$

81. নির্ণেয় রেখাটি: $2x + 5y = 2 \cdot 1 + 5 \cdot 0 \Rightarrow 2x + 5y - 2 = 0$

82. (iii) এর ক্ষেত্রে $ax + by = -c$
$\Rightarrow \frac{x}{-\frac{c}{a}} + \frac{y}{-\frac{c}{b}} = 1 \therefore \Delta = \frac{1}{2}\left|\left(-\frac{c}{a}\right)\left(-\frac{c}{b}\right)\right| = \frac{1}{2} \times \left|\frac{c^2}{ab}\right|$ বর্গ একক

Educationblog24.com

83. $3x - 4y + 3 = 0$ এবং $4x - 3y + 5 = 0$ রেখাদ্বয়ের অন্তর্গত স্থূলকোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ- [MB'21]

(a) $x + y = 2$ (b) $x - y = 2$

(c) $x + y + 2 = 0$ (d) $x - y + 2 = 0$

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:



; OA = 3, OB = 2

84. AB এর সমীকরণ কোনটি? [MB'21]

(a) $2x + 3y = 1$ (b) $2x + 3y = 6$

(c) $2x - 3y = -6$ (d) $2x - 3y = 1$

85. AB এর ঢাল কত? [MB'21]

(a) $-\frac{2}{3}$ (b) $\frac{2}{3}$ (c) $\frac{3}{2}$ (d) $-\frac{3}{2}$

86. $x + by = 1$ এবং $ax + y = 1$ দুই সরলরেখা $(1, 1)$ বিন্দুতে ছেদ করে। a এবং b এর মান কত? [MB'21]

(a) 0, 0 (b) 0, 1 (c) 1, 0 (d) 1, 1

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:



87. মূল বিন্দু থেকে AB এর লম্ব দূরত্ব হলো- [DB'19]

(a) 5 (b) 3 (c) $\frac{12}{5}$ (d) $\frac{12}{25}$

88. $3x + 4y = 12$ সরলরেখাটির লেখচিত্র কোনটি? [Ma

(a) 

(b) 

(c) 

(d) 

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী প্রশ্নের উত্তর দাও:

একটি রেখার সমীকরণ $x + 3y + 3 = 0$.

89. রেখাটি দ্বারা অক্ষদ্বয়ের খণ্ডিতাংশের মধ্যবিন্দুর স্থানাঙ্ক কে [R

(a) $\left(\frac{3}{2}, -\frac{1}{2}\right)$ (b) $\left(-\frac{3}{2}, \frac{1}{2}\right)$ (c) $\left(-\frac{3}{2}, -\frac{1}{2}\right)$ (d)

90. $x - \sqrt{3}y = 7$ সরলরেখার ঢাল কত? [R

(a) $-\sqrt{3}$ (b) $-\frac{1}{\sqrt{3}}$ (c) $\frac{1}{\sqrt{3}}$ (d) $\sqrt{3}$

91. $y = x$ সরলরেখাটি- [S

(i) মূলবিন্দুগামী (ii) ঢাল 1

(iii) উভয় অক্ষের সাথে 45° কোণ উৎপন্ন করে

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii

92. $x + y = 2$ এবং $y - x = 0$ রেখাদ্বয়ের ছেদবিন্দুগামী x-অক্ষের সমান্তরাল রেখার সমীকরণ নিম্নের কোনটি? [BB'19; Ctg

(a) $x = 2$ (b) $y = 2$

(c) $y - 1 = 0$ (d) $x - 1 = 0$

MCQ উত্তরমালা ও ব্যাখ্যামূলক সমাধান

83. c	84. c	85. b	86. a	87. c	88. c	89. c	90. c	91. d	92.

83. $a_1a_2 + b_1b_2 = 12 + 12 = 24 > 0$

∴ স্থূলকোণের সমদ্বিখণ্ডকের সমীকরণ $\frac{3x-4y+3}{\sqrt{25}} = \frac{4x-3y+5}{\sqrt{25}}$

$\Rightarrow 3x - 4y + 3 = 4x - 3y + 5 \Rightarrow x + y + 2 = 0$

84. $\frac{x}{-3} + \frac{y}{2} = 1 \Rightarrow \frac{-2x+3y}{6} = 1$

$\Rightarrow 2x - 3y + 6 = 0 \Rightarrow 2x - 3y = -6$

85. AB এর সমীকরণ $2x - 3y + 6 = 0$ হলে রেখাটির ঢাল,

$m = -\frac{x \text{ এর সহগ}}{y \text{ এর সহগ}} = -\frac{2}{-3} = \frac{2}{3}$

86. $(1, 1)$ বসিয়ে পাই, $1 + b = 1 \Rightarrow b = 0$

এবং $a + 1 = 1 \Rightarrow a = 0$

87. 

$\Delta AOB = \frac{1}{2} \times 4 \times 3$

$\Rightarrow \frac{1}{2} \times 5 \times x = \frac{1}{2} \times 4 \times 3 \therefore x = \frac{12}{5}$

88. $3x + 4y = 12 \Rightarrow \frac{x}{4} + \frac{y}{3} = 1$



89. $\frac{x}{-3} + \frac{y}{-1} = 1$

$\therefore \left(-\frac{3}{2}, -\frac{1}{2}\right)$ হলো মধ্যবিন্দু।

92.

$x + y = 2$

$-x + y = 0$

$(+)\ 2y = 2$

$\therefore y = 1$

x-অক্ষের সমান্তরাল হলে,

$y - 1 = 0$

93. $x - \sqrt{3}y - \sqrt{3} = 0$ সরলরেখাটির- [BB'19]

(i) ঢাল $= \frac{1}{\sqrt{3}}$ (ii) লম্ব রেখার ঢাল $= -\sqrt{3}$

(iii) x- অক্ষের খণ্ডিতাংশ $= \sqrt{3}$ একক

নিচের কোনটি সঠিক?

(a) i, ii (b) i, iii (c) ii, iii (d) i, ii, iii

94. $x = 0, x = 4, y = 2, y = 6$ রেখাগুলো দ্বারা আবদ্ধ এলাকার ক্ষেত্রফল কত বর্গ একক? [JB'19]

(a) 24 (b) 16 (c) 12 (d) 8

নিচের উদ্দীপকের আলোকে পরবর্তী দুইটি প্রশ্নের উত্তর দাও:



AB রেখার সমীকরণ $6x - 4y + 24 = 0$ এবং AP = PB

95. CD রেখার ঢাল কত? [CB'19]

(a) $-\frac{3}{2}$ (b) $\frac{3}{2}$ (c) $-\frac{2}{3}$ (d) $\frac{2}{3}$

96. OP রেখার সমীকরণ কোনটি? [CB'19]

(a) $y = -\frac{2}{3}x$ (b) $y = -\frac{3}{2}x$

(c) $y = \frac{2}{3}x$ (d) $y = \frac{3}{2}x$

97. ABC ত্রিভুজের শীর্ষ বিন্দুগলো A(2, 0), B(5, 0) ও C(5, 4) হলে, ত্রিভুজটির ভরকেন্দ্র কোনটি? [Din.B'19]

(a) $\left(4, \frac{4}{3}\right)$ (b) $\left(\frac{4}{3}, 4\right)$

(c) (6, 2) (d) (2, 6)

98. $x - 2y - 5 = 0$ এবং $2x + 4y - 1 = 0$ দুটি সরলরেখার সমীকরণ। [Din.B'19]

(i) রেখাদ্বয়ের ছেদবিন্দু $\left(\frac{11}{4}, -\frac{9}{8}\right)$

(ii) দ্বিতীয় রেখার ঢাল $-\frac{1}{2}$

(iii) রেখাদ্বয়ের মধ্যবর্তী কোণের পরিমাণ 0°

নিচের কোনটি সঠিক?

